The 2nd October 1875 —Mr William McKinley Clay, B A, Joint Magistrate and Deputy Collector, Rajshahye, is appointed to act temporarily as Magistrate and Collector of that district until Mr Weekes joins

Mr Arthur Weekes, M A, Officiating Magistrate and Collector of Hooghly, is appointed to act as Magistrate and Collector of Rajshahye during the absence, on leave, of Mr W H D'Oyly, or until further orders, from the date on which he may be relieved by Sir William Herschel of his present duties

Sir William James Herschel, Baronet, is appointed to act until further orders as Magistrate and Collector of Hooghly on being relieved by Mr C T Buckland of his present duties as Officiating Commissioner of Burdwan

The 3rd October 1875 —Baboo Borada Kant Moozamdar, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring lands in that district

Mr Richard Herbert Greaves, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Kendraparah division of the Cuttack district, is posted to the sudder station of that district

Mr Henry Arthur Deute[illegible]illips, Assistant Magistrate and Collector, Balasore, is appointed to have charge of the [illegible]draparah division of the Cuttack district

The 4th October 1875 —The services of Mr Robert Douglas Hare, Extra Assistant Commissioner, Manbhoom, are placed at the disposal of the Government of India in the Foreign Department

The 5th October 1875 —Mr Lawrence Barlow Roberts, Deputy Magistrate and Deputy Collector, on settlement work in the Sonthal Pergunnahs, is allowed leave for one month, under Sections 3 and 14, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 31st August 1875

The 6th October 1875 —Mr George Kennedy Webster, C S, reported his departure from India on furlough on the afternoon of the 1st instant

Baboo Kedar Nath Ghose is appointed to be temporarily a Sub-Deputy Collector of the First Grade in the Burdwan Division during the absence, on deputation, of Baboo Koylash Chunder Chatterjee, Sub-Deputy Collector, Midnapore, to act as a Deputy Magistrate and Deputy Collector

The 7th October 1875 —Moulvie Syed Zakir Hossein, Sub-Deputy Collector, Soopool, is allowed leave of absence for one month and 10 days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, from the 4th October 1875, or any subsequent date he may avail himself of it

The 8th October 1875 —Baboo Mohuna Chunder Pal, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Barrpore Division of the 24-Pergunnahs district, is allowed leave for three weeks, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 9th November 1875

[*Government Gazette*, *19th October* 1875]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৯৬১ C ৪ নম্বর।

সাধারণ।—১৮৭৫ সাল ১ অকুটোবর।—রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ওয়ারন হেষ্টিংস ডাইলী সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে অকুটোবর মাসের ৪ তারিখ অবধি এক মাস ২২ দিন ছুটী পাইযাছেন।

১৮৭৫ সাল ২ অকুটোবর।—শ্রীযুত উইকস সাহেব যে পর্য্যন্ত কর্ম্মের ভার গ্রহণ না করেন সেইপর্য্যন্ত রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম মাকিনাল ক্লে সাহেব, বি, এ, কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

হুগলীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর্থর উইকস সাহেব, এম, এ, যে তারিখে শ্রীযুত সর উলিয়ম হারশেল সাহেবের প্রতি স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অর্পণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত ডবলিউ, এচ, ডাইলী সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সর উলিয়ম জেমস হরশেল সাহেব, বারণেট, শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেবের প্রতি বর্দ্ধমানের একটিং কমিশ্যনরের কর্ম্ম অর্পণ করিলে পর, অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ৩ অকুটোবর।—বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার সেই জিলার মধ্যে ভুমি গ্রহণ করণার্থে ১৮৭০ সালের ১০ আইনঅনুসারে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

কটক জিলার অন্তর্গত কেন্দ্রপাড়া মহকুমার কর্ত্তৃপক্ষ একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রিচার্ড হরবর্ট গ্রিবস সাহেব ঐ জিলার সদর মোকামে অবস্থিত হইলেন।

বালেশ্বরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হেনরি আর্থর ডিউটিরস ফিলিপস সাহেব কটক জিলার অন্তর্গত কেন্দ্রপাড়া মহকুমার কর্ত্তৃপক্ষ পদে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ৪ অকুটোবর।—মানভূমের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত রাবর্ট ডগলাস হেয়ার সাহেব ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ৫ অকুটোবর।—সাঁওতাল পরগনার বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত লারেন্স বারলো রাবর্টস সাহেব ১৮৭৫ সালের আগষ্ট মাসের ৩১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ও ১৪ ধারামতে আর এক মাস ছুটী পাইযাছেন।

১৮৭৫ সাল ৬ অকুটোবর।—শ্রীযুত জর্জ কেনেডি ওয়েবস্টর সাহেব সি, এস, নিয়মিত ছুটী লইয়া অকুটোবর মাসের ১ তারিখের পূর্ব্বাহ্ণে ভারতবর্ষহইতে গমন করেন এমত রিপোর্ট করিলেন।

মেদিনীপুরের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র চট্টোপাধ্যায় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হওয়াতে তাহার অনুপস্থানে শ্রীযুত বাবু কেদারনাথ ঘোষ কিয়ৎকালের নিমিত্তে বর্দ্ধমান খণ্ডের প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ৭ অকুটোবর।—সুপুলের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ জাকির হোসেন সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৫ সালের অকুটোবর মাসের ৪ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেণ সেই তারিখ অবধি এক মাস ১০ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৫ সাল ৮ অকুটোবর।—২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর মহকুমার কর্ত্তৃপক্ষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমচন্দ্র পাল সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৫ সালের নবেম্বর মাসের ৯ তারিখ অবধি তিন সপ্তাহ ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ১৯ অকুটোবর।]

EDUCATION —*The 7th October* 1875 —Mr Brojendro Nath De, Assistant Magistrate and Collector, Shahabad, is appointed to be a member of the District School Committee of that place

The 11th October 1875 —Dr W Robson, Officiating Inspector of Schools, Eastern Bengal Circle, is appointed to act in the Second Class of the Bengal Educational Service from the date of Mr Scott's decease

Mr W Griffiths, M A, Assistant Professor, Presidency College, is appointed to act in the Third Class of the Bengal Educational Service from the date of Mr Scott's decease

Mr Alfred Ewbank, M A, Officiating Principal, Dacca College, is promoted to the Third Class of the Bengal Educational Service from the date of Mr Scott's decease

OPIUM —*The 7th October* 1875 —Mr H N Snell, Assistant Sub-Deputy Opium Agent attached to the Benares Agency, is allowed leave of absence from the 22nd October to the 14th November 1875, both days inclusive, under Section 21, Chapter VI of the Civil Leave Code

MEDICAL —*The 3rd October* 1875 —Second Grade Assistant Surgeon Chooney Lall Dass is appointed to the Hospital and Medical School at Cuttack

The services of Assistant Surgeon Benode Behary Ghose, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of the North-Western Provinces

The services of Assistant Surgeon Bhola Nauth Mookurjee, a Supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of India, Public Works Department. This cancels the orders of the 15th September 1875, placing the services of Assistant Surgeon Benode Behary Das at the disposal of that Government

The 5th October 1875 —Surgeon Lewis Richard Dawson is appointed to act as Civil Surgeon of Mymensing during the absence, on leave, of Surgeon Major J C Shaw, or until further orders

The 7th October 1875 —Dr Kristo Dhone Ghose, Civil Medical Officer of Rungpore, is allowed leave of absence for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code

ERRATUM —*The 7th October* 1875,—In the orders of the 22nd September 1875, published in the *Calcutta Gazette* of the 29th idem, appointing certain gentlemen to be members of the District School Committee of Chittagong—

For	*Read* .
Baboo Ishan Chundra Bose,	Baboo Iswar Chander Bose, Head-Master
,, Pran Nath Banerjee, M A,	Mr Pran Nath Banerjee, M A, B L.

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 3rd October 1875 —In continuation of the notification of the 15th June 1875, published in the *Calcutta Gazette* of the 16th idem, Mr Hugh Lloyd Jones, B A, District Superintendent of Police, Dinagepore, is declared to have passed the higher standard of departmental examination in law at the examination held in April 1875 Mr Jones is still liable to pass in vernacular by that standard

H J S COTTON,
Offg Jr. Secy to the Govt of Bengal.

[*Government Gazette*, 19th *October* 1875]

শিক্ষা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৫ সাল ৭ অক্টোবর।—শাহাবাদের অসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বাবু ব্রজেন্দ্রনাথ দে সেই স্থানের জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ১১ অকটোবর।—বঙ্গদেশের পূর্ব্বচক্রের স্কুলসমূহের একটিং ইনস্পেকটর ডাক্তর শ্রীযুত ডবলিউ রবসন সাহেব শ্রীযুত স্কাট সাহেবের মৃত্যুর তারিখ অবধি বঙ্গদেশের শিক্ষা সম্পর্কীয় সরবিসের দ্বিতীয় শ্রেণীতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

প্রেসিডেন্সী কালেজের আসিস্টান্ট অধ্যাপক শ্রীযুত ডাবলিউ গ্রিফিথস সাহেব, এম, এ স্কাট সাহেবের মৃত্যুর তারিখঅবধি বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত সরবিসের তৃতীয় শ্রেণীতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ঢাকা কালেজের একটিং প্রিনসিপল শ্রীযুত আলফ্রেড ইউবাঙ্ক সাহেব, এম, এ, স্কাট সাহেবের মৃত্যুর তারিখ অবধি বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত সরবিসের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

আফীম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৫ সাল ৭ অকটোবর।—বাণারস এজেন্সিতে নিযুক্ত আফীমের আসিস্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এচ, এন স্নেল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৫ সালের অকটোবর মাসের ২২ তারিখ অবধি নবেম্বর মাসের ১৪ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৫ সাল ৩ অকটোবর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত চুনীলাল দাস কটকের হাসপাতালে ও মেডিকল স্কুলে নিযুক্ত হইলেন।

রাজধানীর সুপরনুমিররি আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত বিনোদবিহারী ঘোষ উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

রাজধানীর সুপরনুমিররি আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত ভোলানাথ মুখোপাধ্যায় পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন। ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ১২ তারিখের যে আজ্ঞাক্রমে আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত বিনোদবিহারী ঘোষকে ঐ গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত করা যায় সেই আজ্ঞা রহিত করা গেল।

১৮৭৫ সাল ৫ অকটোবর।—সর্জন মেজর শ্রীযুত জে, সি, শা সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সর্জন শ্রীযুত লুইস রিচার্ড ডাসন সাহেব ময়মনসিংহের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৫ সাল ৭ অকটোবর।—রঙ্গপুরের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত কৃষ্ণধন ঘোষ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৪ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

অশুদ্ধশোধন।—১৮৭৫ সাল ৭ অকটোবর।—অকটোবর মাসের ৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২২ তারিখের যে আজ্ঞাক্রমে কএক ব্যক্তি চট্টগ্রাম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হন তন্মধ্যে

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র বসু এই নামের পরিবর্ত্তে, হেড মাস্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র বসু এই নাম, ও
,, ,, প্রাণনাথ বন্দ্যোপাধ্যায়, এম, এ, এই নামের পরিবর্ত্তে শ্রীযুত বাবু প্রাণ নাথ বন্দ্যোপাধ্যায় এম, এ, ও বি, এল, নাম পাঠ করিতে হইবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৫ সাল ৩ অকটোবর।—১৮৭৫ সালের জুন মাসের ১২ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ২৩ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তদতিরিক্ত এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল। ১৮৭৫ সালের আপ্রিল মাসে যে পরীক্ষা হইয়াছিল সেই পরীক্ষায় দিনাজপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত হিউ লাইড জোনস সাহেব, বি, এ, আইনবিষয়ে কর্ম্মবিভাগীয় পরীক্ষার উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইলেন ইহা প্রকাশ করা গেল। ঐ কষ্টিমতে দেশীয় ভাষায় শ্রীযুত জোনস সাহেবের পরীক্ষা দেওয়ার অপেক্ষা আছে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৫। ১৯ অক্টোবর।]

COMPETITIVE EXAMINATIONS FOR ADMISSION OF CANDIDATES TO THE NATIVE CIVIL SERVICE OF BENGAL

Minute by the Lieutenant-Governor of Bengal, dated the 25th September 1875

THE Resolutions (as noted in the margin) by the Government of Bengal will have shewn that the examinations instituted by my predecessor (Sir George Campbell) for admission to the Native Civil Service on a principle the excellence of which is admitted have resulted in the passing of a large number of candidates The number indeed is very satisfactory, as showing a widespread desire among the educated youths to qualify themselves for public employ, but it proves to be considerably in excess of the number of appointments to which they can be properly and conveniently appointed within any short time Employment has been found for very many of the candidates, but I find from the latest returns that about 155 remain unemployed Although orders have been reiterated to the local authorities to reserve, as far as possible, some employment for these qualified persons, still it is to be feared that some time must elapse before they are all employed It has consequently been notified that no more examinations will be held under the existing rules until further notice Nevertheless, being anxious that there should be no interruption of the general effect of the principle introduced by my predecessor, I have considered whether experience has shewn that any practical improvements could be made in its working It is natural to suppose that, as circumstances develope themselves, progress will be found practicable in advancing the principle towards its legitimate conclusion, the principle being to encourage those who aspire to public employ to qualify themselves by the best and highest kinds of education

Resolution dated the 22nd August 1874
" " the 22nd June 1875

2 In the first place, it is seen that to pass all those candidates who come up to a given standard, without any restriction on the numbers to be passed, will, in the present circumstances of the country, bring virtually on the hands of Government a larger number than can be conveniently provided for It is quite true that the Government has never promised that every one who passes shall be employed, or that absolutely all appointments shall be reserved for those who pass, or that none shall be appointed save these passed candidates On the contrary, the Government has expressly reserved to itself a discretion in these respects And such discretion is, and must be, exercised, inasmuch as there may be many good reasons, besides the winning of a place at an examination, for appointing native gentlemen to the higher grades in the public service Still it seems that passed candidates do for the most part actually entertain expectations that some employment will be found for them And it is better to preclude the possibility of expectations being formed which the Government never absolutely bound itself to entirely fulfil, and perhaps may not be able to fulfil

3 It is therefore indispensable that in future examinations a fixed number of places in the higher and in the lower class of appointments should be prescribed, for which will be passed those candidates who come out first at the examination And for those who are thus passed, employment will be found In other words, the system already begun for passing candidates for the Native Civil Service can be maintained only by the rule of competition for a fixed number of places. Those who thus pass will entertain expectations which will be fulfilled

4 Further, it is understood that the existing rules have had the effect of according more weight than probably was intended to the "Entrance" Examination of the University, and have induced many candidates to regard the passing of that examination as being an end gained, instead of being what it is intended to be—a means to a particular end, namely, the taking of a degree It is not to be supposed that a person who passes the Entrance standard is highly or even well educated For the future, then, no candidate will be allowed to compete for the higher class of appointments, that is appointments of Rs. 100 and upwards, unless he be a graduate, nor for the lower class of appointments, that is appoint-

যাঁহারা বঙ্গদেশের নেটিব সিবিল সরবিসের পদাকাঙ্ক্ষী হন তাঁহাদের গ্রাহ্য হইবার জন্য প্রতিযোগিতা ঘটিত পরীক্ষার কথা।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৭৫ সালের ২৫ সেপ্টেম্বরের অভিলেখন।

১৮৭৪ সালের ২২ আগষ্টের নির্দ্ধারণ পত্র।
১৮৭৫ সালের ২২ জুলাইর ঐ।

বঙ্গদেশের গবর্ণমেন্টের পার্শ্বলিখিত নির্দ্ধারণপত্র দৃষ্টে জানা যাইবে যে, আমার পূর্ব্ব পদধারী শ্রীযুত সর জর্জ কাম্বেল সাহেব নেটিব সিবিল সরবিসে লোকদিগকে গ্রাহ্য করিবার নিমিত্ত যে পরীক্ষার বিধান করিয়াছিলেন, তাহার মূলনিয়মের উৎকৃষ্টতা সকলেই স্বীকার করিলেন, ও বহুসংখ্যক পদাকাঙ্ক্ষী সেই পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। রাজকীয় কার্য্যের নিমিত্ত সুশিক্ষিত যুবকদের যোগ্যতাপ্রাপ্তির প্রয়াস অতি বিস্তৃতরূপে প্রকাশ পাওয়াতে ঐ বহুসংখ্যাই সন্তোষজনক বটে। কিন্তু অতি অধিক সংখ্যাপ্রযুক্ত অল্পকালের মধ্যে এত জনকে উপযুক্তরূপে ও সুবিধামতে নিযুক্ত করা যাইতে পারা গেল না। পদাকাঙ্ক্ষিদের মধ্যে যদিও অনেকে কর্ম্ম পাইয়াছেন তথাপি তাঁহাদের বিষয়ে শেষ যে রিটর্ণ পাওয়া গেল তদ্দৃষ্টে জানিতে পাইলাম যে ন্যূনাধিক ১৫৫ জন এখনও নিযুক্ত হন নাই। স্থানীয় কর্ত্তৃপক্ষেরা সাধ্যমতে এই সুযোগ্য ব্যক্তিদিগকে কোন পদে নিযুক্ত করেন, তাঁহাদের প্রতি বারম্বার এই মর্ম্মের আদেশ করা গেলেও বোধ হয় অনেক দিন গত না হইলে তাঁহাদের সকলের কর্ম্ম পাইবার আশা থাকিতে পারিবে না। এই কারণে যত দিন প্রকারান্তরের বিজ্ঞাপন প্রকাশ না হয়, তত দিন প্রচলিত বিধিমতে আর পরীক্ষা না হওয়ার কথা প্রচার করা গিয়াছিল। তাহা হইলেও, আমার পূর্ব্ব পদধারী সাহেব যে মূল নিয়মের প্রবর্ত্তনা করিয়াছিলেন, তাহার সাধারণ ফল উৎপন্ন হওয়ার বিঘ্ন যেন না হয়, এই বিষয়ে অত্যন্ত সচেষ্ট হওয়াতে কার্য্যানুশীলনদ্বারা সেই বিধানানুযায়ি কার্য্য আরো উৎকৃষ্ট হইতে পারে কি না ইহার বিবেচনা করিলাম। উক্ত মূল নিয়ম এই যে, কোন ব্যক্তি রাজকীয় কর্ম্ম পাইতে চাহিলে অতি উৎকৃষ্ট ও সমুচ্চ প্রকারের বিদ্যানুশীলন দ্বারা তাহার সুযোগ্য হইবার উৎসাহ জন্মে। অতএব ক্রমে২ নানা প্রকারের ভাবগতিকের উদয় হইতে২ যত দিন বৈধ ফল না উৎপন্ন হয়, ততদিন ঐ মূল নিয়মের সফলতা বৃদ্ধির সদুপায় হওয়ার সম্ভাবনা স্বতই হইতে পারে।

২। প্রথমতঃ ইহা দৃষ্ট হইল, যত জনকে উত্তীর্ণ বলিয়া প্রকাশ করিতে হইবে, তাঁহাদের সংখ্যার কোন সীমা নির্দ্দেশ না করিয়া, পদাকাঙ্ক্ষি যত ব্যক্তি বিশেষ কষ্টিমত বিদ্যাপ্রাপ্ত হন দেশের বর্ত্তমান অবস্থায় তত ব্যক্তিকেই গ্রাহ্য করিতে গেলে, যাঁহাদিগকে সুবিধামতে কর্ম্ম দেওয়া যাইতে পারে তাঁহাদের অপেক্ষা অতি অধিক সংখ্যক লোক গবর্ণমেন্টের হাতে পড়িয়া থাকেন। কোন ব্যক্তি উত্তীর্ণ হইলেই যে কর্ম্ম পাইবেন, কিম্বা যাঁহারা উত্তীর্ণ হন কেবল তাঁহাদিগকেই নিযুক্ত করণার্থে সকল পদ নিরূপিত থাকিবে, কিম্বা সেই উত্তীর্ণ কর্ম্মাকাঙ্ক্ষীছাড়া কেহই যে নিযুক্ত হইবেন না, গবর্ণমেন্ট এই মর্ম্মের কোন প্রতিজ্ঞা করেন নাই বটে, বরং এই সকল বিষয়ে গবর্ণমেন্ট স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার অধিকার রাখিয়াছেন। আর সেই বিবেচনামতে কার্য্য করা যাইতেছে, করাও প্রয়োজন, কেননা পরীক্ষাক্রমে উপযুক্ত অবস্থাপ্রাপণ ভিন্ন এদেশীয় মহোদয়দিগকে রাজকীয় কর্ম্মের উচ্চতর নানা শ্রেণীর পদে নিযুক্ত করিবার বিশিষ্ট আরং নানা কারণ থাকিতে পারে। এইরূপ হইলেও পদাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হইলেই কোন কর্ম্মে নিযুক্ত হইবার আশা করিয়া থাকেন। সুতরাং গবর্ণমেন্ট যে আশা সম্যকরূপে পূর্ণ করিতে কখন প্রতিজ্ঞা করেন নাই ও যে আশা পূর্ণ করিতে অক্ষমও হইতে পারেন, এমত আশা জন্মাইবার প্রতিবিধান করাই শ্রেয়।

৩। এই কারণে, ইহার পর পরীক্ষা হইলে, উচ্চতর ও নিম্নতর শ্রেণীর বিশেষ কএকটি পদমাত্র নির্দ্দিষ্ট করিয়া রাখা ও পরীক্ষাকালে যাঁহারা প্রধান বলিয়া উত্তীর্ণ হন তাঁহাদিগকেই সেই২ পদে নিযুক্ত করা আবশ্যক ও যাঁহারা সেইরূপে উত্তীর্ণ হন তাঁহাদিগকেই কর্ম্ম দেওয়া যাইবে। ফলতঃ নেটিব সিবিল সরবিসের পদাকাঙ্ক্ষি ব্যক্তিদের গ্রাহ্য হওনার্থ যে নিয়ম প্রচলিত আছে, নির্দ্দিষ্ট কএকমাত্র স্থানের নিমিত্ত প্রতিযোগী হইয়া পরীক্ষা দেওনের বিধি প্রবল মানিয়া, সেই নিয়ম পালন হইতে পারিবে, তাহাতে যাঁহারা উত্তীর্ণ হন তাঁহাদের কর্ম্ম পাইবার আশা থাকিবে ও সেই আশা পূর্ণ করা যাইবে।

৪। আরো, যে নিয়ম প্রচলিত হইয়াছে তাহার এই ফল জানা গেল, বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যতদূর গুরুতর বলিয়া বোধ হইতে পারে তাহার তদপেক্ষা অধিক গুরুত্ব মানা গেল। ফলতঃ সেই পরীক্ষার যথার্থ উদ্দেশ্য এই যে ছাত্রগণ তাহাতে উৎসাহ পাইয়া উপাধি প্রাপণার্থে আরো যত্নবান হন। কিন্তু তাহা না হইয়া তাঁহারা এইক্ষণে এমত বোধ করিয়া থাকেন যে সেই পরীক্ষায় উত্তীর্ণ হইলেই একেবারে কার্য্য সিদ্ধি হইল। পরন্তু প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইলেও কোন ব্যক্তির উচ্চতর জ্ঞানপ্রাপ্তির কথা দূরে থাকুক তাঁহাকে সুশিক্ষিত বলিয়াও প্রায় জ্ঞান হইতে পারে না। এই সকল বিষয় বিবেচনায় ইহা স্থির করা গেল, কোন ব্যক্তি উচ্চতর শ্রেণীর পদ, অর্থাৎ ১০০ টাকা কি তাহার ঊর্দ্ধ বেতনের পদ, পাইতে চাহিলে, তিনি উপাধি প্রাপ্ত না হইলে সেই পদ পাইবার আশায় পরীক্ষা দিতে

ments of less than Rs 100, unless he shall have passed the First Arts Examination The only exception allowed will be in favor of those who have served Government for six years, if candidates for the first class, and three years, if candidates for the second class

5 Although it is important to open the higher grades of the service to remarkable merit in whatever section of the people it may be found, still it is very desirable also to obtain for these grades young men of the best stamp and the highest tone The presenting of an University degree as a preliminary condition will tend to secure both of the above objects

6 I propose, then, that an examination should be held next February, the same month as in previous years, and in the same subjects, for four places in the first class of appointments, and for seven places in the second class of appointments The places will be awarded to the candidates according to priority in the examination, provided that none be passed for the higher standard unless he obtains at least two-thirds, or for the lower standard unless he obtains at least half, of the total number of obtainable marks upon the whole examination Those who have already passed the previous examination for the Native Civil Service in the first class will be admitted to the competition for the first class without further certificate But those previously passed for the second class only cannot compete for the first class unless they shall have taken an University degree, or have served Government for six years under the rules

7 To the persons thus passed at the competitive examination, a general expectation will be afforded of employment within a reasonable time in the class of appointments for which each has passed, though no guarantee can be given of any particular appointment, or an appointment in a particular grade in that class, within a given time For instance, a person who wins a place in the higher class of appointments will be appointed sooner or later to at least a sub-deputyship on Rs 100 a month But it does not at all follow that he will be appointed a Deputy Magistrate and Deputy Collector, he may or may not be so appointed, that will depend on the pleasure of Government

8 The subjects for the examination will remain the same as those prescribed in October 1873 (by the Government letter No 299E), as they are found by experience to be both suitable and practical, giving due weight to botany, chemistry, engineering, and surveying—the very branches to which our high education ought to be more and more directed, including also those professional and official subjects in which our native officers require training The rules also which relate to riding, walking, and gymnastics are entirely retained, as they are proved to have been useful in attracting attention to the benefit of bodily exercise, as well as mental culture

9 These orders will render necessary some modifications in the existing rules, chiefly by way of omission of various clauses issued with the Government letter No 299E of the 10th October 1873 A revised edition of the rules has been accordingly prepared

RICHARD TEMPLE

NATIVE CIVIL SERVICE EXAMINATIONS AND CIVIL SERVICE CLASSES

[Rules to come into force after the examination of 1875]

INTRODUCTORY

Now that there have been held four annual examinations for the Native Civil Service and that a fifth examination is to take place in February 1876, the Lieutenant-Governor wishes to place the Native Civil Service examinations on a permanent footing

2 All appointments in the Subordinate Executive Service, and all posts of Rs 50 monthly salary and upwards in the sub-divisional establishments, both in Regulation and Non-Regulation Provinces, will ordinarily be reserved for persons who are passed at the Native Civil Service examination under the conditions specified in the subsequent paragraph 7 of these rules. Candidates for the gazetted appointments in the Police and Opium Departments will not be admitted to the examination save under a special certificate, which can only be granted under the orders of the Lieutenant-Governor Lists of candidates passed under the subsequent paragraph 7 of these rules will be published in the *Gazette*.

[*Government Gazette*, 19*th October* 1875]

পাইবেন না, এবং নিম্নতর শ্রেণীর অর্থাৎ ১০০ টাকার কম বেতনের কোন পদ পাইবার আকাঙ্ক্ষী হইলে, ফাষ্ট আর্ট পরীক্ষায় উত্তীর্ণ না হইলে তিনি সেই পদ পাইবার আশায় পরীক্ষা দিতে পারিবেন না। পরন্তু যাঁহারা ছয় বৎসর গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়া উচ্চশ্রেণীর পদাকাঙ্ক্ষী হন, ও তিন বৎসর কর্ম্ম করিয়া দ্বিতীয় শ্রেণীর পদাকাঙ্ক্ষী হন, তাঁহাদের প্রতি এই বিধি বর্ত্তিবে না।

৫। যে জাতীয় লোক হউন বিশেষ গুণ সম্পন্ন হইলে রাজকীয় উচ্চ২ শ্রেণীর পদে তাঁহাদিগকেই নিযুক্ত করা উচিত, তথাপি উত্তম জাতীয় সুশীল সম্ভ্রান্ত ব্যক্তিদিগকে সেই২ পদে নিযুক্ত করা অত্যন্ত বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়ের উপাধি না পাইলে সেই পদ পাইতে না পারিবার বিধান করা গেলে উক্ত উভয় উদ্দেশ্য সফল হইবার সম্ভাবনা।

৬। অতএব আমার প্রস্তাব এই। প্রতিবৎসর যে মাসে যে২ বিষয়ে পরীক্ষা হইয়া থাকে আগামি বৎসরের সেই ফেব্রুয়ারি মাসে উচ্চতর শ্রেণীর চারিটি পদের ও নিম্নতর শ্রেণীর সাতটি পদের নিমিত্ত সেই২ বিষয়ের পরীক্ষা হইবে। পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যাঁহারা প্রাধান্য প্রাপ্ত হন তাঁহাদিগকেই কর্ম্ম দেওয়া যাইবে। পরন্তু পরীক্ষায় মোটে যত অঙ্ক পাত হয়, যাঁহাদের নামে ন্যূনকল্পে তিন অংশের দুই অংশ অঙ্ক না পড়ে তাঁহারা উচ্চতর কল্পিমত পরীক্ষোত্তীর্ণ বলিয়া, ও অর্দ্ধেক সংখ্যার অঙ্ক না পড়িলে নিম্নতর কল্পিমতে পরীক্ষোত্তীর্ণ বলিয়া জ্ঞান হইবেন না। নেটিব সিবিল সরবিসের নিমিত্ত পূর্ব্বে পরীক্ষায় যাঁহারা প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন নূতন সর্টিফিকট না পাইলেও তাঁহাদের প্রথম শ্রেণীর পরীক্ষা দিবার অনুমতি হইবে। কিন্তু পূর্ব্বে যাঁহারা দ্বিতীয় শ্রেণীর নিমিত্ত উত্তীর্ণ হইলেন, তাঁহারা বিশ্ববিদ্যালয়ের উপাধি প্রাপ্ত না হইলে, কিম্বা বিধিমতে ছয় বৎসর গবর্ণমেণ্টের অধীনে কর্ম্ম না করিলে, প্রথম শ্রেণীর নিমিত্ত পরীক্ষা দিতে পারিবেন না।

৭। প্রতিযোগিতা ঘটিত পরীক্ষায় যে ব্যক্তিরা উত্তীর্ণ হন, তাঁহাদের এই একটি সাধারণ আশা থাকিবে যে যাঁহারা যে শ্রেণীর পদের উপলক্ষে উত্তীর্ণ হইলেন সঙ্গত কালের মধ্যে তাঁহাদিগকে সেই শ্রেণীর পদ দেওয়া যাইবে। কিন্তু নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উক্ত শ্রেণীর কোন বিশেষ পদে যে নিযুক্ত করা যাইবে, কিম্বা বিশেষ সম্প্রদায়ের কোন পদে যে নিযুক্ত করা যাইবে, এমত কোন প্রতিজ্ঞা করা গেল না। যথা, কোন ব্যক্তি উচ্চ শ্রেণীর পদে নিযুক্ত হইবার যোগ্য হইলে, ন্যূনাধিক সময়ান্তরে তাঁহাকে মাসে ন্যূনকল্পে ১০০ টাকা বেতনের সব-ডেপুটী পদে নিযুক্ত করা যাইবে, কিন্তু ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্তই হইবেন এমত নয়, নিযুক্ত হইতে বা নাও হইতে পারিবেন, তাহা গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীন।

৮। গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের অক্টোবর মাসের ২৯৯ E পত্রে যে২ বিষয়ে পরীক্ষা দেওনের বিধান হইল, তাহা নির্দ্ধারিত থাকিবে। যেহেতুক ঐ বিধিতে উদ্ভিদ্বিদ্যা ও কিমীয় ও স্থপতি ও জরিপী বিদ্যা উপযুক্ত রূপে লক্ষিত হওয়াতে অনুশীলনদ্বারা তাহা অতি উপযুক্ত এবং কার্য্যপক্ষে ফলজনক দৃষ্ট হইল। উচ্চতর শিক্ষার মধ্যে সেই২ বিদ্যা ক্রমশঃ অধিক শিক্ষা করাই উচিত, আর এদেশীয় কর্ম্মকারকদের আপন২ পদ ও রাজকার্য্য কর্ম্ম সংক্রান্ত অন্য যে২ বিষয়ের শিক্ষা পাওয়া প্রয়োজন, তাহাও ইহার মধ্যে ধরা যাইবে। অশ্বারোহণ ও পদব্রজে গমন ও ব্যায়াম বিদ্যা শিক্ষা করণেতে শরীরের অঙ্গ চালনের ও মানসিক শক্তিবৃদ্ধির প্রতি মনোযোগ জন্মে বলিয়া, তত্তদ্বিষয়ের সকল বিধি নির্দ্ধারিত থাকিবে।

৯। এই২ আজ্ঞাপ্রযুক্ত এইক্ষণকার প্রচলিত বিধির কোন২ অংশ পরিবর্ত্তন করা প্রয়োজন। বিশেষতঃ গবর্ণমেণ্টের ১৮৭১ সালের ১০ আক্টোবরের পত্র সহিত প্রচারিত নানা প্রকরণ ত্যাগ করিতে হইল। এই কারণে ঐ বিধি সংশোধন করিয়া প্রচার করা যাইতেছে।

রিচার্ড টেম্পেল।

নেটিব সিবিল সরবিসের পরীক্ষা ও সিবিল সরবিসের নানা শ্রেণী বিষয়ক বিধি।

[১৮৭৫ সালের পরীক্ষার পরে এই২ বিধি প্রচলিত হইবে।]

পারিভাষিক কথা।

চারি বৎসর নেটিব সিবিল সরবিসের পরীক্ষা হইয়া গেল। ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসে পঞ্চম বার পরিক্ষা হইবে বিবেচনায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নেটিব সিবিল সরবিসের পরীক্ষার স্থায়ি বিধি অবধারণ করিতে ইচ্ছা করিলেন।

২। যাঁহারা নেটিব সিবিল সরবিসের পরীক্ষায় উত্তীর্ণ হন, সচরাচর সবর্ডিনেট একসেকিটিব সরবিসের সকল পদ, এবং আইনের অধীন ও আইন বহির্ভূত দেশের নানা মহকুমার সিরিস্তায় মাসে ৫০ টাকা ও তাহার উর্দ্ধ বেতনের সকল পদ, তাঁহাদিগকেই দেওয়া যাইবে। এই বিধির ৭ ধারায় যে২ নিয়ম নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা সেই২ নিয়ম মতে ঐ২ পদ পাইবেন। পোলীসের ও আফীমের কর্ম্ম বিভাগের যে২ পদে নিযুক্ত হইলে নিয়োজিত ব্যক্তিদের নাম গেজেটে প্রকাশ করা যায়, যাঁহারা সেই২ পদ পাইতে ইচ্ছা করেন, বিশেষ সর্টিফিকট না পাইলে তাঁহাদিগকে পরীক্ষা দেওনের অনুমতি হইবে না। ঐ সর্টিফিকট কেবল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞামতে দেওয়া যাইতে পারিবে। যে পদাকাঙ্ক্ষিরা এই বিধির ৭ ধারামতে উত্তীর্ণ হন গেজেটে তাঁহাদের নাম নির্ঘণ্ট প্রকাশ করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ১৯ অক্টোবর।]

ELIGIBILITY AND PRELIMINARIES TO THE EXAMINATION.

Admissible to examination

3 All candidates eligible for appointments under rules 5 and 6 (below), who satisfy the preliminary requirements, will be admitted to the Native Civil Service examination

4. The preliminary requirements which all candidates must satisfy are—

(a) Certificate of Character

A certificate will be required from every candidate of his character, respectability, and general moral fitness, such certificate being signed by two gentlemen of his own nationality, resident in the district of which he is a native, or where he usually resides, and also signed by the Judge or Magistrate of such district The certificate of the two firstnamed is expected to be based upon personal knowledge, and the certificate of the Judge or Magistrate to indicate that the gentlemen who have signed it are qualified by their position and character to give such a certificate, and that the Judge or Magistrate himself knows nothing to the prejudice of the candidate In the case of the town of Calcutta, instead of the signature of the Judge or Magistrate, the certificate should bear that of any Judge of the High Court, or the Commissioner of Police, or the Commissioner of the Presidency Division

(b) Certificate of Sound Health

Each candidate will be required to produce a certificate from a Government medical officer, stating that the candidate is generally a man of sound health, that he has expressed his willingness to serve in any district of the Lower Provinces, and that he (the medical officer) believes him to be capable of doing so, so far as can be judged antecedently

(c) Certificate of ability to Ride or Walk

Every candidate for the higher appointments will also be required to prove that he can ride, and for this purpose he may apply to the Magistrate of the district, who will either satisfy himself on the point, or select some other person he thinks competent for that purpose The examiner must satisfy himself from his own personal observation that the candidate can ride not less than 12 miles at a rapid pace, and is in this respect competent for all practical purposes of district work, and if such examiner be not the Magistrate himself, the certificate must be countersigned by the Magistrate

All the candidates who have not been locally examined, will be required to appear before some person in Calcutta who will be selected for the purpose

Every candidate for an appointment of less than Rs 100 will be required to prove either that he can ride as above, or that he can walk twelve miles within 3½ hours without difficulty or prostration, to be certified in the same manner as the riding

Persons eligible for all appointments

5 The following persons will be eligible for the examination for the Native Civil Service in all appointments —

(a) Persons who have served Government for six years, and have held, for not less than two years, a responsible permanent appointment, above that of copyist, with a salary not less than Rs 50 in one of the civil departments of the Government service, and can produce a sufficient certificate of ability, good conduct, and fitness for promotion from their official superiors

(b) Persons who have taken an University degree in Arts, Law, Medicine, or Engineering

(c) Persons who may be specially declared eligible for all appointments by a certificate under the hand of a Secretary to Government

Persons eligible for appointments of less than Rs 100 per mensem

6 The following persons will be eligible for the examination for the Native Civil Service in appointments of less than Rs 100 per mensem —

(a) Persons who have served Government with credit and efficiency for not less than three years, whose thorough facility in the use of the vernacular is certified, and who pass a preliminary examination in English

[*Government Gazette, 19th October* 1875]

পরীক্ষা দেওনার্থ যোগ্যতার কথা ও পরীক্ষার প্রথমস্থলীয় কার্য্যের কথা।

পরীক্ষা দেওনের অনুমতির কথা।

৩। পদাকাঙ্ক্ষি যে সকল ব্যক্তি নিম্নলিখিত ৫ ও ৬ ধারামতে পদে নিযুক্ত হওনার্থে মনোনীত হইতে পারেন, তাঁহারা প্রথম স্থলীয় বিধিমতে কার্য্য করিলে নেটিব সিবিল সরবিসের পরীক্ষা দিতে অনুমতি পাইবেন।

৪। প্রথম স্থলীয় যে২ বিধিমতে কার্য্য করিতে হইবে তাহা এই২।

(ক) সচ্চরিত্রের সর্টিফিকটের কথা।

পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির সদাচারিতার ও ভদ্রতার ও নীতিপক্ষে সাধারণ যোগ্যতার সর্টিফিকট দিতে হইবে। তিনি যে প্রদেশের লোক হন কি যে প্রদেশে বাস করেন সেই সর্টিফিকটে তথাকার স্বদেশীয় দুই জন সম্ভ্রান্ত ব্যক্তির এবং জিলার জজ কি মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষর থাকিবে। প্রথমোক্ত দুই ব্যক্তি যে সর্টিফিকট দেন তাহা যেন তাঁহারা নিজে ঐ ব্যক্তির পরিচয় জানিয়া দেন, ইহার অপেক্ষা থাকিবে। এবং জজ কি মাজিষ্ট্রেট সাহেব যে সর্টিফিকট দেন তন্মধ্যে পূর্ব্বোক্ত যে দুই ব্যক্তি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিয়াছেন তাঁহাদের অবস্থা ও সুখ্যাতি বিবেচনায় তাঁহারা তদ্রূপ সর্টিফিকট দিবার যোগ্য ব্যক্তি ও জজ কি মাজিষ্ট্রেট সাহেব ঐ পদকাঙ্ক্ষির বিপক্ষ কিছুই জানেন না, এই মর্ম্মাত্মক কথা থাকিবে। কলিকাতায় হইলে জজ কি মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষরের পরিবর্ত্তে ঐ সর্টিফিকটে হাই কোর্টের অন্যতর জজের কিম্বা পোলীস কমিশ্যনর সাহেবের কি প্রেসিডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বাক্ষর থাকিবে।

(খ) স্বাস্থ্যের সর্টিফিকট।

পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির গবর্ণমেণ্টের কোন চিকিৎসকের সর্টিফিকট দেখাইতে হইবে। ঐ পদাকাঙ্ক্ষি সাধারণমতে সুস্থশরীর, ও বঙ্গ প্রভৃতি দেশের যে কোন জিলায় হউক তিনি সেই জিলায় কর্ম্ম করিতে স্বীকার করিয়াছেন, ও অগ্রে যত দূর বিবেচনা হইতে পারে তত দূর আমি তাঁহাকে তদ্রূপ কর্ম্ম করিবার উপযুক্ত জ্ঞান করি, তাঁহার সর্টিফিকটের এই মর্ম্ম হইবে।

(গ) ঘোড়ায় চড়িয়া কি হাঁটিয়া যাইতে পারিবার সর্টিফিকটের কথা।

উচ্চ শ্রেণীর মান্য পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি ঘোড়ায় চড়িতে পারেন ইহারও প্রমাণ দিতে হইবে। এতদর্থে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন, তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আপনি দেখিয়া সেই বিষয় স্বচক্ষেমতে জানিয়া লইবেন, অথবা অন্য যে ব্যক্তিকে সক্ষম জ্ঞান করেন তাঁহাকে সেই বিষয় দেখিয়া জানিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন। যে ব্যক্তি পরীক্ষা লন তিনি আপনি দেখিয়া স্বচক্ষেমতে জানিবেন যে, পদাকাঙ্ক্ষী ঘোড়ায় চড়িয়া অতিবেগে ১২ মাইলের অন্যূন যাইতে পারেন, ও এতৎপক্ষে জিলাসংক্রান্ত যত কর্ম্মের আবশ্যক ইনি সেই সকল কর্ম্মের উপযুক্ত। মাজিষ্ট্রেট সাহেব নিজে পরীক্ষা না করিলে, সেই সর্টিফিকটে তাঁহার ক্রোড স্বাক্ষর করিতে হইবে।

স্থানবিশেষে পদাকাঙ্ক্ষির সেই প্রকারের পরীক্ষা না হইলে, কলিকাতায় পরীক্ষা করিবার জন্যে যে ব্যক্তি মনোনীত হন তাঁহার সম্মুখে ঐ পদাকাঙ্ক্ষির উপস্থিত হইতে হইবে।

যাঁহারা ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষী, তাঁহারা পূর্ব্বোক্তমতে ঘোড়ায় চড়িতে পারেন, কিম্বা ৩৷৷ ঘণ্টার মধ্যে অক্লেশে ও শ্রান্ত না হইয়া ১২ মাইল হাঁটিয়া যাইতে পারেন, ইহার প্রমাণ দিতে হইবে। ঘোড়ায় চড়িতে পারিবার সর্টিফিকট যে প্রকারে পাওয়া যায় হাঁটিয়া যাইতে পারিবার সর্টিফিকটও সেই প্রকারে পাইতে হইবে।

যাঁহারা কোন পদেই মনোনীত হইতে পারেন তাঁহাদের কথা।

৫। নিম্নলিখিত ব্যক্তিরা নেটিব সিবিল সরবিসের কোন এক পদে নিযুক্ত হওনার্থে পরীক্ষায় উপস্থিত হইতে পারিবেন।

(ক) যাঁহারা ছয় বৎসর গবর্ণমেণ্টের নিকট কর্ম্ম করিয়া, তাহার মধ্যে দুই বৎসরের অন্যূন কাল গবর্ণমেণ্টের কার্য্যের সিবিল কোন কর্ম্মবিভাগে ৫০ টাকার অন্যূন বেতন ভোগী হইয়া, নকলনবীস হইতে উচ্চ ও দায়ঘটিত কোন পদে স্থায়ীমতে কর্ম্ম করিয়া, আপনাদের উপরিস্থ কর্ম্মকারকদের নিকট কর্ম্মদক্ষতার ও সচ্চরিত্রের ও উচ্চ পদ পাইবার যোগ্যতার উপযুক্ত সর্টিফিকট দেখাইতে পারেন তাঁহারা।

(খ) যাঁহারা আর্ট কি ল কি চিকিৎসা কি স্থপতি বিদ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাধি পাইয়াছেন।

(গ) যাঁহারা গবর্ণমেণ্টের অন্যতর সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে কোন পদেই নিযুক্ত হইবার যোগ্য বলিয়া বিশেষমতে প্রকাশ হন তাঁহারা।

যাঁহারা মাসে ১০০ টাকার কম বেতনের পদে নিযুক্ত হইতে পারিবেন তাঁহাদের কথা।

৬। নিম্নলিখিত ব্যক্তিরা নেটিব সিবিল সরবিসের মাসিক ১০০ টাকার কম বেতনের পদে নিযুক্ত হইবার আশায় পরীক্ষা দেওনের অনুমতি পাইতে পারিবেন।

(ক) যাঁহারা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগীরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন ও দেশীয় ভাষায় অনায়াসে কথাবার্ত্তা কহিবার সর্টিফিকট পান ও ইঙ্গরেজী ভাষার প্রথম পরীক্ষার উত্তীর্ণ হন তাঁহারা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ১৯ অক্টোবর।]

(b) Persons who have passed the First Arts Examination

(c) Persons who may have been specially declared eligible for appointments of the lower grade by a certificate under the hand of a Secretary to Government

7 The number of places which will be offered for competition in appointments of the higher and lower class respectively will be annually notified in the *Gazette* three months before the date of the examination. Appointments in the higher class are those of Rs 100 and upwards, and in the lower class, those of less than Rs 100 The places in each of the two classes will be awarded to the candidates according to priority in the examination provided that none be passed for the higher class unless he obtains at least two-thirds, or for the lower class unless he obtains at least one half, of the total number of obtainable marks upon the whole examination Candidates must declare whether they desire to compete for the higher or the lower class, and a candidate for a place in the higher class will not be eligible at that examination for a place in the lower class To the persons thus passed at the competitive examination a general expectation will be afforded of employment within a reasonable time in the class of appointments for which each has passed, though no guarantee can be given of any particular appointment, or an appointment in a particular grade in that class, within a given time For instance, a person who wins a place in the higher class of appointments will be appointed sooner or later to at least a sub deputyship on Rs 100 a month But it does not at all follow that he will be appointed a Deputy Magistrate and Collector, he may or may not be so appointed, that will depend on the pleasure of Government

8 Candidates will be examined in the following subjects —

The Vernacular	Drawing
Chemistry	Engineering
Botany	Surveying
Law	Gymnastics

9 Applications for admission to the Native Civil Service examination may be made—

(a) By persons who attend Civil Service classes to the Principal of the College where the classes may be held

(b) By persons who have not attended Civil Service classes to the Magistrate of any one of the following districts —

Alipore, 24-Pergunnahs,	Berhampore,	Burrisaul, Backergunge,	Durbhunga,
Kishnagurh, Nuddea,	Dinagepore,	Mymensing,	Mozufferpore,
Jessore,	Rajshahye,	Chittagong,	Chuprah, Sarun,
Burdwan,	Rungpore,	Comillah, Tipperah,	Bhagulpore,
Hooghly,	Julpigoree,	Patna,	Purneah,
Midnapore,	Dacca,	Gya,	Cuttack,
	Furreedpore,	Arrah,	Ranchee,

where the medical officers will also examine candidates and grant certificates of sound health

10 Every candidate, when submitting his application for admission to examination must at the same time tender a fee for each subject in which he has to be examined, computed according to the scale given below, if he is a candidate for the higher class of appointments —

Fees

	Rs
Elementary English examination for European non-graduate candidates	8
Law	8
Surveying and engineering	8
Each vernacular	4
Medical examination	4
Riding or walking examination	4
Botany	4
Chemistry	4

Candidates for appointments of less than Rs 100 per mensem will pay fees at half the above rates

[*Government Gazette*, 19*th October* 1875]

(খ) যাঁহারা ফার্স্ট আর্টস পরীক্ষায় উত্তীর্ণ হইলেন তাঁহারা।

(গ) গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকট ক্রমে যাঁহাদিগকে নিম্ন-শ্রেণীর পদে মনোনীত হইবার যোগ্য বলিয়া বিশেষমতে প্রকাশ করা গেল তাঁহারা।

৭। উচ্চতর ও নিম্নতর শ্রেণীর যত পদ পাইবার নিমিত্ত প্রতিযোগীরা পরীক্ষা দিতে পারিবেন, তাহার সংখ্যা বৎসরং পরীক্ষার তারিখের পূর্ব্বে তিন মাস থাকিতে গেজেটে প্রকাশ যাইবে। যে পদের ১০০ টাকা ও তাহার ঊর্দ্ধ বেতন হয় তাহাকে উচ্চতর শ্রেণীর, ও যেং পদের ১০০ টাকার কম বেতন হয় তাঁহাকে নিম্নশ্রেণীর পদ বলিয়া জানিতে হইবে। পরীক্ষায় যে পদাকাঙ্ক্ষিরা প্রাধান্য প্রাপ্ত হন তাঁহা-দিগকেই এই দুই শ্রেণীর অন্তর্গত উক্ত কোন না কোন পদে নিযুক্ত করা যাইবে। পরন্তু মোটে যত অঙ্কপাত হইতে পারে তন্মধ্যে যাঁহার নামে ন্যূনকল্পে তিন অংশের দুই অংশ না পড়ে তাঁহাকে উচ্চ শ্রেণীর নিমিত্ত, ও যাঁহার নামে ন্যূনকল্পে অর্দ্ধেক অঙ্ক না পড়ে তাঁহাকে নিম্নশ্রেণীর নিমিত্ত, উত্তীর্ণ বলিয়া জানা যাইবে না। পদাকাঙ্ক্ষিরা উচ্চ না নিম্ন শ্রেণীর নিমিত্ত পরীক্ষা দিতে চাহেন, ইহা তাঁহাদের পূর্ব্বে জানাইতে হইবে। সেই পরীক্ষায় যিনি উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষী হন, তাঁহাকে নিম্ন শ্রেণীর পদে মনোনীত করা যাইবে না। সেই প্রতিযোগিতার পরীক্ষায় যে ব্যক্তি যে শ্রেণীর পদের নিমিত্ত উত্তীর্ণ হইলেন, সঙ্গত কালের মধ্যে তাঁহার সেই শ্রেণীর পদ পাইবার সাধারণ আশা থাকিতে পারিবে। কিন্তু নির্দ্ধারিত কোন সময়ের মধ্যে তাঁহাকে ঐ শ্রেণীর কোন বিশেষ পদে, কিম্বা ঐ শ্রেণীর কোন বিশেষ সম্প্রদায়ের পদে যে নিযুক্ত করা যাবেই, এমত কোন প্রতিজ্ঞা করা যাইতেছে না। যথা, কোন ব্যক্তি উচ্চ শ্রেণীর পদের পরীক্ষায় উত্তীর্ণ হইলে, তাঁহাকে ন্যূনাধিক কালের মধ্যে ন্যূনকল্পে মাসে ১০০ টাকা বেতনের সব-ডেপুটীর পদে নিযুক্ত করা যাইবে। কিন্তু তিনি যে ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইবেন এমত জানিবেন না। হইতে পারিবেন, বা নাও হইতে পারিবেন। তাহা গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীন।

৮। পদাকাঙ্ক্ষিদের এইং বিষয়ে পরীক্ষা দিতে হইবে।

দেশীয়ভাষা।	চিত্রবিদ্যা।
কিমীয় বিদ্যা।	স্থপতিবিদ্যা।
উদ্ভিদ্বিদ্যা।	জরিপী বিদ্যা।
আইন।	ব্যায়াম বিদ্যা।

৯। মেটির সিবিল সরবিসের পরীক্ষা দেওনের অনুমতি পাইবার প্রার্থনা এইং ব্যক্তিদের নিকট পাঠাইতে হইবে,—

(ক) যাঁহারা সিবিল সরবিসের ক্লাসে গিয়া শিক্ষা করিয়া থাকেন, ঐ ক্লাস যে কালেজে আছে সেই কালেজের প্রিনসিপল সাহেবের নিকট।

(খ) যাঁহারা সিবিল সরবিসের কোন ক্লাসে না গিয়া থাকেন, তাঁহারা নিম্নলিখিত কোন এক জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ পত্র পাঠাইবেন।

চব্বিশ পরগনার, আলিপুর।	বহরমপুর।	বাকরগঞ্জের, বরিশাল	দ্বারভাঙ্গা।
	দিনাজপুর।	ময়মনসিংহ।	মজফরপুর।
নদীয়ার, কৃষ্ণনগর।	রাজশাহী	চট্টগ্রাম।	সারণের, ছাপরা।
যশোহর।	রঙ্গপুর।	ত্রিপুরার, কমিল্লা।	ভাগলপুর।
বর্দ্ধমান।	জলপাইগুড়ী	পাটনা।	পুরনিয়া।
হুগলী।	ঢাকা।	গয়া।	কটক।
মেদিনীপুর।	ফরিদপুর।	আরা।	বাঞ্চী।

সেইং স্থানেও চিকিৎসকেরা পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা করিয়া তাঁহাদের শারীরিক স্বাস্থ্যের সর্টিফিকট দিবেন।

১০। পদাকাঙ্ক্ষী পরীক্ষা দিবার অনুমতি পাইবার প্রার্থনাপত্র দেওন সময়ে, উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষী হইলে, যেং বিষয়ে পরীক্ষা দিতে চাহেন সেইং বিষয়ের নিমিত্ত, নিম্নলিখিত হারে তাঁহার ফী দিতে হইবে।

ফীর কথা।

ইউরোপীয় যে পদাকাঙ্ক্ষীরা কালেজের উপাধি প্রাপ্ত না হন তাঁহাদের ইঙ্গলণ্ডীয়

ভাষায় উপক্রমণিক পরীক্ষার	৮৲
আইন · ·	৮৲
ভূমিপরিমাণ ও স্থপতি বিদ্যার ·	৮৲
দেশীয় প্রত্যেক ভাষার	৪৲
চিকিৎসকের পরীক্ষার নিমিত্ত	৪৲
অশ্বারোহণের কি হাঁটিবার ঐ ঐ	৪৲
উদ্ভিদ বিদ্যার ...	৪৲
কিমীয় বিদ্যার	৪৲

মাসিক ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিরা পূর্ব্বোক্ত হারের অর্দ্ধেক ফী দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ১৯ অক্টোবর।]

11 The authority receiving the application, if he be satisfied that the candidate is admissible to the examination under these rules, shall receive and credit the fees, will desire the candidate to undergo the required medical and riding or walking examination, if he has not already obtained certificates thereof, and when all certificates are complete, shall forward the application with the certificates of health, character, &c, riding or walking, of payment of fees, to the Under-Secretary to the Government of Bengal (Examination Department) No fee is required when a certificate is sufficient and is produced

Preliminary examination of native candidates at out stations

12 A preliminary examination in English and the vernacular of those candidates who have not already qualified in those subjects will be held. Persons who have passed the First Arts Examination, or who possess an University degree or certificate in Law or Engineering, will not be liable to the preliminary examination in English Persons who have gained vernacular scholarships, or who have served with credit in vernacular offices, will not be liable to the preliminary examination in the vernacular. The preliminary examinations will be held on some date in December, to be locally notified by the Magistrate of the District, at the stations named in rule 9 (above)

ANNUAL EXAMINATION AT CENTRES

Date of examination

13 The annual examination of candidates for admission into the roll of persons qualified for admission into the Native Civil Service will be held on some day in the month of February 1876, not later than the 20th of that month, at Hooghly, Dacca, Patna, and Cuttack. There will, if need be, be special examinations for the Police and the Opium Departments For the ordinary branches of the service there will be two standards—one higher, qualifying for all appointments, and another lower, qualifying for appointments of less than Rs 100 per mensem only

Preliminary examination of European candidates in English at the centres

14 Previous to the other examinations, European candidates who have not passed any University examination will be required, besides passing an examination in English, to show that they possess a thorough knowledge of writing and arithmetic They must be able to write well, quickly, and correctly, from dictation, to compose a report, and to do all ordinary arithmetic correctly and quickly, which must be duly certified by the examiners

By European is meant any person whose native language is English or any other European tongue

Examination subjects

15 The Native Civil Service examination on the subjects named in rule 8 will be conducted so as to test the knowledge of the candidates as follows —

Examination in the Vernacular

Vernacular examination for native candidates

Vernacular examination for European candidates

16 All native candidates will be required to show that they can read and write office papers and orders in the vernacular with complete facility All European candidates will be examined as to their ability to speak and understand a vernacular language, to read it in print and translate it Their knowledge of it must be sufficient to enable them to do business easily immediately on appointment

Vernacular languages

The Vernacular language in which candidates will be required to pass under the two preceding rules may be either Bengali, Hindee, or Ooria

Candidates who pass in Bengali only will not be eligible for vacancies in Behar, nor will candidates who pass in Hindee only be eligible for vacancies in Bengal or Orissa

[*Government Gazette*, 19*th October* 1875]

১১। কর্তৃপক্ষ সাহেব ঐ প্রার্থনাপত্র পাইলে, ও পদাকাঙ্ক্ষী এই বিধিমতে পরীক্ষা দিবার অনুমতি পাইতে পারেন ইহা হৃদ্বোধমতে জানিলে, তিনি ফী লইয়া জমা করিয়া লইবেন, এবং স্বাস্থ্যের ও ঘোড়ায় চড়িয়া কি হাঁটিয়া যাইতে পারিবার সর্টিফিকট না পাইলে চিকিৎসকের দ্বারা তাঁহার শরীর পরীক্ষা ও ঘোড়ায় চড়িয়া কি হাঁটিয়া যাইতে পারিবার পরীক্ষা দিতে আজ্ঞা করিবেন। সকল সর্টিফিকট পাওয়া গেলে পর পরীক্ষার কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের নিকট স্বাস্থ্যের ও সচ্চরিত্র প্রভৃতির ও ঘোড়ায় চড়িয়া কি হাঁটিয়া যাইতে পারিবার ও ফী দেওনের সর্টিফিকট সহিত ঐ প্রার্থনাপত্র পাঠাইবেন। সর্টিফিকট উপযুক্ত না হইলে ও দেখান না গেলে কোন ফী লইবার প্রয়োজন নাই।

মফঃসলের স্থানে এদেশীয় পদাকাঙ্ক্ষিদের প্রথম স্থলীয় পরীক্ষার কথা।

১২। যে পদাকাঙ্ক্ষিরা ইংরেজি ও দেশীয় ভাষায় উপযুক্ত জ্ঞান প্রাপ্ত না হন সেই২ বিষয়ে তাঁহাদের প্রথমস্থলীয় পরীক্ষা হইবে। যাঁহারা ফার্ষ্ট আর্টসের পরীক্ষোত্তীর্ণ, ও যাঁহারা ব্যবস্থা কি স্থপতি বিদ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাধি কি সর্টিফিকট প্রাপ্ত হইলেন, ইংরেজী ভাষায় তাঁহাদের প্রথম স্থলীয় পরীক্ষা দিবার প্রয়োজন নাই। যাঁহারা দেশীয় ভাষার ছাত্রবৃত্তি পাইয়াছেন, কিম্বা দেশীয় ভাষার কোন কার্য্যালয়ে প্রশংসিতরূপে কর্ম্ম করিয়াছেন, তাঁহাদের দেশীয় ভাষায় প্রথম স্থলীয় পরীক্ষা দিবার প্রয়োজন নাই। ঐ প্রথম স্থলীয় পরীক্ষা ৯ ধারার উল্লিখিত স্থানে ডিসেম্বর মাসের কোন তারিখে হইবে। জিলার মাজিষ্ট্রেট সাহেব স্থানবিশেষে তারিখের নোটিস দিবেন।

নানা সদর স্থানে বাৎসরিক পরীক্ষার কথা।

পরীক্ষা দিবার তারিখের কথা।

১৩। যাঁহারা নেটিব সিবিল সরবিসে গ্রাহ্য হইবার যোগ্য, নির্ঘণ্টপত্রের মধ্যে তাঁহাদের নাম থাইবার অনুমতি প্রাপ্তপদাকাঙ্ক্ষিদের বার্ষিক পরীক্ষা হুগলীতে ও ঢাকায় ও পাটনায় ও কটকে ১৮৭৬ সালের ফেব্রুয়ারি মাসের কোন তারিখে হইবে কিন্তু ২০ তারিখের পর নয়। প্রয়োজন থাকিলে পোলীসের ও আফীসের কর্ম্মবিভাগের নিমিত্তেও বিশেষ পরীক্ষা হইবে। ঐ সরবিসের সাধারণ কর্ম্মের উপলক্ষে দুই কষ্টি ধরা যাইবে, উচ্চ কষ্টিমতে কোনই পদের নিমিত্ত যোগ্যতা জন্মে। নিম্ন কষ্টিমতে মাসে কেবল ১০০ টাকার কম বেতনের কোন পদের নিমিত্ত যোগ্যতা জন্মে।

ইঙ্গলণ্ডীয় ভাষায় ইউরোপীয় পদাকাঙ্ক্ষিদের পরীক্ষার কথা।

১৪। ইউরোপীয় যে পদাকাঙ্ক্ষিরা কোন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হন নাই, তাঁহারা লেখাপড়া ও অঙ্কবিদ্যা উত্তমরূপে জানেন ইহা নিশ্চয় করিবার নিমিত্ত, অন্য২ বিষয়ের পরীক্ষা হইবার পূর্ব্বে, তাঁহাদের ইঙ্গরেজী ভাষায় প্রথম পরীক্ষা দিতে হইবে। অন্য ব্যক্তি কোন কথা আবৃত্তি করিলে তাঁহারা উত্তম ও ত্বরায় ও শুদ্ধরূপে লিখিতে পারেন, ও রিপোর্ট লিখিতে পারেন, ও শুদ্ধরূপে ত্বরায় সাধারণ অঙ্ক কশিতে পারেন ইহা আবশ্যক। এইং বিষয়ে পরীক্ষকদের নিয়মিতরূপে সর্টিফিকট দিতে হইবে।

ইঙ্গলণ্ডীয় কি অন্য ইউরোপীয় ভাষা যাঁহাদের মাতৃভাষা, ইউরোপীয় লোক শব্দে তাঁহাদিগকে জানিতে হইবে।

যেং বিষয়ের পরীক্ষা হইবে তাহার কথা।

১৫। এই বিধির ৮ ধারায় যেং বিষয়ের উল্লেখ হইয়াছে, সেইং বিষয়ে নেটিব সিবিল সরবিসের নিম্নলিখিত পরীক্ষা এমন করিয়া চালান যাইবে যেন পদাকাঙ্ক্ষিদের জ্ঞানের পরীক্ষা হয়।

দেশীয় ভাষার পরীক্ষা।

দেশীয় ভাষায় এদেশীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

১৬। পদাকাঙ্ক্ষি এদেশীয় ব্যক্তিরা কাছারীর কাগজপত্র ও হুকুম অত্যন্ত সহজেই লিখিতে ও পড়িতে পারেন, তাঁহাদের ইহা দেখাইতে হইবে।

দেশীয় ভাষায় ইউরোপীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

পদাকাঙ্ক্ষি ইউরোপীয় ব্যক্তিরা দেশীয় অন্যতর ভাষা কহিতে ও বুঝিতে ও সেই ভাষার ছাপা কাগজাদি পাঠ ও অনুবাদ করিতে পারেন কি না এই বিষয়ে তাঁহাদের পরীক্ষা লওয়া যাইবে। পদে নিযুক্ত হইলেই তাঁহারা অনায়াসে কর্ম্ম চালাইতে পারেন তাঁহাদের এই পর্য্যন্ত ভাষা জ্ঞান থাকা আবশ্যক।

দেশীয় ভাষার কথা।

Office memorandum from Department of Revenue, Agriculture and Commerce, No 23E dated 19th January 1874 and enclosures
From Messrs Gillanders Arbuthnot and Company No 3253, dated 18th February 1874, and enclosure
From Secretary to Government North Western Provinces, No 1100A dated 21st April 1874 and enclosures
From Secretary to Chief Commissioner, British Burma No 521 6, dated 29th April 1874
Chief Secretary to Government Madras No 500 dated 5th May 1874, and enclosures
Chief Commissioner British Burma, No 168 105 dated 20th May 1874, and enclosures

2 The principal alteration we have made in the Bill is one which depends upon the system of emigration adopted for British Burma, and a system has sprung up since the Bill was introduced into Council At that time it was not supposed that funds for the promotion of emigration would be forthcoming from any body but the employers who wanted laborers, and the Bill was accordingly framed on the principle that the contract of an emigrant would be made with some individual employer for his whole term of service Since that time however, a considerable amount of emigration from peninsular India to British Burma has been effected under a system of contracts entered into by the emigrant directly with the Secretary of State in Council The funds have been provided by the Government of British Burma, which is repaying itself out of the earnings of the emigrant It has therefore been thought better to work on this hitherto successful line, and to adapt the provisions of the Bill to the system actually in existence

3 The portions of the Bill, as now settled by us, which bear most strongly on the change of principle, are contained in sections 35 and 48 But it is obvious that many other parts of the Bill must have been modified by such a change, such as the amount of labor rate, the conditions under which emigrants are assigned to private employers, the terms of redemption of contracts, the provision for return passages, and in particular that much of the protective machinery provided by the original Bill may be safely left to be provided by the Local Government either in the shape of statutory rules or in the shape of executive orders

4 We now proceed to state in detail the principal alterations we have made in the Bill

5 As the Bill now contains no clause prohibiting emigration save under the proposed Act, we have struck out the saving of contracts with native seamen, domestic servants, and, skilled artizans

6 We have omitted from the interpretation clause the definitions of "employer," "vessel," and "master " we have shortened the definition of " immigrant," and we have defined "Chief Commissioner"

7 We have provided that the Emigration Agent shall be removeable at the pleasure of the Chief Commissioner, and that the Medical Inspector of Emigrants shall be remunerated as the Government of India may direct.

8 We have relieved the Emigration Agent from the duty of spontaneously instituting inquiries into the treatment of emigrants on the return voyage He will, however, receive and enquire into any complaints actually made

[*Government Gazette, 24th August* 1875]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের অবধারিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৫ সালের জুলাই মাসের ১৫ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গেল।

ব্রিটনীয় বর্ম্মাদেশে এদেশীয় মজুরদিগকে পাঠাইবার ও তথায় তাহাদের কর্ম্মের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনার্থে মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা ঐ পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত পত্রাদি বিবেচনা করিলাম।

রাজস্ব ও কৃষি ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্মবিভাগে ১৮৭৩ সালের ২ মের ১১৪E নং আফিস মিমো ও তৎসহিত পত্রাদি।

ঐ ঐ ঐ ১৮৭৩ সালের ১৮ জুলাইর ১২৯E নং পত্র।

শ্রীযুত এল হরনাস্লেস সাহেবের মন্তব্য কথা (তারিখ নাই।)

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২২ ডিসেম্বরের ৫২৯৫ E নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

ঐ গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২৯ ডিসেম্বরের ৫৩৮০ E. নং পত্র ও তৎসহিত পত্রাদি।

ঐ গবর্ণমেণ্টের ১৮৭৪ সালের ৮ জানুআরির ১০৩ J E নং পত্র ও তৎসহিত পত্রাদি।

রাজস্ব ও কৃষি ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্মবিভাগের ১৮৭৪ সালের ১৯ জানুআরির ২৩ E নং আফিস মিমো ও তৎসহিত পত্রাদি।

গিলাণ্ডর্স আরবথনট কোম্পানির ১৮৭৪ সালের ১৮ ফেব্রুআরির ৩২৫৩ নং পত্র ও তৎসহিত অন্য পত্র।

উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৪ সালের ২১ আপ্রিলের ১১০০A নং পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরীর ১৮৭৪ সালের ২৯ আপ্রিলের ৫২১। ৬ নং পত্র।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরীর ১৮৭৪ সালের ৫ মের ৫০০ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৪ সালের ২০ মের ৪৬৩। ১০৫ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

২। পাণ্ডুলিপির যেং কথা পরিবর্ত্তন করিলাম তন্মধ্যে ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরদের গমন সম্পর্কীয় যে নিয়ম অবধারিত ছিল তাহারই পরিবর্ত্তন অন্যাপেক্ষা গুরুতর। ঐ পাণ্ডুলিপি মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে পর নূতন এক নিয়ম প্রচলিত হইতে লাগিল। তখন এইরূপ জ্ঞান ছিল, যে যাঁহারা মজুরদিগকে কর্ম্ম দিতে চাহেন কেবল তাঁহারাই লোকদের সেই দেশে যাইবার উৎসাহ দানার্থে টাকা দিবেন, এই কারণে মজুর সেই দেশে গেলে সেই দেশে থাকার কালপর্য্যন্ত কোন এক ব্যক্তির নিকট তাহার কর্ম্ম করিবার চুক্তি করিতে হইবে এই বিবেচনায় ঐ পাণ্ডুলিপির বিধান হইল, কিন্তু সেই বিধানের প্রস্তাব হইলে পর অনেক মজুর একেবারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সঙ্গে চুক্তি করিবার নিয়মে ভারতবর্ষহইতে ব্রিটনীয় বর্ম্মাদেশে গিয়াছে। ব্রিটনীয় বর্ম্মা দেশের গবর্ণমেণ্ট খরচ দিলেন ও মজুরদের লাভ হইতে তাহা ফিরিয়া দেওয়া যাইতেছে এই নয়মটি সফল হওয়াতে তদনুসারেই কার্য্য করিব। এই পাণ্ডুলিপির মধ্যে সেই বিধানটি প্রবল করা বিহিত বোধ হইল।

৩। অন্যং ধারা অপেক্ষা ৩৫ ও ৪৮ ধারায় সেই মূল নিয়ম পরিবর্ত্তন বিষয়ের কথা আছে। কিন্তু পরিবর্ত্তিত বিষয়ের গুরুত্ব হেতুক, মজুরী যে ভাবে দেওয়া যাইবে ও মজুরদিগকে যে নিয়মানুসারে মুনিব বিশেষকে দেওয়া যাইবে ও চুক্তিহইতে মুক্ত হওয়ার নিয়ম ও মজুরদের ফিরিয়া আসিবার বিধান ইত্যাদি নানা বিষয়েরও পরিবর্ত্তন করিতে হইয়াছে। বিশেষতঃ পূর্ব্ব পাণ্ডুলিপিতে মজুরদের স্বচ্ছন্দের ও নিরাপদের জন্যে যে সকল বিধান করা আবশ্যক বোধ ছিল, তাহার ভার স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করা গেল, গবর্ণমেণ্ট ব্যবস্থা তুল্য বিধি করিয়া কিম্বা কর্ম্ম সম্পাদন সংক্রান্ত আজ্ঞা করিয়া তাহার বিধান করিতে পারিবেন।

৪। পাণ্ডুলিপির যেং অংশটি পরিবর্ত্তন করিলাম তাহা এইক্ষণে বিশেষ করিয়া লিখিতেছি।

৫। প্রস্তাবিত আইনের বিধানমতে যাওন ভিন্ন পাণ্ডুলিপিতে মজুরদের অন্য কোনরূপে যাইবার নিষেধসূচক কোন ধারা নাই বলিয়া খালাসিদের ও ঘরের চাকরদের ও পটু কারিগরদের সঙ্গে চুক্তি করিবার বিধান ত্যাগ করিলাম।

৬। অর্থকরণের ধারার মধ্যে "কর্ত্তা" "নৌকাদি" "অধ্যক্ষ" এই তিন কথা ত্যাগ করিলাম। "বর্ম্মাদেশগত মজুর" এই শব্দের অর্থ সংক্ষেপ করিয়া দিলাম ও 'প্রধান কমিশ্যনর" এই শব্দের অর্থ করিয়া দিলাম।

৭। প্রধান কমিশ্যনর সাহেবের স্বেচ্ছামতে এমিগ্রেশন এজেণ্টের অংসর হইতে পারিবার, ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট মজুরদের ডাক্তরের যে বেতন নিরূপণ করেন তাঁহার সেই বেতন পাইবার বিধান করিলাম।

৮। ফিরিয়া আসিবার সময়ে মজুরদের প্রতি কিরূপ আচার হইয়াছে এমিগ্রেশন এজেণ্টের এই কথা স্বেচ্ছামতে জিজ্ঞাসা করিবার যে অনুমতি ছিল তাহা উঠাইয়া দিলাম, কিন্তু কোন ব্যক্তি নালিশ করিলে তিনি শুনিয় তাহার তদন্ত লইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগষ্ট।]

9 We have struck out the clause as to recruiters' badges, which are objected to in many part of the country as favoring oppression and fraud

10 We have empowered officers who have countersigned recruiters' licenses to require them to produce the licenses, and either to cancel the signature or impound the license for cancellation by the Emigration Agent.

11 Under the new system to which we have referred, it is impossible to specify in the emigrant's contract (*vide* section 13) the district in which he is to serve or the nature of his work, and in Burma it is unnecessary to specify the price of his food We have, therefore, struck out the provisions relating to these matters

12 We have provided for the medical examination of persons accompanying a recruit as his dependents

13 We have reduced to eight annas the fee for registering a recruit, and struck out the provision for refunding it in case of his desertion

On the latter point we are clear enough There is no reason why, if the fee is proper to be paid for the work done, it should be repaid because of the subsequent misbehaviour of one of the parties who required the work But it may be questioned whether the work should not be done without any fee at all If the matter were new, we should be of opinion that the district officers might properly be called upon to discharge it gratuitously But inasmuch as a fee is, under the General Emigration Act, charged for similar sevices, we have not ventured to omit it altogether from this Bill, though we are of opinion that a smaller one may properly be charged We are not informed in what manner the fees are disposed of The point is one on which the local authorities will have full information, and we shall be glad to receive advice whether it is desirable to abolish the fee altogether, or to lower it as now proposed

14. We think that the Medical Inspector should examine in detail and individually all emigrants and their dependents immediately after their arrival at the depôt, but that any subsequent inspection by him should be of a more general character, and for the purpose mainly of seeing that there is no danger of infectious diseases We have made provision for the case of emigrants or dependents suffering from such disease We have struck out the penalty imposed on the Emigration Agent by section 27 of the Bill as introduced, and we have provided a procedure where a dependent is dangerously ill

15 We have slightly modified the procedure of the Emigration Agent in registering contracts

16 In section 35 we have declared that, when any contract has been ratified by the Emigration Agent, the emigrant shall be deemed to have contracted with him on behalf of the Chief Commissioner to proceed to British Burma, and there to labor according to the terms of his contract in any place and mode which, consistently with such terms and with the provisions of the proposed Act, the Chief Commissioner may from time to time direct

17 We have struck out the sections relating respectively to suits against the Emigration Agent for breach of contract and to the recovery of certain sums payable by him to emigrants

18 We have provided that Emigration Agents shall furnish the masters of emigrant vessels with proper lists of the emigrants on board

19 We have struck out the provision contained in section 40 of the original Bill, that the Emigration Agent is to ascertain that the emigrants are in a fit state of health to proceed to Burma All duties of this kind should be discharged by the Medical Inspector.

20 We have made it clear that the offices of Emigration Agent and of Medical Inspector of Emigrants may be held by the same person

21 Considering the shortness of the voyage from peninsular India to Burma, and the circumstance that the emigrants will be under the care of Government until their arrival, we have struck out the sections (35—44) of the Bill as introduced relating to emigrant vessels and the embarkation of emigrants All that they do can be done by subsidiary rules to be framed by the Local Government

22 In section 48 we have modified the clause relating to the assignment of immigrants, and have authorized the Chief Commissioner to make rules regulating the terms on which immigrants shall be allowed to labour on their own account We have provided (in section 49) that, in assigning immigrants to particular employers, the Immigration Agent shall, so far as practicable, take care that they are not separated from their dependents

[*Government Gazette, 24th August* 1875.]

৯। মজুর সংগ্রাহকের চাপরাশের জোরে দেশের স্থানে২ দৌরাত্ম্য ও প্রতারণা হইয়া থাকে বলিয়া চাপরাশ পরিবার ধারা ত্যাগ করিলাম।

১০। যে২ কার্য্যকারক মজুর সংগ্রাহকদের লাইসেন্সে আড়সহী করেন তাঁহাদের প্রতি ঐ লাইসেন্স দেখাইবার আজ্ঞা করিতে ও সেই আড়সহী ব্যর্থ করিতে কিম্বা এমিগ্রেশন এজেন্টের ব্যর্থ করিবার জন্যে আটক রাখিতে ক্ষমতা প্রদান করিলাম।

১১। মজুর যে প্রদেশে কর্ম্ম করিবে ও তাহার যে কর্ম্ম করিতে হইবে (১৩ ধারা দেখ) পূর্ব্বোক্ত নূতন নিয়মানুসারে মজুরের চুক্তিপত্রে তাহা লেখা যাইতে পারে না। আর বর্ম্মাদেশে তাহার আহারীয় দ্রব্যের মূল্য নিরূপণকরার প্রয়োজন নাই। এই কারণে এই২ বিষয়ের বিধান ত্যাগ করিলাম।

১২। কোন ব্যক্তি মজুরের পোষ্য বলিয়া তাহার সঙ্গে২ গেলে ডাক্তরের দ্বারা তাহার স্বাস্থ্যের পরীক্ষা হইবার বিধান করিলাম।

১৩। মজুরের রেজিস্টরী করণের ফী কমাইয়া ।।০ আট আনা ধার্য্য করিলাম ও সেই ব্যক্তি পলাইলে ঐ ফী ফিরিয়া দিবার যে বিধান ছিল তাহা ত্যাগ করিলাম।

শেষোক্ত বিষয়ে আমাদের বিবেচনা নিঃসন্দিগ্ধ। কর্ম্মের নিমিত্ত যদি ফী দেওয়াই কর্ত্তব্য হয়, তবে যাহারা সেই কর্ম্ম করিতে আজ্ঞা করিলেন তাহাদের কোন এক জন পশ্চাৎ অহিতাচার করিলে ঐ ফী ফিরিয়া দিবার কোন কারণ নাই। কিন্তু ফী না দিয়া সেই কর্ম্ম করা উচিত কি না এই প্রশ্ন উঠিতে পারে। বিষয়টি নূতন হইলে ফী না লইয়া জিলার কর্ম্মকারকদের প্রতি সেই কর্ম্ম করিবার আদেশ করা উচিত বলিতাম। কিন্তু ভিন্নদেশে গমন বিষয়ক সাধারণ আইনে সেই কর্ম্মের নিমিত্ত ফী লওয়ার বিধান আছে, এই কারণে এই পাণ্ডুলিপি হইতে তাহা একেবারে উঠাইয়া দিই নাই কিন্তু পূর্ব্বাপেক্ষা অল্প ফী লওয়া উচিত জ্ঞান করিলাম। ঐ ফী লইয়া কি করা যায় তাহা জানিতে পারিলাম না। স্থানীয় কর্ত্তৃপক্ষেরা সেই বিষয়ের সম্পূর্ণ সন্ধান জানিয়া থাকিবেন, অতএব ঐ ফী একেবারে উঠাইয়া দেওয়া, না এই পাণ্ডুলিপির প্রস্তাবানুসারে তাহা কমাইয়া দেওয়া উচিত, এই বিষয়ের পরামর্শ পাইলেই সন্তুষ্ট হই।

১৪। মজুরেরা আড্ডায় পঁহুছিলেই চিকিৎসকের কর্ত্তব্য যে বিশেষমতে ও প্রত্যেক জন মজুরের ও তাহার পোষ্য ব্যক্তির পরীক্ষা করিয়া দেখেন। তাহার পর দেখিবার প্রয়োজন হইলে সাধারণমতে দেখিয়া কাহারো দেহে সঞ্চারক রোগ না থাকে ইহা জানিয়া লইতে পারিবেন। মজুরদের কি তাহাদের পোষ্য ব্যক্তিদের তদ্রূপ রোগ থাকিলে তাহারও বিধান করিলাম। পূর্ব্ব পাণ্ডুলিপির ২৭ ধারায় এমিগ্রেশন এজেন্টের যে দণ্ড ধার্য্য হইয়াছিল তাহা উঠাইয়া দিলাম ও পোষ্য ব্যক্তির ভারি রোগ হইলে তাহার কার্য্য প্রণালীর বিধান করিলাম।

১৫। চুক্তি রেজিস্টরী করিতে গেলে এমিগ্রেশন এজেন্ট যে প্রণালীমতে কর্ম্ম করিবেন তাহা কিঞ্চিৎ মতান্তর করিয়া দিলাম।

১৬। ৩৫ ধারায় এই বিধান করিলাম, এমিগ্রেশন এজেন্ট কোন চুক্তি দৃঢ় করিলে, মজুর প্রধান কমিশ্যনর সাহেবের পক্ষে তাহার সঙ্গে ব্রিটনীয় বর্ম্মা দেশে যাইতে, ও প্রধান কমিশ্যনর সাহেব তাহার চুক্তির নিয়মানুসারে সময়ে২ যে স্থানে যে প্রকারে কর্ম্ম করিতে আজ্ঞা করেন ঐ নিয়মের এবং প্রস্তাবিত আইনের বিধানের সঙ্গত মতে সেই স্থানে সেই প্রকারে মজুরী করিতে চুক্তি করিয়াছে এমত জ্ঞান করিতে হইবে।

১৭। চুক্তি ভঙ্গহেতুক এমিগ্রেশন এজেন্টের নামে মোকদ্দমা উপস্থিত করণ ও তাঁহার স্থানে মজুরেরা যে টাকা পাইতে পারেন তাহা আদায় করণ বিষয়ের কএক ধারা ত্যাগ করিলাম।

১৮। মজুরদিগকে যে জাহাজে লওয়া যায় সেই জাহাজে যত জন মজুর থাকে এমিগ্রেশন এজেন্ট ঐ জাহাজের কাপ্তানকে তাহাদের নামের উপযুক্ত নির্ঘণ্টপত্র দিবেন এই বিধান করিলাম।

১৯। শারীরিক স্বাস্থ্য বিবেচনায় মজুরেরা বর্ম্মা দেশে যাইবার উপযুক্ত লোক, এমিগ্রেশন এজেন্ট ইহা নিশ্চয়রূপে জানিয়া লইবেন, পূর্ব্ব পাণ্ডুলিপির ৪০ ধারার এই বিধান ত্যাগ করিলাম। উক্ত প্রকারের সকল কার্য্য পরিদর্শনকারি ডাক্তরের করা উচিত।

২০। একি ব্যক্তি এমিগ্রেশন এজেন্টের ও মজুরদের পরিদর্শনকারি চিকিৎসকের কর্ম্ম করিতে পারিবেন এই বিধান স্পষ্ট করিলাম।

২১। ভারতবর্ষহইতে বর্ম্মা দেশে যাইতে অল্পদিন লাগে ও মজুরেরা যত দিন না পঁহুছেন তত দিন গবর্ণমেন্টের তত্ত্বাধীনে থাকেন, বিবেচনায় মজুরদের যাইবার জাহাজের ও জাহাজে মজুরদের উঠিবার বিষয়ে পাণ্ডুলিপির ৩৫ অবধি ৪৪ পর্য্যন্ত যে২ ধারা ছিল তাহা ত্যাগ করিলাম। স্থানীয় গবর্ণমেন্ট উপবিধি করিয়া সেই সকল কার্য্য করিতে পারিবেন।

২২। বর্ম্মাদেশগত মজুরদিগকে কর্ত্তাদের প্রতি অর্পণ করণ সম্পর্কীয় যে বিধান ছিল, ৪৮ ধারায় তাহা মতান্তর করিয়া ঐ মজুরেরা আপনাদের নিমিত্ত যে নিয়মানুসারে কর্ম্ম করিয়া কাল কাটাইতে পারে প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি সেই বিষয়ের বিধি করিবার ক্ষমতা দিলাম। আরো ৪৯ ধারায় এই বিধান করিলাম যে ঐ মজুরদিগকে বিশেষ কর্ত্তাদের প্রতি অর্পণ করিতে গেলে, তাহাদের পোষ্য ব্যক্তিদিগকে তাহাদেরহইতে পৃথক না করা যায় ইমিগ্রেশন এজেন্ট যত দূর পারেন ততদূর এই বিষয়ের বিধান করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগস্ট।]

23 For reasons similar to those stated in paragraph 21 of this report, we have struck out the clauses (51—65) of the Bill as introduced, relating to the transit of immigrants to the place of labour The matter will be more fitly provided for by rules to be made by the Chief Commissioner

24 We think that under the changed aspect of the Bill no labour rate will be wanted The expenses will be recovered from the employers under the terms of the assignments If they are not recoverable from any employer, we have empowered the Chief Commissioner to declare the assignment of immigrants to such employer to be void In such case their labour will again be at the disposal of the Chief Commissioner

25 We have struck out the clauses relating to the books to be kept and the reports to be made by Inspectors of Immigrants These matters can, if necessary, be provided for by subsidiary rules or by simple executive orders

26 We have also omitted the two sections (74, 75) of the Bill as introduced, which relate to the fixing of the immigrant's daily tasks and to the revision of the schedule of tasks They are inconsistent which the conditions under which emigrants are now and will be employed in British Burma

27 By section 60 where an Inspector finds an immigrant to be permanently unfitted for labour, he will report the case to the Local Government, which will then either provide for the employment and support of the immigrant and his dependents, or send them back to the place at which they registered

28 Fines for breach of rules as to house accommodation will, where the persons fined are agents and fail to pay, be charged on the employers' lands and be recoverable as if they were land revenue

29 We have struck out, as unnecessary in Burma, the clauses relating to unhealthy estates (sections 83 and 84 of the original Bill)

30 We have struck out the clauses (sections 85, 89 of the Bill as introduced) empowering the employer of an immigrant convicted of absence from labor or desertion to assign him to another employer

31 We think it inexpedient to provide that the punishment for desertion shall in all cases be rigorous

32 We have simplified the procedure in cases of complaints against employers When any such complaint is frivolous and vexatious, we have provided (in section 77) a small penalty for the complainant Compensation awarded, where wages are in arrear for more than two months, will be paid to the immigrant

33 By sections 83 and 84 we have completely altered the redemption clauses contained in section 102 of the original Bill The contract being made with Government, who will also in many cases be the actual employer of labour, it is intended to make it redeemable, as the present practice is, on repayment by the immigrant of the expenses properly chargeable to him according to accounts kept by the Immigration Agent When the immigrant has been assigned to a private employer, the proper compensation to that employer for the loss of his labour will be best ascertained by the special conditions of the assignment, or by rules whenever the local Government can find its way to some general principle applicable to all cases

34 We have struck out the clause (section 104 of original Bill) providing for a return passage for immigrants whose contracts have been completed Such a provision is not only not required, but would be inexpedient in the case of British Burma—at all events under the contemplated system

35 We have struck out, as useless, the section empowering the Governor-General in Council to make subsidiary rules, and we think it unnecessary to require the sanction of the Government of India to rules made by the Chief Commissioner under the proposed Act

36 We have expressly empowered the Chief Commissioner to make rules to regulate the notice to be given, and forms to be observed, on the termination of assignments of immigrants and the terms on which contracts and assignments of service may be redeemed We have provided a penalty for wilfully contravening any rule for the breach whereof no penalty is specially provided

[*Government Gazette, 24th August* 1875]

২৩। এই রিপোর্টের ২১ ধারায় যে২ কারণ লিখিলাম সেই২ কারণেও মজুরদের কর্ম্ম করিবার স্থানে তাহাদের প্রেরণ বিষয়ে ৫১ অবধি ৬৫ পর্য্যন্ত যে২ ধারা ছিল তাহাও ত্যাগ করিলাম। প্রধান কমিশ্যনর সাহেব যে বিধি করিবেন তন্মধ্যে উক্ত বিষয়ের বিধানও করা উচিত।

২৪। পাণ্ডুলিপির যদ্রূপ পরিবর্ত্তন হইল তৎপ্রযুক্ত, যে হারে পরিশ্রম করিতে হইবে ইহার বিধান করার প্রয়োজন নাই। নিরূপণ পত্রের নিয়মানুসারে কর্ত্তাদের স্থানে খরচ ফিরিয়া পাওয়া যাইবে। কোন কর্ত্তার স্থানে ফিরিয়া পাওয়া না গেলে তাহার পক্ষে মজুরদিগকে যে নিরূপণ করা হয় প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি সেই নিরূপণটি ব্যর্থ প্রকাশ করিবার ক্ষমতা দিলাম। এমত স্থলে ঐ মজুরেরা পুনরায় প্রধান কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন হইবেন।

২৫। বর্ম্মাদেশে মজুরদের ইনস্পেক্টরেরা যে২ বহী রাখিবেন ও যে২ রিপোর্ট করিবেন এই বিষয়ের সকল ধারা ত্যাগ করিলাম। প্রয়োজন থাকিলে উপবিধি করিয়া কিম্বা কার্য্য নির্ব্বাহ করণসূচক সামান্য আজ্ঞাক্রমে তাহার বিধান হইতে পারিবে।

২৬। পূর্ব্ব পাণ্ডুলিপির ৭৪ ও ৭৫ ধারায় বর্ম্মাদেশগত মজুরদের দিন২ যে২ কর্ম্ম করিতে হইবে ইহার ফর্দ্দবিষয়ক ও সেই ফর্দ্দের সংশোধনবিষয়ক যে বিধি ছিল তাহাও ত্যাগ করিলাম। কারণ মজুরেরা ব্রিটনীয় বর্ম্মাদেশে এইক্ষণে যে নিয়মানুসারে যে রূপে কর্ম্ম করিয়া থাকে ও পরে করিবে, উক্ত দুই ধারা সেই নিয়মের অসঙ্গত।

২৭। বর্ম্মাদেশগত কোন মজুর আর কর্ম্ম করিতে পারিবে না মজুরদের কোন ইনস্পেক্টর ইহা জানিতে পাইলে, তিনি ৬০ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট সেই মজুরের ও তাহার পোষ্য ব্যক্তিদের কোন কর্ম্ম কিম্বা জীবিকার উপায় করাইয়া দিবেন, কিম্বা যে স্থানে রেজিষ্টরী করা গিয়াছিল তাহাদিগকে সেই স্থানে ফিরিয়া পাঠাইবেন।

২৮। ঘরে থাকিবার স্থানবিষয়ে যে২ বিধি আছে সেই২ বিধি লঙ্ঘনের জন্যে যাহার অর্থদণ্ড হয় সেই ব্যক্তি এজেণ্ট হইয়া টাকা না দিলে, ঐ দণ্ড কর্ত্তার ভূমার উপর বর্ত্তিবে ও ভূমির রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

২৯। অস্বাস্থ্যজনক মহালের বিষয়ে পূর্ব্ব পাণ্ডুলিপির ৮৩ ও ৮৪ ধারা বর্ম্মাদেশে অনাবশ্যক বলিয় ত্যাগ করিলাম।

৩০। বর্ম্মাদেশগত মজুর কর্ম্মে না গেলে কি পলাইলে তাহার কর্ত্তা তাহাকে অন্য কর্ত্তার প্রতি অর্পণ করিতে পারিবেন, এই মর্ম্মের ৮৫ ও ৮৯ ধারা উঠাইয়া দিলাম।

৩১। পলায়ন করিবার নিমিত্ত যে সর্ব্বদাই কঠোর দণ্ড হইবে এই রূপ বিধান অবিহিত বোধ করিলাম।

৩২। কর্ত্তাদের নামে নালিশ হইলে, যে প্রণালীমতে কার্য্য করা যাইবে তাহা পূর্ব্বাপেক্ষা সুবিধা-জনক করিলাম। তদ্রূপ নালিশ তুচ্ছ ও ক্লেশজনকমাত্র হইলে, ৭৭ ধারায় বাদির অল্প দণ্ডের বিধান করিলাম। দুই মাসের অধিক কালের বেতন বাকী থাকিলে, বাদির হানিপূরণ দেওয়া যাইবে।

৩৩। পূর্ব্ব পাণ্ডুলিপির ১০২ ধারায় মুক্তি ক্রয় করণের যে বিধান ছিল, ৮৩ ও ৮৪ ধারায় তাহার সম্পূর্ণ পরিবর্ত্তন করিলাম। চুক্তি গবর্ণমেণ্টের সঙ্গে করা যাইবে, অধিকাংশ স্থলে গবর্ণমেণ্টও মজুরদের কর্ত্তা থাকিবেন, অতএব ইমিগ্রেশন এজেণ্ট সাহেবের হিসাব অনুসারে ন্যায্যমতে মজুরের পক্ষে যত খরচ ধরা উচিত, এইক্ষণকার প্রচলিত রীতিমতে তত টাকা দিলে তাহাকে মুক্ত করা যাইবে। মজুরকে কোন বিশেষ ব্যক্তির হস্তে সমর্পণ করা গেলে, যদি সে মুক্ত হইতে চাহে তবে মুনিবের যে হানি হইবে, ঐ মজুরকে অর্পণ করিবার বিশেষ নিয়মানুসারে তাহা নিশ্চয়মতে জানা যাইতে পারিবে। কিম্বা সকল স্থলে যে বিধি খাটিতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট উত্তরকালে এমত কোন বিধি প্রণয়ন করিতে পারিলে, সেই বিধিমতে হানি নিরূপণ হইয়া আদায় হইতে পারিবে।

৩৪। বর্ম্মাদেশগত মজুরদের চুক্তির মিয়াদ পূর্ণ হইলে, তাহার স্বদেশে ফিরিয়া আসিবার বিধান করিতে হইবে, পূর্ব্ব পাণ্ডুলিপির এই মর্ম্মের ১০৪ ধারা ত্যাগ করিলাম। তদ্রূপ বিধান করার আবশ্যক নাই, ব্রিটনীয় বর্ম্মাদেশ সম্পর্কে যে নিয়ম করিবার কল্পনা আছে সেই নিয়মাধীনে ঐ বিধান করা বরং অবিহিত।

৩৫। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি উপবিধি করিবার ক্ষমতা প্রদানার্থ যে ধারা ছিল, তাহা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিলাম, আর প্রধান কমিশ্যনর সাহেব প্রস্তাবিত আইনমতে যে সকল বিধি করেন তদ্বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতিপ্রাপ্ত হওয়া অনাবশ্যক জ্ঞান করিলাম।

৩৬। বর্ম্মাদেশগত মজুরদিগের কার্য্য সমাপ্ত হইলে যে নোটিস দিতে হইবে ও যে২ ধারা মানিতে হইবে, ইহার বিধি, এবং চুক্তিহইতে ও কর্ম্ম করিবার মিয়াদহইতে যেরূপে মুক্তি পাওয়া যাইবে ইহার নিয়ম করিবার ক্ষমতা প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি স্পষ্টরূপে প্রদান করিলাম। ইচ্ছাপূর্ব্বক কোন বিধি লঙ্ঘনের দণ্ড নির্ণয় না হইলে তাহার দণ্ডের বিধান করিলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগষ্ট।]

37 We have added four clauses (89, 90, 91, 92) to the Bill the *first* providing for the renewal of instruments which have been lost or destroyed, the *second* declaring that copies made under the proposed Act shall be evidence of the contracts to which they respectively relate, the *third* providing for the recovery of money due under the Act from employers of immigrants, and the *fourth* supplying a technical defect in the contracts for service in British Burma under Government which have heretofore been entered into by emigrants from peninsular India

38 The schedule giving a form of a pass permitting immigrants to proceed to their labour district has been struck out in consequence of the omission of the section (51) which refers to it

39 We have made, besides these substantial changes, several transpositions and verbal amendments

40 We think that the Bill has been so altered as to require republication we accordingly recommend that it be republished, as now amended, in the *Gazette of India*, the *Calcutta Gazette*, the *Fort Saint George Gazette*, and the *British Burma Gazette*, and that its further consideration should be postponed for the present

A HOBHOUSE

SIMLA,
The 12*th July* 1875

A EDEN

A J ARBUTHNOT

A CLARKE

[*Government Gazette*, 24*th August* 1875]

৩৭। এই পাণ্ডুলিপির ৮৯, ৯০, ৯১, ৯২ এই চারিটি নূতন ধারা করিলাম। দলীল নষ্ট হইলে কি হারাইয়া গেলে প্রথম ধারায় তাহা নূতন করিয়া লইবার বিধান হইল। প্রস্তাবিত আইনমতে চুক্তির যে নকল করা যায় তাহা যে চুক্তিসম্পর্কীয় হয় তাহারই প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে, দ্বিতীয় ধারার মর্ম্ম এই। আইনমতে মুনিবদের স্থানে টাকা পাওনা থাকিলে তৃতীয় ধারায় তাহা আদায় করিবার বিধান হইল। ভারতবর্ষহইতে যে মজুরেরা গিয়াছে তাহারা গবর্ণমেণ্টের অধীনে ব্রিটনীয় বর্ম্মাদেশে কর্ম্ম করিবার যে চুক্তি কবিল চতুর্থ ধারায় তাহার একটি দোষের প্রতিকার করিলাম।

৩৮। বর্ম্মাদেশগত মজুরেরা যে প্রদেশে কর্ম্ম করিতে যাইবে ৫১ ধারায় তদ্বিষয়ের বিধি ছিল, সেই ধারা উঠিয়া যাওয়াতে ঐ মজুরদের পাস দেওনবিষয়ক যে তফসীল ছিল তাহাও ত্যাগ করিলাম।

৩৯। এতদ্ভিন্ন আমরা কএকপদের স্থান পরিবর্ত্তন করিলাম ও কএকটি শব্দ সংশোধন করিলাম।

৪০। অনেক পরিবর্ত্তন হওয়াতে এই পাণ্ডুলিপি পুনরায় প্রকাশ করা বিহিত বোধ হইল। এই কারণে ইণ্ডিয়া গেজেটে ও কলিকাতা গেজেটে ও ফোর্ট সেণ্ট জর্জ গেজেটে ও ব্রিটিশ বর্ম্মা গেজেটে তাহা পুনরায় প্রকাশ করা যায় ও গৌণে বিধিবদ্ধ করা যায় আমাদের এই পরামর্শ।

এ হবহৌস।

সিমলা। এ ইডন

১৮৭৫ সাল ১২ জুলাই। এ জে আরবথনট।

এ ক্লার্ক।

No. II	২ নং।
BRITISH BURMA LABOUR LAW, 1875.	**ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করণ বিষয়ক ১৮৭৫ সালের আইন।**
TABLE OF CONTENTS	ধারার নির্ঘণ্টপত্র।

[*Government Gazette*, 24*th August* 1875.]

SECTIONS

Contracts and Registration and Journey to Depôts

13 Contract to be entered into with intending emigrant

14 Medical examination of intending emigrant

15 Recruiter and emigrant to appear before Magistrate

16 Examination by Magistrate of emigrants under contract

17 Examination of dependents on emigrants

18 Registration of emigrants

Registration fee

19 Journey to depôt

20 Care of emigrants on journey to depôt

21 Penalties for infringing provisions as to recruitment

Procedure on arrival of Emigrants at depôt

22 Notice of arrival of emigrants at depôt to be given to Medical Inspector

23 Medical Inspector to examine emigrants

24 Inspection of depôts

25 Treatment of emigrant or dependent suffering from infectious disease

26 Emigration Agent to pay return expenses of rejected emigrants

27 Return expenses of dependents

28 Procedure where dependent is dangerously ill

29 Countersignature by Medical Inspector where emigrant or dependent is passed by him

30 Procedure in case of illtreatment on journey

31 Ratification of contracts of emigrants passed by Medical Inspector

ধারা ।

চুক্তির ও রেজিষ্টরী করণের ও আড্ডায় যাইবার কথা ।

১৩ । কোন ব্যক্তি মজুরী করিতে চাহিলে তাহার সঙ্গে চুক্তির কথা ।

১৪ । কোন ব্যক্তি গিয়া মজুরী করিতে চহিলে ডাক্তরের দেখিবার কথা ।

১৫ । মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে মজুরসংগ্রাহকের ও মজুরের যাইবার কথা ।

১৬ । যে মজুরেরা চুক্তি করে তাহাদের নিকট মাজিষ্ট্রেট সাহেবের জিজ্ঞাসাবাদের কথা ।

১৭ । মজুরদের পোষ্য ব্যক্তিদের নিকট জিজ্ঞাসার কথা ।

১৮ । মজুরদিগকে রেজিষ্টরী করিবার কথা ।

রেজিষ্টরী করিবার ফীর কথা ।

১৯ । আড্ডায় যাইবার কথা ।

২০ । আড্ডায় যাইবার পথে মজুরদের দেখা শুনার কথা ।

২১ । মজুরসংগ্রহ করিয়া লইবার বিধি লঙ্ঘন হইলে দণ্ডের কথা ।

মজুরেরা আড্ডায় পঁহুছিলে যাহা করা যাইবে তাহার কথা ।

২২ । মজুরেরা আড্ডায় পঁহুছিলে ডাক্তরকে সম্বাদ দিবার কথা ।

২৩ । মজুরদিগকে ডাক্তর সাহেবের দেখিয়া লইবার কথা ।

২৪ । আড্ডা দেখিবার কথা ।

২৫ । মজুরের কি তাহার পোষ্য ব্যক্তির সঞ্চারক রোগ হইলে যাহা করিতে হইবে তাহার কথা ।

২৬ । মজুরকে অগ্রাহ্য করা গেলে তাহার ফিরিয়া যাইবার খরচ এমিগ্রেশন এজেণ্টের দিতে হইবার কথা ।

২৭ । পোষ্য ব্যক্তিদের ফিরিয়া যাইবার খরচের কথা ।

২৮ । পোষ্য ব্যক্তির ঘোরতর পীড়া হইলে কার্য্য-প্রণালীর কথা ।

২৯ । ডাক্তর সাহেব মজুরকে কি পোষ্য ব্যক্তিকে গ্রাহ্য করিলে তাহার আড্ডসহী করিবার কথা ।

৩০ । পথে তাহার প্রতি অত্যাচার হইলে যাহা করিতে হইবে তাহার কথা ।

৩১ । ডাক্তর সাহেব যে মজুরদিগকে গ্রাহ্য করেন তাহাদের চুক্তি স্থির করিয়া দিবার কথা ।

Assignment of Immigrants

SECTIONS

48 Assignment of immigrants to employers

49. Immigrants not to be separated from dependents

50 Form of assignment

51 Entry of assignment in immigrant's instrument

PART IV

THE LABOUR DISTRICTS AND RELATIONS OF EMPLOYER AND IMMIGRANT

Inspectors of Immigrants

52 Appointment of Inspectors and Assistant Inspectors

Powers of Inspecters

53 Return of immigrants to be sent in by employer, &c, to Inspector

54 Penalty for refusing or omitting to send in return, or sending in incorrect return

55 Inspector's visits

56 Power to inspect buildings, &c, and make inquiries as to immigrants

57 Penalty on person obstructing inspection, &c

Suspension of Cancellation or Assignment

58 Inspector may suspend assignment of any immigrant temporarily unfitted for labour

59 Penalty for compelling immigrant to perform work for which he is unfit

60 Power to discharge immigrants permanently unfitted for labour

Provisions for the health and oomfort of Immigrants

61 Sufficient house accommodation, &c, to be provided

মজুরদিগকে নিরূপণ করিয়া দিবার কথা।

ধারা।

৪৮। মুনিবদের প্রতি মজুরদিগকে নিপরূণ করিয়া দিবার কথা।

৪৯। মজুরদের হইতে পোষ্য ব্যক্তিদিগকে পৃথক ন- করিবার কথা।

৫০। নিরূপণপত্র লিখিবার পাঠের কথা।

৫১। মজুরেব দলীলে নিরূপণসূচক কথা লিখিবার কথা।

চতুর্থ অধ্যায়।

মজুরী করিবার স্থান এবং মুনিবের ও মজুরের সম্বন্ধ বিষযক বিধি।

মজুরদের ইনস্পেকটরদের কথা।

৫২। ইনস্পেকুট ও আসিষ্টান্ট ইন্স্পেকুটর নিযুক্ত হওয়ার কথা।

ইনস্পেকুটরদের ক্ষমতার কথা।

৫৩। ইনস্পেকুটরের নিকট মজুদের রিটর্ণ পাঠাইতে হইবার কথা।

৫৪। রিটর্ণ দিতে না চাহিলে কি না দিলে কি অশুদ্ধ রিটর্ণ দিতে দণ্ডের কথা।

৫৫। ইনস্পেকটরের দেখিতে যাওয়ার কথা।

৫৬। গৃহাদি দেখিবার ও মজুরদের বিষযে কোন কথা জিজ্ঞাসা করিবার ক্ষমতার কথা।

৫৭। দেখিবা লওন প্রভৃতি বাধা দিলে দণ্ডের কথা।

নিরূপণপত্র স্থগিত কি রহিত করিবার কথা।

৫৮। কোন মজুব কিষৎকালের নিমিত্ত কর্ম্ম করিতে অপারক হইলে তাহার নিরূপণপত্র ইনস্পেকটর সাহেবের স্থগিত রাখিতে পারিবার কথা।

৫৯। মজুর যে কর্ম্ম করিতে অপারক তাহাকে এমত কর্ম্ম করাইবার দণ্ডের কথা।

৬০। মজুর একেবারে কর্ম্ম করিতে অপারক হইলে তাহাকে বিদায় করিয়া দিবার ক্ষমতার কথা।

মজুরদের সুস্থ হইয়া স্বচ্ছন্দে থাকিবার বিধান।

৬১। থাকিবার উপযুক্ত স্থান প্রভৃতি দিবার কথা।

[*Government Gazette*, 24*th August* 1875]

SECTIONS	ধারা।
78 Procedure if complaint be well founded	৭৮। নালিশ সত্য হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।
79 Recovery of wages	৭৯। বেতন আদায়ের কথা।
Compensation if wages are due for more than two months	দুই মাসের অধিক বেতন বাকী থাকিলে ক্ষতি-পূরণের কথা।
80 Cancellation of assignment	৮০। নিরূপণপত্র বাতিল করিবার কথা।
Determination of Assignments and Contracts	নিরূপণপত্রের ও চুক্তির মিয়াদ ফুরাইবার কথা।
81 Immigrant who has completed his assignment may have such completion endorsed	৮১। মজুরের নিরূপণ হওয়ার মিয়াদ পূর্ণ হইলে সেই কথা পৃষ্ঠে লেখাইয়া লইতে পারিবার কথা।
82 Penalty for forcibly detaining immigrant after completion of assignment, or for omitting to give notice of such completion	৮২। নিরূপণের মিয়াদ পূর্ণ হইলেও মজুরকে জোর করিয়া রাখিবার কিম্বা মিয়াদ ফুরাইবার নোটিস না দিবার দণ্ডের কথা।
83 Immigrant not assigned under Act may redeem unexpired term of contract	৮৩। মজুর আইনমতে নিরূপিত না হইলে তাহার টাকা দিয়া চুক্তির মিয়াদের অবশিষ্টকাল হইতে মুক্ত হওয়ার কথা।
84 Power to redeem contract	৮৪। চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।
Value of unexpired term of assignment	নিরূপিত থাকার অবশিষ্ট সময়ের মূল্য নিরূপণ করিবার কথা।
85 Certificate of release from contract	৮৫। চুক্তি হইতে মুক্তি পাইবার সর্টিফিকটের কথা।

PART V
SUBSIDIARY RULES

পঞ্চম অধ্যায়।
পরিশিষ্ট বিধি।

86 Power of local Government of port of embarkation	৮৬। নৌকাদিতে উঠিবার বন্দরে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।
87 Power of Chief Commissioner	৮৭। প্রধান কমিশনর সাহেবের ক্ষমতার কথা।
88 Publication of rules	৮৮। বিধি প্রকাশ করিবার কথা।
Penalty for breach of rules	বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

PART VI
MISCELLANEOUS

ষষ্ঠ অধ্যায়।
বিবিধ বিধি।

89 Renewal of lost instruments	৮৯। দলীল হারাইলে তাহা তাহা নূতন করিয়া দিবার কথা।
90 Copies made under Act to be deemed evidence of contract	৯০। আইনমতে যে নকল করা যায় তাহা চুক্তির প্রমাণ বলিয়া জ্ঞান হইবার কথা।
91 Recovery of balances due from employers under terms of assignment	৯১। নিরূপণপত্রের নিয়মানুসারে মুনিবের স্থানে যে বাকী পাওনা হয় তাহা আদায় করিবার কথা।
92 Construction of former contracts	৯২। পূর্ব্ব চুক্তির অর্থ করণের কথা।
SCHEDULE A.—RECRUITER'S LICENSE	মজুর সংগ্রাহকের লাইসেন্স।
SCHEDULE B.—CERTIFICATE OF MEDICAL OFFICER AS TO HEALTH OF INTENDING EMIGRANT	যাহারা মজুরী করিতে যাইবে তাহাদের স্বাস্থ্য বিষয়ে ডাক্তর সাহেবের সর্টিফিকট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ আগষ্ট।]

A Bill to regulate the transport of native labourers to British Burma, and their employment therein

Preamble

WHEREAS it is expedient to regulate the transport of native labourers to British Burma, and their employment therein under contracts of service; It is hereby enacted as follows:

PART I

PRELIMINARY

Short title

1 This Act may be called "The British Burma Labour Law, 1875 "

Local extent

It extends to the whole of British India ,

Commencement

And it shall come into force at once

Repeal of Madras Act No V of 1866 so far as it affects British Burma

2 Madras Act No V of 1866 *(to regulate the manner of engaging and contracting with native inhabitants within any of the Districts subject to the Government of Fort St George, for labour to be performed in any part of India beyond the territorial limits of the Presidency of Madras)* is repealed as to engagements hereafter made in the Presidency of Madras for labour to be performed in British Burma, and as to the emigration of natives of India from such Presidency to British Burma

Interpretation clause.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"Chief Commissioner"

"Chief Commissioner" means the Chief Commissioner of British Burma

'Emigrant

"Emigrants" and "emigration" respectively mean emigrants and emigration under this Act

Magistrate

'Magistrate" means a Magistrate of a district or of a division of a district, or any Magistrate deputed by the Magistrate of the district for the control of

ব্রিটনীয় বর্ম্মাদেশে এদেশীয় মজুরদিগকে চালান করিবার ও তথায় তাহাদের কর্ম্ম পাইবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

এদেশীয় মজুরেরা ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইতে চাহিলে, তাহাদিগকে চালান করিবার ও চাকরীর চুক্তি করিয়া তাহাদের তথায় কর্ম্ম পাইবার বিধান করা বিহিত। এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম অধ্যায়।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করা বিষয়ক ১৮৭৫ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যতদুর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে ব্যাপ্ত হইবে।

যে অবধি চলিবে তাহার কথা।

এই আইন একেবারে প্রবল হইবে ইতি।

মাক্রাজের ১৮৬৬ সালের ৫ আইন ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রতি যত দূর খাটে তত দূর রহিত হইবার কথা।

২ ধারা। মান্দ্রাজদেশের লোকদের সঙ্গে ব্রিটনীয় বর্ম্মাদেশে গিয়া কর্ম্ম করিবার যে করার করা যায় তাহার বিষয়ে ও সেই দেশ-হইতে ব্রিটনীয় বর্ম্মাদেশে ভারতবর্ষীয় লোকদের যাইবার বিষয়ে মাক্রাজের ১৮৬৬ সালের ৫ আইন (অর্থাৎ মান্দ্রাজদেশের গবর্ণমেণ্টের অধীন কোন জিলা নিবাসি এদেশীয় লোকদের সঙ্গে মান্দ্রাজদেশের সীমার বাহিরে ভারতবর্ষের কোন স্থানে গিয়া কর্ম্ম করিবার চুক্তি করিয়া লইবার বিধান বিষয়ক আইন) রহিত করা গেল ইতি।

অর্থের ধারা।

৩ ধারা। এই আইনে বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

প্রধান কমিশ্যনর।

"প্রধান কমিশ্যনর" শব্দে ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবকে জানিতে হইবে।

"মজুর।"

যাহারা এই আইনমতে বিটনীয় বর্ম্মাদেশে যায় "মজুর" শব্দে তাহাদিগকে বুঝাইবে ও "বর্ম্মাদেশে গমন" শব্দে এই আইনমতে সেই দেশে যাওয়া বুঝাইবে।

"মাজিষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" শব্দে জিলার মাজিষ্ট্রেটকে কি জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেটকে কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব ব্রিটনীয় বর্ম্মাদেশে গমন কার্য্যের কি মজুরদের

emigration of labourers, or any Magistrate of Police for a Presidency Town

"Immigrant" means any emigrant who has gone to British Burma in accordance with a contract made under the provisions of this Act

'Immigrant

ভত্ত্ব লইবার জন্যে যে কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করা তাঁহাকে, কিম্বা কোন রাজধানীর পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবকে বুঝায় যে।

কোন ব্যক্তি এই আইনের বিধানমতে চুক্তি করিয়া ব্রিটিশ ব্রহ্মদেশে গেলে "ব্রহ্মদেশগত মজুর" শব্দে তাহাকে বুঝাইবে ইতি।

'ব্রহ্মদেশগত মজুর।'

PART II

OF EMIGRATION

Emigration Agents, Medical Inspectors, and Depôts

4 At every port of embarkation the Chief Commissioner shall, with the consent of the Local Government appoint an Emigration Agent, to whom such remuneration shall be assigned as the Government of India may from time to time direct Such Agent shall be removeable at the pleasure of the Chief Commissioner

Appointment of Emigration Agent

At every such port the Local Government shall appoint a competent person to be Medical Inspector of Emigrants, and such remuneration shall be assigned to him as the Governor-General in Council may from time to time direct

Appointment of Medical Inspector

5 Every such Emigration Agent and Medical Inspector shall be a public servant within the meaning of the Indian Penal Code

Emigration Agent and Medical Inspector to be deemed public servants

6 In addition to the special duties hereinafter assigned to him, every such Emigration Agent shall—

Duties of Agent

(*a*) protect and aid with his advice all emigrants,

(*b*) cause, so far as he can, all provisions of this Act to be complied with,

(*c*) inspect on arrival all vessels bringing return emigrants to the port at which he is Agent,

(*d*) receive and enquire into the complaints (if any) of the treatment of such emigrants during the voyage and (if necessary) report thereon to the Local Government,

(*e*) aid and advise such returned emigrants when requested by them to do so

দ্বিতীয় অধ্যায়।

ব্রিটিশ ব্রহ্মদেশে যাইবার কথা।

এমিগ্রেশন এজেণ্ট ও ডাক্তর সাহেবদের ও আড্ডার কথা।

৪ ধারা। মজুরেরা যে২ বন্দরে জাহাজে উঠিবে, তাহার, প্রধান কমিশ্যনর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই২ বন্দরে এমিগ্রেশন এজেণ্ট নামক কর্ম্মকারককে নিযুক্ত করিবেন। ভারতবর্ষের গবর্ণমেণ্ট সময়ে২ তাঁহার যত বেতন পাইবার আজ্ঞা করেন তিনি তত বেতন পাইবেন। প্রধান কমিশ্যনর সাহেবের ইচ্ছামতে সেই এজেণ্টকে কর্ম্মচ্যুত করা যাইতে পারিবে।

এমিগ্রেশন এজেণ্টকে নিযুক্ত করিবার কথা।

যে ব্যক্তিরা উক্ত দেশে যাইতে চাহে তাহাদের দেখিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত প্রত্যেক বন্দরে উপযুক্ত এক২ ব্যক্তিকে ডাক্তর করিয়া নিযুক্ত করিবেন, এবং গবর্ণর জেনরল শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ তাঁহার যে বেতন নিরূপণ করেন তিনি সেই বেতন পাইবেন ইতি।

ডাক্তর নিযুক্ত করিবার কথা।

৫ ধারা। উক্ত প্রত্যেক এমিগ্রেশন এজেণ্ট ও ডাক্তর সাহেব ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুসারে রাজকীয় কার্য্যকারক হইবেন ইতি।

এমিগ্রেশন এজেণ্ট ও ডাক্তর রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান হইবার কথা।

৬ ধারা। এমিগ্রেশন এজেণ্ট সাহেবের কর্ত্তব্য বলিয়া বিশেষ কোন২ কর্ম্ম পশ্চাৎ নির্দ্দিষ্ট হইবে। তাহা ছাড়া তাঁহার এই২ কর্ম্ম করিতে হইবে।

এজেণ্টের কর্ম্মের কথা।

(ক) যে মজুরেরা ঐ দেশে যাইতে চাহে তাহাদের রক্ষা করিবেন ও সৎপরামর্শ দিয়া সাহায্য করিবেন।

(খ) এই আইনের সকল বিধান মানিয়া কার্য্য করা যায় এই বিষয়ে যথাসাধ্য চেষ্টা করিবেন।

(গ) তিনি যে বন্দরের এজেণ্ট হন, সেই বন্দরে ফেরা মজুরদিগকে লইয়া কোন নৌকাদি পঁহুছিলে সেই নৌকাদি দেখিবেন।

(ঘ) পথে আসিবার সময়ে মজুরদের প্রতি যেরূপ ব্যবহার হইয়াছে এই বিষয়ের কোন নালিশ হইলে, তিনি তাহা গ্রাহ্য করিয়া তাহার অনুসন্ধান ও আবশ্যক হইলে স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন।

(ঙ) ফেরা মজুরেরা কোন বিষয়ে সাহায্য কি পরামর্শ চাহিলে, তাহাদের সাহায্য করিয়া পরামর্শ দিবেন ইতি।

7 Every Emigration Agent, and all persons in charge of, or employed in, any depot or in any vessel licensed to carry emigrants as hereinafter provided, shall give the Medical Inspector every facility for making such inspections, examinations, and surveys as may be necessary or proper under this Act, and shall afford him all such information as may be reasonably required by him

Emigration Agent &c, to give information to Medical Inspector

8 At each port of embarkation the Emigration Agent shall establish a suitable depot for emigrants

Establishment of depot for emigrants

Recruiters

9 Each Emigration Agent shall license as many fit persons as he thinks necessary to be recruiters of labourers for British Burma

Licensing of recruiters

Every recruiter shall be licensed to obtain labourers from one or more districts to be named in the license

10 The license granted to a recruiter under section nine may be in the form set forth in Schedule A, hereto annexed

Form of license

No license shall be in force for a longer period than one year, and in case of misconduct on the part of the recruiter, the Emigration Agent may cancel his license before the expiration of the period for which it was granted

Period for which it shall remain in force

11 A recruiter shall not be deemed to have obtained authority in any place other than a Presidency town to engage or attempt to engage a native of India to become an emigrant until his license has been countersigned by the Magistrate of the district or of the division of the district, or to have obtained such authority in any Presidency town until his license has been countersigned by the Commissioner or Deputy Commissioner of Police

Countersignature of Magistrate to recruiter's license

12 No such officer shall countersign a recruiter's license unless and until he has satisfied himself, by such enquiry as he thinks fit, that the licensee

License not to be countersigned until recruiter's fitness is ascertained

৭ ধারা। এই আইনমতে ডাক্তর সাহেবের দেখিয়া কি পরীক্ষা কি অনুসন্ধান করিয়া লওয়ার যে কার্য্য আবশ্যক বা উচিত হয়, এমিগ্রেশন এজেন্ট সাহেব ও পশ্চাৎ লিখিত বিধানমতে মজুরদের কোন আড্ডা কি মজুরদিগকে লইয়া যাইবার লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদি যে ব্যক্তিদের জিম্মায় থাকে ও সেই আড্ডায় কি নৌকাদিতে যাহারা কর্ম্ম করে তাহারা সকলেই ডাক্তর সাহেবের ঐ কর্ম্মের সুবিধা করিয়া দিবেন। ও তিনি যুক্তিমতে যে বিষয়ের সন্ধান জানিতে চাহেন তাঁহাকে সেই বিষয়ের সন্ধান জানাইবেন ইতি।

ডাক্তর সাহেবকে এমিগ্রেশন এজেন্ট প্রভৃতির সম্বাদ দিতে হইবার কথা।

৮ ধারা। এই আইনমতে মজুরেরা যে২ বন্দরে গিয়া নৌকাদিতে উঠিবে, সেইং বন্দরের এমিগ্রেশন এজেন্ট মজুরদের থাকিবার উপযুক্ত আড্ডা করাইয়া দিবেন ইতি।

মজুরদের আড্ডা করিবার কথা।

মজুর সংগ্রাহকদের কথা।

৯ ধারা। প্রত্যেক জন এমিগ্রেশন এজেন্ট সাহেব উপযুক্ত যত ব্যক্তিকে আবশ্যক জ্ঞান করেন তত ব্যক্তিকে ব্রিটনীয় ব্রহ্মদেশে যাইবার মজুর সংগ্রহ করিয়া আনাইবার লাইসেন্স দিবেন।

মজুর সংগ্রাহকদিগের লাইসেন্সের কথা।

লাইসেন্সপত্রে এক কি কএক জিলার নাম লেখা থাকিবে, মজুর সংগ্রাহক কেবল সেইং জিলাহইতে মজুর আনাইতে পারিবে ইতি।

১০ ধারা। মজুর-সংগ্রাহককে ৯ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের ক তফসীলের পাঠে লেখা যাইবে।

লাইসেন্স পত্রের পাঠ।

কোন লাইসেন্স এক বৎসরের অধিক কাল চলিবে না। ও মজুরসংগ্রাহক কুআচার করিলে এমিগ্রেশন এজেন্ট সাহেব তাহার লাইসেন্সের মিয়াদ না ফুরাইলেও তাহা বাতিল করিয়া ফেলিতে পারিবেন ইতি।

লাইসেন্স যত কাল চলিবে তাহার কথা।

১১ ধারা। রাজধানী ছাড়া কোন জিলার কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেট সাহেব মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে আড়সহী না করিলে, এবং রাজধানীতে পোলীসের কমিশ্যনর কিম্বা ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্স পত্রে আড়সহী না করিলে, সেই জিলা কি রাজধানীর মধ্যে ভারতবর্ষজাত কোন লোকের সঙ্গে মজুর হইবার করার করিতে কি করিবার উদ্যোগ করিতে যে ঐ মজুর সংগ্রাহকের ক্ষমতা আছে, এমত জানিতে হইবে না ইতি।

মজুর সংগ্রাহকের লাইসেন্স পত্রে মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী করিবার কথা।

১২ ধারা। যে ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেল তাহার চরিত্র বুঝিয়া কি অন্য কারণে সে এই আইনমতে মজুরসংগ্রহ করিবার অনুপযুক্ত নহে, উক্ত কার্য্যকারক আপনার বিবে-

মজুর সংগ্রাহক উপযুক্ত লোক হইয়া নিশ্চয়রূপে জানা না গেলে তাহার লাইসেন্স পত্রে কাউন্টর সহী করিতে না হইবার কথা।

is not by character or from any other cause unfitted to be a recruiter under this Act

If any officer who has countersigned a license afterwards finds reason to think that the licensee is by character or other cause unfitted to be a recruiter under this Act, he may require the licensee to produce the license and may cancel his signature, or he may, if he thinks fit, impound the license and send it to the Emigration Agent for cancellation

Every such officer refusing to countersign a recruiter's license, or cancelling his signature, shall without delay report his refusal or cancellation and the grounds of it to the Emigration Agent to whose authority the recruiter is amenable

Contracts and Registration and Journey to Depôts

13 Any person desiring to emigrate under this Act may enter into a contract with a recruiter to proceed to British Burma and there serve for a fixed period of not more than three years from the date of his arrival at the port of debarkation

Contract to be entered into with intending emigrant

Every such contract shall be in writing and shall specify—

(*a*) The term of service

(*b*) The number of days and hours of work

(*c*) The monthly wages in money

(*d*) The persons (if any) intending to accompany the recruit as his dependents

The monthly rate of wages shall in no case be less than seven rupees for an adult male labourer

No recruit shall be required to work more than six days in one week, or more than six consecutive hours, or more than nine hours a day

No deduction shall be made from the wages of a recruit on account of the rest for one day in each week The obligation to provide on holidays for the care of animals, and the necessities of daily life, shall not be considered as work

No emigrant shall be bound by the provisions of this Act unless he has entered into a contract in accordance with this section

চনামতে অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে না জানিলে, ও যত কাল না জানেন ততকাল ঐ মজুরসংগ্রাহকের লাইসেন্স পত্রে আডসহী করিবেন না।

যে ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেল তাহার আচার হেতুক কি অন্য কারণে সে এই আইনমতে মজুরসংগ্রহ করিবার উপযুক্ত লোক নয়, কোন কার্য্যকারক লাইসেন্স-পত্রে আডসহী করিলে পর ইহ জানিতে পারিলে, তিনি লাইসেন্স প্রাপ্ত সেই ব্যক্তিকে আপনার লাইসেন্স আনিয়া দেখাইতে আজ্ঞা দিয়া আপনার আডসহী বাতিল করিতে পারিবেন, অথবা বিহিত বোধ করিলে ঐ লাইসেন্স আটক রাখিয়া বাতিল করিবার জন্যে এমিগ্রেশন এজেন্ট সাহেবের নিকট পাঠাইতে পারিবেন।

উক্ত কোন কার্য্যকারক সাহেব কোন মজুর সংগ্রাহকের লাইসেন্সপত্রে আডসহী করিতে না চাহিলে, কিম্বা আপনার আডসহী বাতিল করিলে, ঐ মজুরসংগ্রাহক যে এমিগ্রেশন এজেন্ট সাহেবের আজ্ঞাধীনে থাকেন তাঁহার নিকট তিনি অগৌণে রিপোর্ট লিখিয়া, তাহাতে আডসহী করিতে স্বীকার করিলেন না, কি তাহা বাতিল করিলেন, এই কথা, ও তাহার কারণ জানাইবেন ইতি।

চুক্তির ও রেজিস্টরী করণের ও আডডায় যাইবার কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে যাইতে চাহিলে, সে মজুর সংগ্রাহকের সঙ্গে এই মর্ম্মের চুক্তি করিতে পারিবে যে, ব্রিটনীয় বর্ম্মাদেশে গিয়া যে বন্দরে জাহাজহইতে নামিয়া যায় সেই বন্দরে পঁহুছিবার তারিখ অবধি তিন বৎসরের অধিক নয় এমত কোন নির্দ্ধারিত মিয়াদ পর্য্যন্ত ঐ দেশে কর্ম্ম করিবে।

কোন ব্যক্তি মজুরী করিতে চাহিলে তাহার সঙ্গে চুক্তির কথা।

ঐ প্রকারের প্রত্যেক চুক্তিপত্র হাতে লেখা যাইবে, তাহার মধ্যে এ ২ কথা থাকিবে,

(ক) যত কাল কর্ম্ম করিতে হইবে।

(খ) যত দিন ও দিন যত ঘণ্টা কর্ম্ম করিতে হইবে।

(গ) মাসে নগদ যত বেতন পাইবে।

(ঘ) পোষ্য কোন লোক সঙ্গে যাইতে চাহিলে কেং যাইবে।

পুরুষ মজুরের বয়স হইলে মাসে তাহার সাত টাকার কম বেতন হইবে না।

সপ্তাহে ছয় দিনের অধিক ও দিনের মধ্যে ক্রমাগত ছয় ঘণ্টার কি সর্ব্বশুদ্ধ নয় ঘণ্টার অধিক কোন মজুরের কর্ম্ম করিতে হইবে না।

মজুরেরা সপ্তাহ এক দিন কর্ম্ম না করিলেও তাহাদের সেই দিনের বেতন কাটা যাইবে না। পর্ব্বের দিনেও জীবজন্তুর যাব দেওয়া ও প্রতি দিনের আবশ্যক কর্ম্ম করা কর্ম্ম বলিয়া ধরিতে হইবে না।

কোন মজুর এই ধারামতে চুক্তি না করিলে সে এই আইনের বিধানের দ্বারা বদ্ধ হইবে না ইতি।

14 Every recruit who has entered into such a contract as aforesaid shall be brought by the recruiter before the Civil Surgeon of the district or such other medical officer as the Local Government appoints in that behalf or, in default of such appointment, before such medical officer as the Magistrate directs

Medical examination of intending emigrant

১৪ ধারা। কোন ব্যক্তি উক্ত প্রকারের চুক্তি করিলে মজুরসংগ্রাহক তাঁহাকে জিলার ডাক্তর সাহেবের নিকটে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্ত অন্য যে ডাক্তরকে নিযুক্ত করেন তাঁহার নিকটে আনিবে। তদ্রূপ কোন কার্য্যকারক নিযুক্ত না হইলে, মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট মজুরকে লইয়া যাইতে আজ্ঞা করেন তাঁহার নিকট লইয়া যাইবেন।

কোন ব্যক্তি গিয়া মজুরী করিতে চাহিলে ডাক্তরের দেখিবার কথা।

The medical officer shall thereupon examine the recruit, and shall either reject him or shall certify that he is in a fit state of health and able, in point of physical condition, to proceed to British Burma and to work there

ডাক্তর সাহেব ঐ ব্যক্তিকে দেখিয়া অগ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা সেই ব্যক্তির শরীর সুস্থ ও বলিষ্ঠ বিবেচনায় সে ব্রিটনীয় বর্ম্মাদেশে গিয়া খাটিবার উপযুক্ত, এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন।

If it is intended that any persons shall accompany the recruit as his dependents, the recruiter shall also bring them before the medical officer for the purpose of obtaining certificates that they are in a fit state of health and able, in point of physical condition, to perform the journey to British Burma, and the medical officer shall examine the dependents and shall give or refuse certificates according to his opinion as to their fitness and ability

মজুরদের পোষ্য ব্যক্তি বলিয়া কোন লোকদিগকে তাঁহার সঙ্গে পাঠাইবার মনস্থ থাকিলে, স্বাস্থ্য ও শারীরিক বল বিবেচনায় তাহারাও ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার উপযুক্ত আছে, এ মর্ম্মের সর্টিফিকট পাইবার জন্যে মজুর সংগ্রাহক তাহাদিগকেও ডাক্তর সাহেবের সম্মুখে আনিবেন। ডাক্তর সাহেব তাহাদিগকে দেখিয়া তাহাদের যোগ্যতার ও শক্তির বিষয়ে তাঁহার যে মত হয় তদনুসারে তাহাদিগকে সর্টিফিকট দিবেন, কি দিতে অসম্মত হইবেন।

Certificates shall be in the form set forth in Schedule B, hereto annexed, and the recruiter shall pay to the medical officer such fee for each person examined as the Local Government may from time to time prescribe

সেই সর্টিফিকট এই আইনের B তপসীলের পাঠে লেখা যাইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মজুরকে দেখিয়া লইবার যত টাকা ফী নিরূপণ করেন যে প্রত্যেক জন মজুরকে তদ্রূপে দেখিয়া লওয়া যায় তাহার নিমিত্ত মজুরসংগ্রাহক ঐ ডাক্তর সাহেবকে তত টাকা ফি দিবেন ইতি।

15 Every certified recruit and every accompanying dependent shall appear with the recruiter before a Magistrate in the district or Presidency town within which the contract with the recruit was entered into

Recruiter and emigrant to appear before Magistrate

১৫ ধারা। যে জিলায় কি নগরে মজুরের সঙ্গে চুক্তি করা যায় সর্টিফিকটপ্রাপ্ত প্রত্যেক জন মজুর ও তাহার সঙ্গি পোষ্য ব্যক্তি মজুর সংগ্রাহকের সঙ্গে ঐ জিলার কি নগরের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে মজুরসংগ্রাহকের ও মজুরের যাইবার কথা।

16 The Magistrate shall thereupon inspect the instrument of contract and the medical certificate of the recruit, and shall apart from the recruiter, examine the recruit with reference to his contract, and if it appears that the recruit understands the nature of the contract he has entered into as regards the particulars specified in section thirteen and that he is willing to fulfil the same, the Magistrate shall register—

Examination by Magistrate of emigrants under contract

১৬ ধারা। তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের চুক্তিপত্র ও ডাক্তরের সর্টিফিকট দেখিয়া লইবেন ও মজুরসংগ্রাহকের নিকট হইতে মজুরকে পৃথক স্থানে লইয়া গিয়া তাহাকে ঐ চুক্তির কথা জিজ্ঞাসা করিবেন, ও ১৩ ধারার নির্দ্দিষ্ট নানা বিষয় লইয়া সে আপনার চুক্তির ভাব বুঝিয়াছে ও সেই চুক্তিমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে তিনি এই২ কথা রেজিষ্টরী করিয়া লিখিবেন।

যে মজুরেরা চুক্তি করে তাহাদের নিকট মাজিষ্ট্রেট সাহেবের জিজ্ঞাসাবাদের কথা।

(*a*) the name, the father's name and the age of such recruit

(ক) মজুরের নাম ও বাপের নাম ও বয়স।

(*b*) the name of the village or place in which he resides

(খ) গ্রামের কি বাস স্থানের নাম।

(*c*) the port of embarkation to which it is intended that he shall proceed

(গ) নৌকাদিতে উঠাইয়া দিবার জন্যে তাহাকে যে বন্দরে লইয়া যাইবার কল্পনা থাকে তাহার নাম।

(*d*) the several particulars specified in the instrument of contract made under section thirteen

(ঘ) ১৩ ধারামতে যে চুক্তিপত্র করা গেল সেই পত্রের নির্দ্দিষ্ট নানা বিষয়।

The recruit shall thereupon be deemed an emigrant under this Act

ইহা হইলে পর সেই মজুর এই আইনমত মজুর বলিয়া জ্ঞান হইবে।

If the Magistrate thinks that the recruit does not understand the nature of his contract, or has been induced to enter into it by fraud or misrepresentation, he shall refuse to register him

মজুর ঐ চুক্তির ভাব বুঝে নাই কিম্বা তাহাকে ভাঁড়াইয়া কি অন্যায় কথা কহিয়া সেই চুক্তি করিবার প্রবৃত্তি দেওয়া গেল, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে তাহাকে রেজিষ্টরী করিবেন না ইতি।

17 On the appearance of any person claiming to be dependent on an emigrant, the Magistrate, after inspecting the medical certificate, shall, apart from the recruiter, examine such person, if able to give intelligent answers to questions as to his dependence upon the emigrant whom he is about to accompany, and as to his willingness to accompany such emigrant

Examination of dependents on emigrants

১৭ ধারা। কোন ব্যক্তি মজুরের পোষ্য বলিয়া উপস্থিত হইলে, মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট দেখিয়া তাহাকে মজুর সংগ্রাহকের নিকটহইতে পৃথক স্থানে লইয়া গিয়া, সে জিজ্ঞাসার উপযুক্ত উত্তর দিতে পারিলে, যে মজুরের সঙ্গে যাইবে সে তাহার পোষ্য কি না, ও সেই মজুরের সঙ্গে যাইতে চাহে কি না, তাহাকে এই২ কথা জিজ্ঞাসা করিবেন।

মজুরদের পোষ্য ব্যক্তিদের নিকট জিজ্ঞাসার কথা।

If the Magistrate is satisfied as to the said dependence and willingness, he shall register the dependent as a dependent on such emigrant

সেই ব্যক্তি পোষ্য ও মজুরের সঙ্গে যাইতে ইচ্ছা করে, মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ ব্যক্তিকে সেই মজুরের পোষ্য বলিয়া রেজিষ্টরী করিবেন।

But if the Magistrate sees reason to doubt such dependence or willingness, he may refuse to register the alleged dependent

কিন্তু সেই ব্যক্তি মজুরের পোষ্য নয় কি তাহার সঙ্গে যাইতে চাহে না, এই বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের কোন কারণে সন্দেহ জন্মিলে, পোষ্য বলিয়া যাহাকে কহা গেল তিনি তাহাকে রেজিষ্টরী করিবেন না ইতি।

18 The Magistrate shall furnish to every emigrant an authenticated copy on substantial paper of the matters registered under sections sixteen and seventeen

Registration of emigrants

১৮ ধারা। ১৬ ও ১৭ ধারামতে যে সকল কথা রেজিষ্টরী করা গেল, মাজিষ্ট্রেট সাহেব পুরু কাগজে তাহা নকল করাইয়া তাহাতে সহী করিয়া মজুরকে দিবেন।

মজুরদিগকে রেজিষ্টরী করিবার কথা।

Such copy is hereinafter called "the emigrant's instrument" or the "immigrant's instrument"

ইহার পশ্চাৎ নানা ধারায় সেই নকল খানি "এই দেশ হইতে গমনকারি মজুরের দলীল" কিম্বা "বর্ম্মা-দেশ গত মজুরের দলীল" নামে বলা গেল।

Another authenticated copy of the matters so registered, together with the original certificate of the medical officer, shall be forthwith forwarded by the Magistrate to the Emigration Agent at the port of embarkation to which the emigrant is about to proceed

তদ্রূপ যে কথা রেজিষ্টরী করা গেল মাজিষ্ট্রেট সাহেব তাহার আর এক কেতা নকলে সহী করিয়া, মজুর যে বন্দরে গিয়া নৌকাদিতে উঠিবে সেই বন্দরের এমিগ্রেশন এজেন্ট সাহেবের নিকট অগৌণে ঐ ডাক্তরের আসল সর্টিফিকটের সঙ্গে ঐ নকল পাঠাইবেন।

For each registration of a recruit under this Act the recruiter shall pay to the officer making it a fee of eight annas

Registration fee

যে কর্ম্মকারক এই আইনমত মজুরদের ঐ কথা রেজিষ্টরী করেন, মজুর-সংগ্রাহক এক২ জনের রেজিষ্টরীর জন্যে তাঁহাকে ।।০ আট আনা মাত্র ফী দিবেন ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা

19 When the registration under this Act is completed, the emigrant and his dependents may be moved to the depôt at their port of embarkation

Journey to depôt

১৯ ধারা। এই আইন অনুসারে রেজিষ্টরী কার্য্য সমাপ্ত হইলে, মজুরেরা যে বন্দরে গিয়া নৌকাদিতে উঠিবে পোষ্য ব্যক্তিদের সহিত তাহাদিগকে সেই বন্দরের আড্ডায় পাঠান যাইতে পারিবে ইতি।

আড্ডায় যাইবার কথা।

20 The recruiter himself, or a competent person appointed by him with the approval of the Magistrate by whom such emigrants have been registered, shall accompany and take care of all emigrants and their dependents while journeying to the depôt

Care of emigrants on journey to depôt

The Magistrate shall give to every person so appointed a certificate under his signature, stating that he has been appointed to accompany and take care of certain emigrants during their journey to the depôt

Every recruiter by whom any emigrant or dependent is forwarded to a depôt shall, throughout the journey, provide him with proper and sufficient food and lodging

21 Whoever, being a duly licensed recruiter, removes for the purpose of emigration any recruit before the completion of such registration as aforesaid,

Penalties for infringing provisions as to recruitment

and whoever by means of intoxication, violence, fraud, false pretences, or misrepresentation induces any native of India to enter into a contract for labour to be performed in British Burma, or to proceed to or towards any sea-port for the purpose of proceeding to British Burma without having entered into any contract,

and whoever wilfully neglects to supply any emigrant or dependent under his care with proper and sufficient food and lodging, or otherwise ill-treats such emigrant or dependent on his journey to the depôt,

and whoever forwards, sends, or conveys any such emigrant or dependent with intent to contravene the provisions of this Act,

shall be punished with imprisonment which may extend to six months, or with fine which may extend to five hundred rupees, or with both

Procedure on arrival of Emigrants at Depôt

22 The Emigration Agent shall, within twenty-four hours after the arrival at the depot of any emigrant, give to the Medical Inspector notice in writing of such arrival

Notice of arrival of emigrants at depôt to be given to Medical Inspector

23 The copy of the matters so registered and the medical certificate of every emigrant forwarded to the Emigration Agent as provided by section eighteen, shall be shown to

Medical Inspector to examine emigrants

২০ ধারা। মজুরদের আড্ডায় যাইবার সময়ে মজুর-সংগ্রাহক তাহারদের সঙ্গে২ সমস্ত পথ যাইবে। কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ মজুরদিগকে রেজিষ্টরী করিলেন, তিনি যাহার যাইবার বিষয়ে অনুমতি দেন ঐ মজুর সংগ্রাহকের নিযুক্ত এমত কোন উপযুক্ত লোক তাহাদের সঙ্গে২ যাইবে ও মজুরদের ও তাহাদের পোষ্য ব্যক্তিদের তত্ত্ব লইবে।

আড্ডায় যাইবার পথে মজুরদের দেখা শুনার কথা।

তদ্রূপে যে ব্যক্তিকে নিযুক্ত করা যায় সে মজুরদের আড্ডা পর্য্যন্ত যাইবার পথে তাহারদের সঙ্গে২ যাইতে ও তাহাদের তত্ত্ব লইতে নিযুক্ত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট স্বাক্ষর করিয়া দিবেন।

যে মজুরসংগ্রাহক কোন মজুরকে কি তাহার পোষ্য ব্যক্তিকে আড্ডায় চালান করে, সে পথের মধ্যে তাহার খাইবার উপযুক্ত ও প্রচুর দ্রব্য ও থাকিবার স্থান পাইবার বিধান করিবে ইতি।

২১ ধারা। কোন ব্যক্তি উপযুক্তমতে লাইসেন্স পাইয়া সংগ্রাহক হইলে পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে সেই মজুরকে ভিন্নদেশে পাঠাইবার জন্যে স্থানান্তর করিয়া দিলে,

মজুর সংগ্রহ করিয়া লইবার বিধি লঙ্ঘন হইলে দণ্ডের কথা।

এবং কোন ব্যক্তি ভারতবর্ষজাত কোন লোককে নেশা করাইয়া দিয়া কিম্বা জোর করিয়া কিম্বা ভাঁড়াইয়া কি অন্যায় ভাব দেখাইয়া কি মিথ্যা কহিয়া ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করিবার চুক্তি করিতে, কিম্বা চুক্তি না করিয়া ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার নিমিত্ত সমুদ্রের নিকট কোন বন্দরে কি সেই বন্দরের দিগে যাইতে প্রবৃত্তি দিলে,

এবং মজুরের কিম্বা আপনার তত্ত্বাধীন তাহার কোন পোষ্য ব্যক্তির আড্ডায় যাইবার পথে ইচ্ছা করিয়া তাহার খাইবার উপযুক্ত ও প্রচুর আহার ও থাকিবার স্থান দিতে তাচ্ছল্য করিলে কিম্বা অন্য কোন প্রকারে তাহার প্রতি কদাচার করিলে,

এবং কোন ব্যক্তি এই আইনের বিধান লঙ্ঘন করিবার অভিপ্রায়ে তদ্রূপ মজুর কি পোষ্য ব্যক্তিকে চালান করিলে কি পাঠাইল কিম্বা লইয়া গেলে,

তাহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

মজুরেরা আড্ডায় পঁহুছিলে যাহা করা যাইবে তাহার কথা।

২২ ধারা। কোন মজুর আড্ডায় পঁহুছিলে পর এমিগ্রেশন এজেন্ট সাহেব চব্বিশ ঘণ্টার মধ্যে ডাক্তর সাহেবের নিকট লিখিয়া তাহার পঁহুছিবার কথা জানাইবেন ইতি।

মজুরেরা আড্ডায় পঁহুছিলে ডাক্তরকে সম্বাদ দিবার কথা।

২৩ ধারা। এমিগ্রেশন এজেন্টের নিকট ১৮ ধারার বিধানমতে প্রত্যেক জন মজুরের রেজিষ্টরী কথার যে নকল ও ডাক্তরের যে সর্টিফিকট পাঠান যায় তিনি

মজুরদিগকে ডাক্তর সাহেবের দেখিয়া লইবার কথা।

the Medical Inspector at the port of embarkation, and all emigrants and their dependents shall be examined by the Medical Inspector immediately after their arrival at the depôt

24 The Medical Inspector of emigrants shall also, at least once in every week, inspect the emigrants in the depôt, and examine into the state of the depôt and the manner in which the emigrants are therein lodged, fed, clothed, and otherwise provided for and attended to

Inspection of depôts

25 It shall be the special duty of the Medical Inspector to take care that no emigrant or dependent is suffering from any disease calculated to be dangerous to his neighbours, and to insolate or to exclude from the depôt and from embarkation persons who are so suffering.

Treatment of emigrant or dependent suffering from infectious disease

Any person so suffering may, if the Medical Inspector thinks fit, be removed to a proper hospital for treatment

26 If the Medical Inspector has reason to think that any emigrant is in such a state of health that his journey to British Burmah, or detention in the depôt, would be dangerous to himself or others, or that he is unfit for labour in British Burma, he shall so certify to the Emigration Agent, and in case any emigrant is in such a state of health as aforesaid, the Emigration Agent shall pay to such emigrant such sum as is necessary to enable him to return to the place at which he was registered

Emigration Agent to pay return expenses of rejected emigrants

And any emigrant who, from his state of health, is, in the opinion of the Medical Inspector, unfit to undertake such journey, shall be entitled to be fed, lodged, and attended to at the port of embarkation at the expense of the Emigration Agent, until he is reported by the Medical Inspector fit to undertake such journey

27 If a dependent has accompanied such emigrant, the Emigration Agent shall pay such sum as is necessary to enable him to return to the place at which he was registered, as well as to feed and lodge him during the detention (if any) of the emigrant in the depôt

Return expenses of dependents

তাহা লইয়া, মজুরেরা যে বন্দরে গিয়া নৌকাদিতে উঠিবে সেই বন্দরের ডাক্তর সাহেবকে দেখাইবেন। ও মজুরেরা আড্ডায় পঁহুছিলেই ডাক্তর সাহেব তাহারদিগকে ও তাহারদের পোষ্য ব্যক্তিদিগকে দেখিয়া লইবেন ইতি।

২৪ ধারা। আড্ডায় যত জন মজুর থাকে মজুরদের ডাক্তর সাহেব সপ্তাহের মধ্যে ন্যূনকল্পে একবার তথায় গিয়া ঐ মজুরদিগকে দেখিবেন, এবং আড্ডায় যে অবস্থা থাকে ও মজুরেরা থাকিবার যে প্রকারের স্থান ও যে প্রকারের আহার ও বস্ত্র পাইল ও অন্যান্য প্রকারে তাহাদের যে রূপ তত্ত্ব লওয়া গিয়া থাকে ইহা দেখিয়া লইবেন ইতি।

আড্ডা দেখিবার কথা।

২৫ ধারা। যে রোগ দ্বারা অন্য লোকদের রোগ জন্মাইবার আশঙ্কা থাকে কোন মজুরের কি তাহার পোষ্য ব্যক্তির এমত কোন রোগ না থাকে এই বিষয় দেখা, ও যাহাদের সেই রোগ থাকে তাহারদিগকে পৃথক রাখা, কিম্বা আড্ডাহইতে বাহির করিয়া দেওয়া ও ভিন্নদেশে যাইতে না দেওয়া, মজুরদের ডাক্তর সাহেবের বিশেষমতে কর্ত্তব্য।

মজুরের কি তাহার পোষ্য ব্যক্তির সঞ্চারক রোগ হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

ডাক্তর সাহেব উচিত বোধ করিলে, সেই ব্যক্তির চিকিৎসা হইবার জন্যে তাহাকে উপযুক্ত হাস্পাতালে পাঠান যাইতে পারিবে ইতি।

২৬ ধারা। কোন মজুরের শরীরের ভাব বিবেচনায় তাহার ব্রিটনীয় বর্ম্মাদেশে যাওয়া, কিম্বা তাহাকে আ-ড্ডায় রাখা আপনার ও অন্যদের পক্ষে আশঙ্কাজনক হয়, অথবা সে ব্রিটনীয় বর্ম্মাদেশে খাটিবার উপযুক্ত নয়, ডাক্তর সাহেব এই মত বোধ করিলে সর্টিফিকট লিখিয়া এমিগ্রেশন এজেন্টকে ঐ কথা জানাইবেন। ও মজুর উক্ত প্রকারে অসুস্থ হইলে যে স্থানে তাহাকে রেজিষ্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইতে পারিবার যত খরচ লাগে, এমিগ্রেশন এজেন্ট সাহেব তাহাকে তত খরচ দিবেন।

মজুরকে অগ্রাহ্য করা গেলে তাহার ফিরিয়া যাইবার খরচ এমিগ্রেশন এজেন্টের দিতে হইবার কথা।

আর কোন মজুরের শরীরের ভাব বিবেচনায় সে উক্ত দেশে যাত্রা করিবার উপযুক্ত নয়, ডাক্তর সাহেবের এমত বিবেচনা হইলে, ঐ সাহেব যত দিন তাহাকে ঐ দেশে যাত্রা করিবার উপযুক্ত বলিয়া রিপোর্ট না করেন, তত দিন নৌকাদিতে উঠিবার সেই বন্দরের এমিগ্রেশন এজেন্ট সাহেবের খরচে তাহার আহারাদি ও বাসা পাইবার ও সুশ্রূষা হইবার অধিকার থাকিবে ইতি।

২৭ ধারা। ঐ মজুরের পোষ্য ব্যক্তি তাহার সঙ্গে গেলে, যে স্থানে রেজিষ্টরী করা গেল সেই স্থানে তাহারও ফিরিয়া যাইবার যত খরচ লাগে এমিগ্রেশন এজেন্ট সাহেব তাহাও দিবেন, এবং মজুরকে আড্ডায় থাকিতে হইলে যত দিন থাকে তত দিন ঐ পোষ্য ব্যক্তিরও আহারাদি ও বাসা দিবেন ইতি।

পোষ্য ব্যক্তিদের ফিরিয়া যাইবার খরচের কথা।

Procedure where dependent is dangerously ill

28 If the Medical Inspector sees reason to think that any dependent is in such a state of health that his journey to British Burma, or his detention in the depôt, would be dangerous to himself or others, he shall so certify to the Emigration Agent, and thereupon the emigrant to whom such dependent is attached shall be entitled, if he so wishes, to return as if he himself had been certified to be unfit to proceed under section twenty-six

If the emigrant still desires to proceed, then the dependent shall be kept and be returned to the place at which he was registered as if he were an emigrant falling under section twenty-six

Countersignature by Medical Inspector where emigrant or dependent is passed by him

29 If the Medical Inspector sees no reason to certify in the manner provided in section twenty-six or section twenty-eight of any emigrant or dependent, he shall countersign the copy of the emigrant's instrument which is in the possession of the Emigration Agent

Procedure in case of ill treatment on journey

30 If, upon the arrival of any emigrant or dependent at the depot, it appear that he has suffered any ill-treatment, or that the recruiter has failed to provide him with proper and sufficient food and lodging during the journey to the depôt, the Local Government may order the Emigration Agent to pay him a reasonable sum by way of compensation

Ratification of contracts of emigrants passed by Medical Inspector

31. When the copy of an emigrant's instrument has been countersigned by the Medical Inspector under section twenty-nine, the Emigration Agent shall ratify the contract into which the emigrant has entered, by countersigning the emigrant's instrument and the authenticated copy thereof forwarded to the Emigration Agent under section eighteen

Registration of contracts

32 A copy of every such instrument shall be entered in a register to be kept by the Emigration Agent for the purpose, and a copy of such entry authenticated by himself shall be forwarded by him to the Emigration Agent at the port of debarkation

পোষ্য ব্যক্তির ঘোরতর পীড়া হইলে কার্য্যপ্রণালীর কথা।

২৮ ধারা। কোন পোষ্য ব্যক্তির শারীরিক অবস্থা বিবেচনায়, সে ব্রিটনীয় বর্ম্মাদেশে গেলে কিম্বা তাহাকে আডডায় রাখিলে তাহার নিজের কি অন্যের প্রাণের আশঙ্কা হইতে পারে, মজুরদের ডাক্তর সাহেবের এই রূপ বিবেচনা থাকিলে, তিনি এমিগ্রেশন এজেন্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন, তাহা হইলে ঐ ব্যক্তি যে মজুরের পোষ্য হয় সেই মজুর ২৬ ধারামতে যাইবার অনুপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে যেরূপে ফিরিয়া যাইতে পারিত, ইচ্ছা করিলে সেই রূপে যাইতে পারিবে।

কিন্তু মজুরের বর্ম্মাদেশে যাইবার ইচ্ছা থাকিলে, ঐ পোষ্য ব্যক্তিকে রাখা যাইবে ও যে স্থানে রেজিস্টরী করা গেল ২৬ ধারামত মজুরের ন্যায় তাহাকে সেই স্থানে ফিরিয়া পাঠান যাইবে ইতি।

ডাক্তর সাহেব মজুরকে কি পোষ্য ব্যক্তিকে গ্রাহ্য করিলে তাহার আড়সহী করিবার কথা।

২৯ ধারা। মজুরদের ডাক্তর সাহেব ২৬ ধারার বিধানমতে কোন মজুরের, কিম্বা ২৮ ধারার বিধানমতে কোন পোষ্য ব্যক্তির বিষয়ে সর্টিফিকট দিবার কারণ না জানিলে, এমিগ্রেশন এজেন্টের নিকট মজুরের চুক্তিপত্রের যে নকল থাকে তিনি তাহাতে আডসহী করিবেন ইতি।

পথে তাহার প্রতি অত্যাচার হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

৩০ ধারা। কোন মজুর কি মজুরের পোষ্য ব্যক্তি আডডায় পঁহুছিলে, তাহার প্রতি কোন প্রকারের অত্যাচার হইয়াছে, কিম্বা আডডায় আসিবার পথে মজুর-সংগ্রাহক তাহার খাইবার উপযুক্ত ও প্রচুর আহার ও বাসা পাইবার বিধান করে নাই, ইহা দেখিতে পাওয়া গেলে, স্থানীয় গবর্ণমেন্ট এমিগ্রেশন এজেন্ট সাহেবকে তাহার হানিপূরণ স্বরূপ যুক্তিমতে টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ডাক্তর সাহেব যে মজুরদিগকে গ্রাহ্য করেন তাহাদের চুক্তি স্থির করিয়া দিবার কথা।

৩১ ধারা। ডাক্তর সাহেব ২৯ ধারামতে কোন মজুরের দলীলের নকলে আডসহী করিলে, ঐ মজুর যে চুক্তি করিয়াছে এমিগ্রেশন এজেন্ট সাহেব মজুরের দলীল এবং ১৮ ধারামতে তাহার তসদীকী যে নকল এমিগেশন এজেন্ট সাহেবের নিকট পাঠান গেল তাহাতে আডসহী করিয়া সে চুক্তি দৃঢ় করিয়া দিবেন ইতি।

চুক্তি রেজিষ্টরী করিবার কথা।

৩২ ধারা। এমিগ্রেশন এজেন্ট সাহেব দলীল নকল লিখিয়া রাখিবার এক খান বহী রাখিবেন, তন্মধ্যে উক্ত প্রত্যেক দলীল নকল করিয়া রাখিবেন। ও সেই লিখিত কথার নকলে যথার্থ নকল বলিয়া সহী করিয়া, মজুর যে বন্দরে গিয়া নৌকাদিহইতে নামিয়া যাইবে সেই বন্দরের এমিগ্রেশন এজেন্ট সাহেবের নিকট ঐ নকল পাঠাইবেন ইতি।

[*Government Gazette*, 24th *August* 1875]

33 Any emigrant who, without reasonable cause, refuses to produce his instrument when required by the Emigration Agent, or in any respect to comply with the terms of his contract, shall be punished with a fine equal in amount to the cost incurred in engaging, registering, and conveying him to the depôt, and in default of payment of such fine, with imprisonment which may extend to two months, and such emigrant may forthwith be discharged from the depot

Procedure if emigrant refuses to produce instrument

A certificate signed by the Emigration Agent that reasonable cause for refusing to produce the emigrant's instrument has not been shown, shall be admissible as *primâ facie* evidence in proceeding taken under this section

A signed tificateby cer the Emigration Agent stating the cost incurred in engaging, registering, and conveying the emigrant to the depôt shall be conclusive evidence of the amount of such cost

Every fine levied under the provisions of this section shall be paid to the Emigration Agent

৩৩ ধারা। কোন মজুর উপযুক্ত কারণ না থাকিতেও এমিগ্রেশন এজেন্ট সাহেবের আজ্ঞামতে দলীল দেখাইতে না চাহিলে, কিম্বা কোন বিষয়ে ঐ চুক্তিপত্রের নিয়মানুসারে কার্য্য করিতে না চাহিলে তাহার সঙ্গে করার করিয়া তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় চালান করিতে যত টাকা খরচ হইল ঐ মজুরের তত টাকা দণ্ড দিতে হইবে। ঐ টাকা না দিলে তাহাকে দুই মাসের অনধিককাল কয়েদ করা যাইবে ও তৎকালেই ঐ মজুরকে আড্ডাহইতে বিদায় করিয়া দেওয়া যাইবে।

মজুর দলীল না দেখাইলে যাহা করিতে হইবে তাহার কথা।

মজুরের দলীল না দেখাইবার উপযুক্ত কারণ জানান যায় নাই, এমিগ্রেশন এজেন্ট সাহেব এই মর্ম্মে সর্টিফিকটে সহী করিলে, এই ধারামতে মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য করা যায় সেই কার্য্যে ঐ সর্টিফিকট আপাততঃ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে।

এমিগ্রেশন এজেন্ট সাহেব ঐ মজুরের সঙ্গে করার করিবার ও তাহাকে রেজিষ্টরী করিবার ও আড্ডায় চালান করিবার খরচের সর্টিফিকটে স্বাক্ষর করিলে ঐ সর্টিফিকট ঐ খরচের চূড়ান্ত প্রমাণ হইবে।

এই ধারার বিধানমতে দণ্ডের যে টাকা আদায় হয় তাহা এমিগ্রেশন এজেন্ট সাহেবকে দেওয়া যাইবে ইতি।

34 If within thirty days after the arrival at a depot of any emigrant, the Emigration Agent does not offer to ratify such contract in manner aforesaid,

Procedure if Agent neglects to ratify contract

or if the Emigration Agent, without the consent of the Local Government, refuses to be bound by the contract made with the emigrant,

the Local Government may order the Emigration Agent to pay to such emigrant such sum of money as is necessary to enable him, together with the dependents (if any) upon him to return to the place where he was registered, and in such case the emigrant shall be released from his contract

৩৪ ধারা। কোন মজুরের আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে এমিগ্রেশন এজেন্ট সাহেব পূর্ব্বোক্তমতে সেই চুক্তি দৃঢ় করিতে প্রস্তাব না করিলে,

এজেন্ট সাহেব ঐ চুক্তি দৃঢ় করিতে তাচ্ছল্য করিলে যাহা করিতে হইবে তাহার কথা।

কিম্বা মজুরের সঙ্গে যে চুক্তি করা গেল এমিগ্রেশন এজেন্ট সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না পাইয়া আপনাকে সেই চুক্তিতে বদ্ধ বলিয়া না মানিলে,

মজুরকে যে স্থানে রেজিষ্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার ও তাহার পোষ্য কোন ব্যক্তি সঙ্গে থাকিলে তাহারও ফিরিয়া যাইবার যত টাকা আবশ্যক হয়, এমিগ্রেশন এজেন্ট সাহেব তাহাকে তত টাকা দেন, স্থানীয় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে মজুর ঐ চুক্তিহইতে মুক্ত হইবে ইতি।

35 When the contract has been ratified by the Emigration Agent, the emigrant shall be deemed to have contracted with the Secretary of State for India in Council to proceed to British Burma, and there to labour according to the terms of his contract in any place and mode which, consistently with such terms and with the provisions of this Act, the Chief Commissioner or any officer appointed by him in that behalf may from to time direct

Consequence of ratification

৩৫ ধারা। এমিগ্রেশন এজেন্ট সাহেব ঐ চুক্তি দৃঢ় করিয়া দিলে পর, মজুর ব্রিটনীয় বর্ম্মাদেশে গিয়া প্রধান কমিশ্যনর সাহেব কিম্বা তৎপক্ষে তাঁহার নিযোজিত কোন কর্ম্মকারক ঐ চুক্তিপত্রের নিয়মের ও এই আইনের বিধানের সঙ্গত রূপে তাহাকে সময় ২ ঐ চুক্তিপত্রের নিয়মানুসারে যে স্থানে যাইতে ও যে রূপে কর্ম্ম করিতে আজ্ঞা করেন, ঐ মজুর ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সঙ্গে তথায় গিয়া সেইরূপে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

দৃঢ় করণের ফলের কথা।

Emigrant vessels and embarkation of Emigrants

When contract is ratified, emigrant may be forwarded to British Burma

36 When the contract of any emigrant has been duly ratified as aforesaid, he may be forwarded to British Burma together with his registered dependents, if any.

No vessel to carry emigrants without a license

37 It shall not be lawful to receive any emigrant on board any vessel, unless a license to carry emigrants in such vessel has been obtained from the Local Government of the port of embarkation.

The granting or withholding of any such license shall be in the discretion of the Local Government.

Licensee bound to comply with provisions of Act and Rules

38 Every person obtaining a license under the last preceding section shall be bound to comply with the provisions of this Act and the rules made hereunder, so far as such provisions and rules relate to him.

And any such person failing to comply with any of such provisions or rules shall be liable to a fine not exceeding one thousand rupees.

List of emigrants

39 Before leaving the port of embarkation, the Emigration Agent shall furnish the master of any vessel licensed to carry emigrants with a list specifying as accurately as may be the names, ages, and occupations and the names of the fathers of the emigrants on board,

Certificates from Emigration Agent and Medical Inspector

and the master shall obtain from the Emigration Agent and the Medical Inspector of Emigrants certificates under their respective hands, to the effect that they have in respect of the emigrants proceeding in such vessel done all that is hereinbefore required to be done on the part of such Emigration Agent and Medical Inspector respectively, and that, to the best of their knowledge, all the directions herein contained for ensuring the health, comfort, and safety of the emigrants have been duly complied with, as well as all rules for the time being in force under section eighty-six.

[*Government Gazette 24th August* 1875.]

মজুরদের নৌকাদির কথা ও তাহাতে মজুরদের উঠিবার কথা।

চুক্তি দৃঢ় করা গেলে মজুরকে ব্রিটনীয় বর্ম্মাদেশে চালান করিবার কথা।

৩৬ ধারা। কোন মজুরের চুক্তি পূর্ব্বোক্তমতে নিয়মিতরূপে দৃঢ়করা গেলে, তাহার রজিষ্টরী করা পোষ্য ব্যক্তি থাকিলে তাহার সঙ্গে তাহাকে ব্রিটনীয় বর্ম্মাদেশে চালান করা যাইতে পারিবে ইতি।

নৌকাদি লাইসেন্স না পাইলে মজুরদিগকে লইয়া না যাইতে পারিবার কথা।

৩৭ ধারা। মজুরেরা যে বন্দরে নৌকাদিতে উঠিবে সেই বন্দরের স্থানীয় গবর্ণমেণ্টের নিকট ঐ নৌকাদিতে মজুরদিগকে লইয়া যাইবার লাইসেন্স পাওয়া না গেলে, সেই নৌকাদিতে কোন মজুরকে লইবার অনুমতি নাই।

স্থানীয় গবর্ণমেণ্ট যেমন বিবেচনা করেন তেমনি ঐ লাইসেন্স দিবেন বা নাই দিবেন ইতি।

লাইসেন্স পাওয়া গেলে আইন ও বিধিমতে কর্ম্ম করিতে হইবার কথা।

৩৮ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারামতে লাইসেন্স পাইলে, এই আইনের বিধান ও এই আইনমতে যেং বিধি করা যায় তাহার বিধান তাঁহার প্রতি যতদূর খাটে, তাঁহার সেই বিধানমতে তত দূর কার্য্য করিতেই হইবে।

তদ্রূপ কোন ব্যক্তি পূর্ব্বোক্ত অন্যতর বিধান কি বিধি না মানিলে, তাহার এক হাজার টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

মজুরদের নির্ঘণ্টপত্রের কথা।

৩৯ ধারা। মজুরেরা যে বন্দরে নৌকাদিতে উঠিয়া যাইবে সেই বন্দরহইতে খুলিয়া যাইবার পূর্ব্বে যে নৌকাদি মজুরদিগকে লইয়া যাইবার লাইসেন্স পাইল এমিগ্রেশন এজেণ্ট সাহেব, সেই নৌকাদির কাপ্তানকে ঐ নৌকাদিগত সকল মজুরের নামের নির্ঘণ্টপত্র দিবেন। ঐ মজুরদের নাম ও বয়স ও ব্যবসায় ও পিতার নাম যত দূর ঠিক করিয়া জানা যাইতে পারে ঐ নির্ঘণ্টপত্রে তাহা লেখা থাকিবে।

এমিগ্রেশন এজেণ্টের ও ডাক্তরের সর্টিফিকটের কথা।

এবং ঐ নৌকাদির কাপ্তান এমিগ্রেশন এজেণ্ট সাহেবের ও মজুরদের ডাক্তর সাহেবের নিজং হাতের স্বাক্ষর করা সর্টিফিকট লইবেন। সর্টিফিকটের মর্ম্ম এই, ঐ নৌকাদিতে যে মজুরেরা যাইতেছে তাহাদের বিষয়ে উক্ত এমিগ্রেশন এজেণ্ট সাহেবের ও ডাক্তর সাহেবের দ্বারা ইহার পূর্ব্ব লিখিত সকল বিধানে যেং কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে তাঁহারা সেইং কর্ম্ম করিয়াছেন, এবং আইনে মজুরদের স্বাস্থ্যের ও স্বচ্ছন্দতার ও নিরাপদের জন্যে যে সকল কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে তাঁহাদের আজ্ঞানুসারে সেই সকল আজ্ঞামতে কর্ম্ম করা গিয়াছে, এবং ৮৬ ধারামতে যৎকালে যে বিধি প্রবল থাকে তদনুসারেও কার্য্য করা গিয়াছে ইতি।

40. If any emigrant without sufficient cause refuses or neglects to embark when called upon by the Emigration Agent so to do, it shall not be lawful to compel such emigrant or his dependents (if any) to embark, or to put him or them on board ship against his will or to detain him or them against his or their will, at the depôt or elsewhere, but nothing in this section shall diminish or affect the civil or criminal liabilities which such emigrant incurs by reason or in respect of his refusal or neglect aforesaid

Procedure if emigrant refuses to embark

৪০ ধারা। এমিগ্রেশন এজেন্ট সাহেব কোন মজুরকে নৌকাদিতে উঠিতে বলিলে, যদি সে উপযুক্ত কারণ না থাকিতেও উঠিতে না চাহে কিম্বা না উঠে, তবে সেই মজুরকে এবং তাহার পোষ্যবর্গ থাকিলে তাহাদিগকে জোর করিয়া নৌকাদিতে উঠাইয়া দিতে হইবে না, কিম্বা ইচ্ছা না থাকিলে তাহাকে কি তাহাদিগকে নৌকাদিতে দিতে হইবে না, কিম্বা ইচ্ছা না থাকিলে তাহাকে কি তাহাদিগকে আড্ডায় কি অন্য স্থানে আটক করিয়া রাখিতে হইবে না। কিন্তু উক্ত প্রকারে যাইতে ইচ্ছা না করাতে কি না যাওয়াতে মজুরের উপর দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমাসম্পর্কে যে দায় বর্ত্তে, এই ধারার কোন কথাদ্বারা তাহা কম করা যাইবে না ও তাহার ব্যাঘাত হইবে না।

মজুর জাহাজে উঠিতে না চাহিলে যাহা করিতে হইবে তাহার কথা।

Explanation —The arbitrary refusal of any such dependent to embark shall not be deemed 'sufficient cause' within the meaning of this section

অর্থের কথা।—উক্ত কোন পোষ্য ব্যক্তি স্বেচ্ছাচারি হইয়া নৌকাদিতে উঠিতে না চাহিলে, তাহা এই ধারার অর্থমতে 'উপযুক্ত কারণ' বলিয়া জ্ঞান হইবে না।

Every case in which an emigrant is charged under this section before a Magistrate of Police in a Presidency town shall be heard and determined in a summary manner, and every such emigrant shall on conviction, whether by such Police Magistrate or any other Magistrate, be punished in the manner provided in section four hundred and ninety two of the Indian Penal Code for the punishment of offences under that section

রাজধানীর মধ্যে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে মজুরের নামে এই ধারামতে নালিশ হইলে, সেই মোকদ্দমা সরাসরীমতে শুনিয়া নিষ্পত্তি করা যাইবে, ও পোলীস মাজিষ্ট্রেটের কিম্বা অন্য কোন মাজিষ্ট্রেটের দ্বারা অপরাধ প্রমাণ হইলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৯২ ধারায় অপরাধের দণ্ডের যে বিধান হইয়াছে ঐ মজুরের সেই বিধানমতে দণ্ড হইবে ইতি।

41 The Emigration Agent shall, before the embarkation of any emigrant, ascertain that he has in his possession the instrument mentioned in section eighteen

Procedure as to emigrant's instrument

৪১ ধারা। ১৮ ধারায় যে দলীলের কথা আছে নৌকাদিতে উঠিবার পূর্ব্বে মজুরের নিকট ঐ দলীল আছে কি না এমিগ্রেশন এজেন্ট সাহেব ইহা জানিয়া লইবেন।

মজুরের দলীলের বিষয়ে কার্য্যপ্রণালীর কথা।

If it appear to the satisfaction of the Emigration Agent that any emigrant has lost such copy, the Agent may furnish him with another copy of such instrument, to be made from the copy forwarded by the Magistrate under section eighteen, and shall thereupon allow such emigrant to embark

মজুরের সেই নকল খানি হারাইয়াছে এমিগ্রেশন এজেন্ট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে, তিনি ১৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের স্থানে ঐ দলীলের যে নকল পাইলেন তাহা দেখিয়া আর এক খানি নকল করাইয়া মজুরকে দিয়া নৌকাদিতে উঠিতে দিবেন ইতি।

42 The offices of Emigration Agent and of Medical Inspector of Emigrants may be held by the same person, but in such case he shall perform only such of the duties hereinbefore prescribed for the two offices as are necessary for carrying out in substance the provisions of this Part

Provision for offices of Emigration Agent and Medical Inspector being held by the same person

৪২ ধারা। এমিগ্রেশন এজেন্টের ও মজুরদের ডাক্তরের পদ একি ব্যক্তি পাইতে পারিবেন। একি ব্যক্তি তাহা পাইলে, ঐ দুই পদ সংক্রান্ত যে২ কার্য্য ইহার পূর্ব্ব নান ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে এই অধ্যায়ের বিধানের মর্ম্ম সফল করিবার জন্যে সেই২ কার্য্যের মধ্যে যাহা আবশ্যক হয় তিনি কেবল সেই২ কার্য্য করিবেন ইতি।

এমিগ্রেশন এজেন্টের ও ডাক্তরের কর্ম্ম একি ব্যক্তির করিতে পারিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগস্ট।]

PART III

Debarkation and Transit to Districts of Labour

Officers and Depôts at ports of debarkation

Immigration Agent and Medical Inspector of Immigrants

43 The Chief Commissioner shall, at each port of debarkation, appoint an Immigration Agent and a Medical Inspector of Immigrants, and shall, by notification in the *British Burma Gazette*, define the local limits within which every such Agent and Inspector shall exercise the powers conferred upon him by this Act

Depôt at port of debarkation

44 At every such port the Immigration Agent shall establish a suitable depôt for immigrants under this Act, and provide them with proper and sufficient lodging, food, clothing, and medical attendance in such depôt until they are despatched to the place of labour

Such depôt shall be at all times open to the inspection of the Medical Inspector of Immigrants

Procedure on arrival of Vessel carrying Immigrants

Master to report arrival of vessel carrying immigrants

45 Upon the arrival at any port of debarkation of any vessel carrying immigrants, the master of such vessel shall at once report his arrival to the Immigration Agent, and no immigrant on board shall be allowed to land without the permission of such Agent first obtained

Any master of a vessel who allows any immigrant to land without such permission may be punished by a fine which may extend to fifty rupees for each person so landed

Examination of immigrants by Immigration Agent

46 Upon receipt of the report of arrival of any vessel carrying immigrants, the Immigration Agent or such other officer as he deputes in this behalf shall forthwith go on board such vessel and satisfy himself that the vessel has on board its proper list of immigrants, and shall compare the immigrants on board with the list

তৃতীয় অধ্যায়।

নৌকাদিহইতে মজুরদিগকে নামাইয়া দিবার ও মজুরী করিবার জিলায় লইয়া যাইবার কথা।

যে বন্দরে নৌকাদি হইতে নামিবে সেই বন্দরের কর্ম্মকারকদের ও আড্ডার কথা।

ইমিগ্রেশন এজেণ্টের ও মজুরদের দেখিবার ডাক্তরের কথা।

৪৩ ধারা। মজুরেরা যে২ বন্দরে নৌকাদিহইতে নামিয়া যাইবে, প্রধান কমিশ্যনর সাহেব সেই২ বন্দরে এক২ জন ইমিগ্রেশন এজেণ্টকে ও মজুরদের দেখিবার এক২ জন ডাক্তরকে নিযুক্ত করিবেন। এবং উক্ত এজেণ্ট সাহেবের ও ডাক্তর সাহেবের প্রতি এই আইন দ্বারা যে২ ক্ষমতা অর্পণ করা গেল, তাঁহারা যে সীমার মধ্যে সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন উক্ত প্রধান কমিশ্যনর সাহেব ব্রিটিশ বর্ম্মা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নির্ণয় করিবেন ইতি।

মজুরদের নামিয়া যাইবার স্থানের আড্ডার কথা।

৪৪ ধারা। এই আইনমতে যে মজুরেরা উক্ত কোন বন্দরে যায়, তৎস্থানের ইমিগ্রেশন এজেণ্ট সাহেব সেই বন্দরে তাহাদের উপযুক্ত আড্ডা স্থাপন করিবেন, ও মজুরী করিবার স্থানে তাহাদিগকে যত দিন না পাঠান যায় তত দিন সেই আড্ডায় তাহাদের থাকিবার উপযুক্ত ও প্রচুর স্থানের ও আহারীয় দ্রব্যের ও বস্ত্রের ও চিকিৎসার বিধান করিবেন।

ঐ মজুরদের ডাক্তর সাহেব সকল সময়ে সেই আড্ডায় গিয়া দেখিতে পাইবেন ইতি।

মজুরদিগকে লইয়া নৌকাদি পঁহুছিলে যাহা করিতে হইবে তাহার কথা।

মজুরদিগকে লইয়া নৌকাদি পঁহুছিলে কাপ্তানের রিপোর্ট করিতে হইবার কথা।

৪৫ ধারা। নৌকাদি মজুরদিগকে লইয়া তাহাদের নামিয়া যাইবার বন্দরে পঁহুছিলে, কাপ্তান অগৌণে সেই ইমিগ্রেশন এজেণ্ট সাহেবের নিকট আপনার পঁহুছিবার রিপোর্ট করিবেন। ও সেই এজেণ্ট সাহেবের অনুমতি না হইলে ঐ নৌকাদির কোন মজুর নামিয়া যাইতে পারিবে না।

কোন নৌকাদির কাপ্তান তদ্রূপ অনুমতি না পাইয়া কোন মজুরকে নামিয়া যাইতে দিলে, যত জন নামিয়া যায় তাহাদের এক২ জনের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

মজুরদিগকে ইমিগ্রেশন এজেণ্টের দেখিয়া লইবার কথা।

৪৬ ধারা। যে নৌকাদি মজুর লইয়া যায় এমত কোন নৌকাদির পঁহুছিবার সম্বাদ পাইলে ইমিগ্রেশন এজেণ্ট সাহেব কিম্বা তিনি এই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি তখনই ঐ নৌকাদিতে যাইবেন, এবং নৌকাদিতে মজুরদের উপযুক্ত নির্ঘণ্টপত্র আছে ইহা সুবোধমতে জানিয়া লইয়া ঐ নির্ঘণ্টপত্রের সঙ্গে মজুরদিগকে মিলাইয়া দেখিবেন।

Examination by Medical Inspector

The Medical Inspector shall also, as soon as may be, examine the immigrants, in order to ascertain whether any of them are suffering from contagious or infectious disease

ডাক্তর সাহেবের পরীক্ষার কথা ।

আরো মজুরদের মধ্য কোন ব্যক্তির ছোঁয়াছিয়া কি সঞ্চারক রোগ আছে কি না ইহা জানিবার জন্যে ডাক্তর সাহেব সাধ্যমতে ত্বরায় সেই মজুরদিগকে দেখিয়া লইবেন ।

Any immigrant suffering under any such disease may, if the Medical Inspector thinks fit, be removed to a proper hospital for treatment

কোন ব্যক্তির তদ্রূপ রোগ থাকিলে ডাক্তর সাহেব উচিত বোধ করিলে চিকিৎসার জন্যে তাহাকে উপযুক্ত হাস্পাতালে পাঠাইবেন ইতি ।

Inquiry into treatment of immigrants on the voyage

47 The Immigration Agent may, if he thinks fit, and shall, on complaint made by any of the immigrants, inquire into the treatment of the immigrants during the voyage and submit a report thereon to the Chief Commissioner

পথে মজুরদের প্রতি যদ্রূপ আচার হইল তাহার সন্ধান লইবার কথা ।

৪৭ ধারা । পথে আসিবার সময়ে মজুরদের প্রতি কিরূপ ব্যবহার হইয়াছে, ইমিগ্রেশন এজেন্ট সাহেব উচিত বোধ করিলে ইহার সন্ধান লইতে পারিবেন, এবং মজুরদের কোন ব্যক্তি নালিশ করিলে তাঁহার তদ্রূপ সন্ধান লইতেই হইবে । ও তিনি প্রধান কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের রিপোর্ট পাঠাইবেন ইতি ।

Assignment of Immigrants

মজুরদিগকে নিরূপণ করিয়া দিবার কথা ।

Assignment of immigrants to employers

48 The Chief Commissioner may, from time to time, make rules consistent with this Act regulating—

(*a*) applications to the Immigration Agent by persons desiring to employ immigrants,

(*b*) the terms on which the Agent shall assign immigrants to such persons respectively,

(*c*) the terms on which immigrants shall be allowed to labour on their own account

All such rules shall be published in the *British Burma Gazette*

মুনিবদের প্রতি মজুরদিগকে নিরূপণ করিয়া দিবার কথা ।

৪৮ ধারা । (ক) যে ব্যক্তিরা মজুরদিগকে কর্ম্ম দিতে চাহেন ইমিগ্রেশন এজেন্ট সাহেবের নিকট তাঁহাদের যে রূপে দরখাস্ত করিতে হইবে,

(খ) এজেন্ট সাহেব তাঁহাদের পক্ষে যে নিয়মমতে মজুর নিরূপণ করিয়া দিবেন,

(গ) মজুরেরা যে নিয়মমতে আপনাদের নিমিত্ত কর্ম্ম করিবার অনুমতি পাইতে পারিবে,

প্রধান কমিশ্যনর সাহেব সময়ে২ এই আইনের সঙ্গত ভাবে এই২ বিষয়ের বিধি করিতে পারিবেন ।

তদ্রূপ সকল বিধি ব্রিটিশ বর্ম্মা গেজেটে প্রকাশ করা যাইবে ইতি ।

Immigrants not to be separated from dependents

49 In assigning immigrants to particular employers, the Immigration Agent shall, so far as may be practicable, take care that they are not separated from their dependents

মজুরদের হইতে পোষ্য ব্যক্তিদিগকে পৃথক না করিবার কথা ।

৪৯ ধারা । ইমিগ্রেশন এজেন্ট সাহেব নানা মুনিবের পক্ষে মজুরদিগকে নিরূপণ করিতে গেলে, সেই মজুরদেরহইতে তাহাদের পোষ্য ব্যক্তিদিগকে পৃথক না করা যায়, এই বিষয় যত দূর পারেন তত দূর চেষ্টা করিবেন ইতি ।

Form of assignment

50 The assignment may be made in such form as the Chief Commissioner shall by rule direct, and the Immigration Agent shall send each employer a copy, authenticated by himself, of the entry forwarded to him by the Emigration Agent under section thirty-two

Such copy is hereinafter called "the employer's instrument"

নিরূপণপত্র লিখিবার পাঠের কথা ।

৫০ ধারা । প্রধান কমিশ্যনর সাহেব বিধি করিয়া যে পাঠের আজ্ঞা করেন, ঐ নিরূপণপত্র সেই পাঠে লেখা যাইবে । ও ইমিগ্রেশন এজেন্ট সাহেব ৩২ ধারামতে ইমিগ্রেশন এজেন্ট সাহেবের নিকট যে রেজিষ্টরী কথার নকল পাঠান, তিনি তাহা তসদীক করিয়া প্রত্যেক জন মুনিবের নিকট তাহার এক২ খানি নকল পাঠাইবেন ।

ইহার পশ্চাৎ নানা ধারায় সেই নকল "মুনিবের দলীল" বলিয়া কহা গিয়াছে ইতি ।

51 The Immigration Agent shall endorse on the instrument of every immigrant assigned under section fifty an entry showing—

Entry of assignment in immigrant's instrument

(*a*) the name and residence of his employer, and

(*b*) the period for which the immigrant is so assigned

PART IV

THE LABOUR DISTRICTS, AND RELATIONS OF EMPLOYER AND IMMIGRANT

Inspectors of Immigrants

52 The Chief Commissioner may appoint so many Inspectors and Assistant Inspectors of Immigrants as he thinks proper, and may from time to time define, by notification in the *British Burma Gazette*, the local limits within which each such Inspector and Assistant Inspector shall exercise and perform the powers and duties conferred and imposed on him by this Act

Appointment of Inspectors and Assistant Inspectors

The Chief Commissioner may confer all or any of the powers of a Magistrate on such Inspectors and Assistant Inspectors, and they shall be public servants within the meaning of the Indian Penal Code

Powers of Inspectors

53 Every employer of immigrants under this Act shall, on such days and in such mode as may from time to time be prescribed by rule, under section eighty-seven, make out in writing, and deliver to the Inspector of Immigrants, a return of the number of immigrants so employed by him, and a return of the sickness and mortality among them during the preceding six months

Return of immigrants to be sent in by employer, &c, to Inspector

54 Any employer refusing, or wilfully omitting, to send in any such return as mentioned in the last preceding section, or knowingly sending in an incorrect return, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding five hundred rupees,

Penalty for refusing or omitting to send in return or sending in incorrect return

and a certificate under the hand of the Inspector to whom such return ought to have been sent, stating that such return has not been received, or is incorrect as aforesaid, shall be received as *primâ facie* evidence of the truth of such statement

[*Government Gazette, 24th August* 1875]

৫১ ধারা। ৫০ ধারামতে যেং মজুরকে নিরূপণ করিয়া দেওয়া যায়, ইমিগ্রেশন এজেণ্ট তাহাদের প্রত্যেক জনের দলীলের পৃষ্ঠে এইং কথা লিখিবেন।

মজুরের দলীলে নিরূপণ সূচক কথা লিখিবার কথা।

(ক) মুনিবের নাম ও বাসস্থান, ও

(খ) ঐ মজুরকে যত দিনের নিমিত্ত নিরূপণ করিয়া দেওয়া গেল তাহা ইতি।

চতুর্থ অধ্যায়।

মজুরী করিবার স্থান এবং মুনিবের ও মজুরের সম্বন্ধ বিষয়ক বিধি।

মজুরদের ইনস্পেকটরদের কথা।

৫২ ধারা। প্রধান কমিশ্যনর সাহেব যত জন ইনস্পেকটর ও আসিষ্টাণ্ট ইনস্পেকটর নিযুক্ত করা উচিত বোধ করেন নিযুক্ত করিতে পারিবেন। ও এই আইনদ্বারা উক্ত ইনস্পেকটর ও আসিষ্টাণ্ট ইনস্পেকটরের প্রতি যেং ক্ষমতা অর্পণ করা যায় ও তাঁহাদের কর্ত্তব্য যেং কর্ম্ম নিরূপণ হয়, স্থানীয় যেং সীমার মধ্যে তাঁহারা প্রত্যেক জন সেইং ক্ষমতানুসারে সেইং কার্য্য করিবেন, তিনি ব্রিটিস বর্ম্মা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নির্ণয় করিবেন।

ইনস্পেক্টর ও আসিষ্টাণ্ট ইন্স্পেক্টর নিযুক্ত হওয়ার কথা।

প্রধান কমিশ্যনর সাহেব উক্ত ইনস্পেকটর ও আসিষ্টাণ্ট ইনস্পেকটরদের প্রতি মাজিষ্ট্রেটের সকল কি অন্যতর ক্ষমতা দিতে পারিবেন, ও তাঁহারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুসারে রাজকীয় কার্য্যকারক হইবেন ইতি।

ইনস্পেক্টরদের ক্ষমতার কথা।

৫৩ ধারা। এই আইনমতে যে ব্যক্তি মজুরদের মুনীব হন, তাঁহার নিকট যত জন মজুর কর্ম্ম করে ইহার রিটর্ণ, ও পূর্ব্ব ছয় মাসাবধি তাহাদের মধ্যে কত জনের পীড়া ও কত জনের মৃত্যু হইযাছে ইহার রিটর্ণ লিখিযা, ৮৭ ধারামতে যেং দিন ও যেং নিয়ম সময়েং নির্দ্ধারিত হয় সেইং দিনে ও সেইং নিয়মমতে মজুরদের ইনস্পেকটর সাহেবকে দিবেন ইতি।

ইনস্পেক্টরের নিকট মজুরদের রিটর্ণ পাঠাইতে হইবর কথা।

৫৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে রিটর্ণের কথা আছে কোন মুনিব তাহা দিতে না চাহিলে, কিম্বা ইচ্ছা করিযা না দিলে, কিম্বা জানিয়া শুনিযা অশুদ্ধ রিটর্ণ দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

রিটর্ণ দিতে না চাহিলে কি না দিলে কি অশুদ্ধ রিটর্ণ দিলে দণ্ডের কথা।

ও সেই রিটর্ণ যে ইনস্পেক্টর সাহেবের নিকট পাঠান উচিত, তদ্রূপ রিটর্ণ পাওয়া যায় নাই কিম্বা পূর্ব্বোক্ত মতে অশুদ্ধ আছে বলিযা তিনি সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিলে, তাহা আপাতত ঐ কথার সত্যতার প্রমাণ বলিযা গ্রাহ্য হইবে ইতি।

55 Every Inspector of Immigrants shall, so often as may be directed by the Chief Commissioner, visit all lands and houses within the limits of his authority on or in which any immigrant is employed, and inspect every building or place in any way used by or for any such immigrants, or in or on which any such immigrants are employed and investigate the condition of such immigrants, and for such purpose the Inspector may require that any immigrant shall be produced before him with all papers relating to his contract under this Act, and may make such enquiries as may to him seem proper

Inspector's visits

৫৫ ধারা। মজুরদের কোন ইনস্পেক্টর সাহেবের ক্ষমতার সীমার মধ্যে যে সকল ভূমিতে ও বাটীতে কোন মজুরেরা কর্ম্ম করে, প্রধান কমিশ্যনর সাহেব তাঁহাকে যত বার তথায় যাইতে আজ্ঞা করেন তিনি ততবার তথায় গিয়া ঐ মজুরেরা যে কোন প্রকারে যে২ ঘরের কি স্থানের ব্যবহার করে তাহা দেখিয়া লইবেন, ও ঐ মজুরদের অবস্থার অনুসন্ধান লইবেন। তন্নিমিত্তে কোন মজুর এই আইনমতে যে চুক্তি করিয়াছে তৎসম্বন্ধীয় সকল কাগজপত্র সহিত তাহাকে আপনার সম্মুখে আনা যায় তিনি এমত আদেশ করিতে, ও যে সকল কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন তাহা জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

ইনস্পেক্টরের দেখিতে যাওয়ার কথা।

56 Any Magistrate exercising jurisdiction in the district, and any person authorized by him in writing in this behalf may at any time—

Power to inspect buildings, &c, and make enquiries as to immigrants

(a) enter and inspect any building or place wholly or partially used by or for immigrants,

(b) require that any immigrant be brought before him, and

(c) make any enquiries which he thinks proper touching the condition or treatment of any immigrant.

৫৬ ধারা। কোন জিলায় যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে তিনি এবং এতৎপক্ষে লিখনদ্বারা তাঁহার স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কোন সময়ে,

গৃহাদি দেখিবার ও মজুরদের বিষয়ে কোন কথা জিজ্ঞাসা করিবার ক্ষমতার কথা।

(ক) মজুরদের দ্বারা কি মজুরদের নিমিত্ত যে ঘরের কি স্থানের সমুদয় কি একাংশের ব্যবহার হইয়া থাকে তাহার মধ্যে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন,

(খ) ও কোন মজুরকে তাঁহার নিকট আনা যায় এমত আদেশ করিতে পারিবেন,

(গ) ও সেই মজুরের কিরূপ অবস্থা আছে ও তাহার প্রতি কিরূপ আচার হইয়া থাকে তাহার নিকট এই বিষয়ের কোন কথা জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

57 Any employer, and any person acting under his orders or on his behalf, who wilfully obstructs or impedes any visit, entry, inspection or enquiry under section fifty five or section fifty-six, shall be liable for every such offence to a fine which may extend to five hundred rupees

Penalty on person obstructing inspection, &c

৫৭ ধারা। কোন মুনিব এবং তাঁহার আজ্ঞামতে কিম্বা তাঁহার তরফে কোন ব্যক্তি কর্ম্ম করিয়া ৫৫ কি ৫৬ ধারামতে কোন ঘর প্রভৃতিতে যাইবার ও প্রবেশ করিবার কি দেখিবার কিম্বা কোন কথা জিজ্ঞাসা করিবার প্রতিবন্ধক হইলে কিম্বা বাধা দিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দেখিয়া লওন প্রভৃতির বাধা দিলে দণ্ডের কথা।

Suspension or Cancellation of Assignment

নিরূপণপত্র স্থগিত কি রহিত করিবার কথা।

58 The Inspector of immigrants, within the local limits of whose authority any immigrant is employed, may suspend, for such period as he thinks fit, the assignment of such immigrant, or any particular term of his contract under this Act, if he be in the judgment of the Inspector temporarily incapacitated for the performance thereof by reason of sickness or other sufficient cause

Inspector may suspend assignment of any immigrant temporarily unfitted for labour

Provided that every such immigrant shall, during such incapacity, receive from his employer such subsistence money, not exceeding his wages, as the Inspector thinks sufficient

৫৮ ধারা। কোন মজুর যে ইনস্পেক্টর সাহেবের ক্ষমতার অধীন স্থানে কর্ম্ম করে, তাঁহার বিবেচনামতে সে পীড়িত হওয়াতে কি অন্য উপযুক্ত কারণে কিছু কালের নিমিত্ত কর্ম্ম করিতে অপারক হইলে, তিনি যত দিন বিহিত বোধ করেন তত দিনের নিমিত্ত ঐ মজুরের নিরূপণপত্র কিম্বা এই আইনমতে চুক্তির কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন।

কোন মজুর কিয়ৎকালের নিমিত্ত কর্ম্ম করিতে অপারক হইলে তাহার নিরূপণপত্র ইনস্পেক্টর সাহেবের স্থগিত রাখিতে পারিবার কথা।

কিন্তু ঐ মজুর যত দিন কর্ম্ম করিতে না পারে, ইনস্পেক্টর সাহেবের বিবেচনায় তাহার তত দিন বেতনের অনধিক যত খোরাকী পাওয়া উচিত, মুনিবের নিকট সে তত খোরাকী পাইবে ইতি।

59 If any immigrant is compelled to perform any species of labour for which he is at the time manifestly unfit, or which is at variance with the terms of his assignment, the person so compelling him shall, on conviction by a Magistrate, be liable to a fine not exceeding one hundred rupees

Penalty for compelling immigrant to perform work for which he is unfit

৫৯ ধারা। মজুর কোন সময়ে যে কর্ম্ম করিতে স্পষ্টই অপারক, কিম্বা যে কর্ম্ম তাহার নিরূপণপত্রের নিয়মানুযায়ী না হয়, কোন ব্যক্তি জোর করিয়া তাহাকে এমত কর্ম্ম করাইলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে ঐ ব্যক্তির এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

মজুর যে কর্ম্ম করিতে অপারক তাহাকে এমত কর্ম্ম করাইবার দণ্ডের কথা।

60 If, in the opinion of the Inspector of Immigrants any immigrant is permanently incapacitated for the performance of his contract, according to the terms of his assignment, the Inspector shall certify to that effect in writing, and deliver such certificate to the employer of such immigrant, or to his manager or agent, and from the date of such delivery the assignment of such emigrant shall be wholly vacated

Power to discharge immigrants permanently unfitted for labour

৬০ ধারা। মজুরদের ইনস্পেক্‌টর সাহেবের বিবেচনায় কোন মজুর আপনার নিরূপণপত্রের নিয়মমতে চুক্তিমত কর্ম্ম করিতে একেবারে অপারক হইলে, ইনস্পেক্‌টর সাহেব সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া ঐ মজুরের মুনিবকে কিম্বা তাঁহার কার্য্যাধ্যক্ষ কি এজেন্টকে দিবেন। ও সেই সর্টিফিকটের তারিখঅবধি ঐ মজুরের নিরূপণপত্র একেবারে রহিত হইয়া যাইবে।

মজুর একেবারে কর্ম্ম করিতে অপারক হইলে তাহাকে বিদায় করিয়া দিবার ক্ষমতার কথা।

The Inspector shall report every such case to the Local Government, and the Local Government shall either provide for the employment and support of the immigrant and of his dependents, or return them to the place at which they were registered

ইনস্পেক্‌টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের নিকট উক্ত প্রত্যেক ব্যক্তির বিষয়ে রিপোর্ট করিবেন,। তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ মজুরের ও তাহার পোষ্য ব্যক্তিদের কর্ম্মের ও প্রতিপালনের উপায় করিয়া দিবেন। কিম্বা যে স্থানে তাহাদিগকে রেজিষ্টরী করা গেল সেই স্থানে ফিরিয়া পাঠাইবেন ইতি।

Provisions for the health and comfort of Immigrants.

মজুরদের সুস্থ হইয়া স্বচ্ছন্দে থাকিবার বিধান।

61 Every employer of immigrants shall be bound to provide for them sufficient and proper house accommodation, water supply, and sanitary arrangements, and such food as the Chief Commissioner may from time to time direct

Sufficient house accommodation, &c, to be provided

৬১ ধারা। মজুরদের থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও তাহাদের সুস্থ থাকিবার নিয়ম, এবং প্রধান কমিশ্যনর সাহেব সময়ে২ তাহাদের আহারীয় যে দ্রব্যের আদেশ করেন, মজুরদের মুনিবের তাহাদের তাহা পাইবার বিধান করিতেই হইবে ইতি।

থাকিবার উপযুক্ত স্থান প্রভৃতি দিবার কথা।

62 Any Inspector or Assistant Inspector who is himself a Magistrate, may institute within the local limits of his jurisdiction, a local enquiry whether any employer has provided for his immigrants sufficient and proper house accommodation, water supply, sanitary arrangements, or food

Powers of Inspector as to house accommodation, &c,

৬২ ধারা। মুনিব আপনার মজুরদের থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য করিয়া দিয়াছেন ও সুস্থ থাকার কিম্বা আহারীয় দ্রব্য পাইবার উপযুক্ত বিধান করিয়াছেন কি না, ইনস্পেক্টর কিম্বা আসিষ্টাণ্ট ইনস্পেক্টর সাহেব মাজিষ্ট্রেটও হইলে আপন এলাকার অধীন কোন স্থানে উক্ত বিষয়ের তদন্ত লইতে পারিবেন।

ঘর প্রভৃতির বিষয়ে ইনস্পেক্টরের ক্ষমতার কথা।

At the instance of any Inspector or Assistant Inspector, a similar enquiry may be made by any Magistrate

কোন ইনস্পেক্টর কিম্বা আসিষ্টাণ্ট ইনস্পেক্টর সাহেবের প্রার্থনামতে কোন মাজিষ্ট্রেট সাহেবও তদন্ত লইতে পারিবেন।

Every such enquiry shall be dealt with and conducted as an enquiry by a Magistrate under the Code of Criminal Procedure

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন অনুসারে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য মোকদ্দমার ন্যায় সেই তদন্ত লইয়া কার্য্য হইবে ও সেই তদন্তের কার্য্য চালান যাইবে ইতি।

63. Any person disobeying rules passed under section eighty-seven, clause (e) shall be liable to a fine not exceeding five hundred rupees, and the convicting Magistrate may order compliance with such rules by the person bound to obey the same within a reasonable time to be fixed in the order.

Penalty for breach of rules as to house accommodation

If such person wilfully omits to comply with such order, he shall be liable to a fine not exceeding fifty rupees a day for every day that such omission continues

If such person is an agent and fails to pay the fine, such fine shall be charged on the employer's land and shall be recoverable in the manner provided by section ninety one

৬৩ ধারা। কোন ব্যক্তি ৮৭ ধারার (চ) প্রকরণের বিধি না মানিলে তাহার পাঁচশত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে, ও যে মাজিষ্ট্রেট সাহেব ঐ দোষ নির্ণয় করেন তিনি ঐ আজ্ঞাপত্রের মধ্যে উপযুক্ত সময় নির্দ্দেশ করিয়া সেই বিধিমতে যে ব্যক্তি কর্ম্ম করিতে বদ্ধ হন তাঁহাকে সেই সময়ের মধ্যে ঐ বিধিমতে কর্ম্ম করিতে আজ্ঞা দিবেন।

ঘরের বিষয়ে বিধি লঙ্ঘন করিবার দণ্ডের কথা।

ঐ ব্যক্তি ইচ্ছা করিয়া ঐ আজ্ঞামতে কর্ম্ম না করিলে যত দিন না করেন তত দিন তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

ঐ ব্যক্তি এজেণ্ট হইয়া সেই দণ্ডের টাকা না দিলে মুনিবের ভূমীর উপর সেই দণ্ডের দায় বর্ত্তিবে ও তাহা ৯১ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

64 Wherever such hospital accommodation or medical charge as required by rules made under section eighty-seven, or medicines of such quality and kind, and according to such scale as aforesaid, have not been provided, the employer or other person wilfully neglecting to provide the same shall be liable to a fine not exceeding one hundred rupees for every week during which any such default continues

Penalty for breach of rules as to hospital

৬৪ ধারা। ৮৭ ধারামতে যে বিধি করা যায় সেই বিধিমতে হাস্পাতালে থাকিবার স্থানের কি চিকিৎসা হইবার বিধান ও পুর্ব্বোক্ত হিসাবমতে যে গুণের যে প্রকারের ঔষধাদি দিতে হইবে তাহার বিধান না করা গেলে, যত সপ্তাহ ঐ ক্রটি হইতে থাকে ঐ মুনিবের কিম্বা অন্য যে ব্যক্তির স্বেচ্ছাক্রমে ঐ ক্রটি হইল সপ্তাহ প্রতি তাঁহার এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

হাস্পাতালবিষয়ক বিধি লঙ্ঘন করিবার দণ্ডের কথা।

Complaints against Immigrants

মজুরদের নামে নালিশের কথা।

65. Any immigrant who voluntarily and without reasonable cause absents himself from his employer's service, or without reasonable cause neglects or refuses to labour as required by his employer or according to the terms of his contract,

Penalty on immigrant absenting himself without sufficient cause

or neglecting to labour,

may, on conviction by a Magistrate, be sentenced to lose all claim to wages or allowances during such absence, neglect, or refusal, and also to forfeit to his employer a sum not exceeding eight annas for each day during which such absence, neglect, or refusal has continued, and in case such absence, neglect, or refusal has exceeded seven days, or in case such emigrant has been already convicted of the same offence within a period of three months, he may be further sentenced at the request of the employer to imprisonment for fourteen days.

৬৫ ধারা। কোন মজুর ইচ্ছা করিয়া ও উপযুক্ত কারণবিনা আপন মুনিবের কর্ম্মে হাজির না হইলে,

উপযুক্ত কারণ বিনা মজুর হাজির না হইলে দণ্ডের কথা।

কিম্বা মুনিব যে রূপে কর্ম্ম করিতে বলেন উপযুক্ত কারণ না থাকিতেও সেইরূপে কিম্বা আপন চুক্তিপত্রের নিয়মানুসারে কর্ম্ম করিতে তাচ্ছল্য করিলে কি করিতে না চাহিলে,

কিম্বা মুনিব যে রূপে কি কর্ম্ম করিতে শৈথিল্য করিলে।

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, যত দিন তদ্রূপে হাজির না ছিল কি কর্ম্ম করিতে শৈথিল্য করিল কি অসম্মত ছিল তাহার তত দিনের বেতন কি উপরি টাকা পাওয়ার দাওয়া থাকিবে না, ও যত দিন হাজীর না হয় কি কর্ম্ম করিতে শৈথিল্য করে কি নারাজ হয় মুনিবের নিকট তত দিনের নিমিত্ত তাহার প্রতিদিন আট আনা দণ্ড দিতে হইবে। যদি সাত দিনের অধিক হাজির না হয় কি কর্ম্ম করিতে শৈথিল্য করে কি নারাজ হয়, কিম্বা তিন মাসের মধ্যে ঐ মজুর আর একবার ঐ দোষ করিয়াছে যদি ইহার প্রমাণ হইয়া থাকে, তবে মুনিবের প্রার্থনা হইলে তাহার ঐ দণ্ড ছাড়া কঠিন পরিশ্রম সহিত চোদ্দ দিন কারাদণ্ড হইতে পারিবে।

Explanation.—Ill-treatment of such immigrant by his employer, or the neglect of the employer to fulfil any condition of the contract, may be 'reasonable cause' within the meaning of this section.

অর্থের কথা।—এই ধারার "উপযুক্ত কারণ" এই যে কথা আছে, মুনিব মজুরের প্রতি অত্যাচার করিলে কিম্বা চুক্তির কোন নিয়ম পুরণ করিতে ত্রুটি করিলে তাহাই "উপযুক্ত কারণ" বলিয়া জ্ঞান হইতে পারিবে ইতি।

66. If any immigrant deserts or attempts to desert from his employer's service, such employer or any other person acting in his behalf may, without warrant, and without the assistance of any police officer (who, nevertheless, shall be bound to give such assistance if called upon to do so), apprehend such immigrant wherever he may be found

Immigrant deserting may be apprehended without warrant

৬৬ ধারা। কোন মজুর মুনিবের কর্ম্ম ফেলিয়া পলায়ন করিলে কি পলাইতে চেষ্টা করিলে, সেই মুনিব কি তাঁহার তরফে কর্ম্মচারি অন্য ব্যক্তি পরওয়ানা না লইয়া এবং পোলীসের কোন কর্ম্মচারির সাহায্য না পাইয়াও মজুরকে যে স্থানে পাওয়া যায় সেখানে গিয়া ধরিতে পারিবেন। পোলীসের কর্ম্মচারির সাহায্য চাহিলে তাহার সাহায্য করিতেই হইবে।

পলাতক মজুরকে পরওয়ানা বিনা ধরিতে পারিবার কথা।

Provided that if he be found in the service of another employer, he shall no be arrested without as warrant

Proviso.

কিন্তু যদি সেই মজুরকে অন্য কর্ত্তার নিকটে কর্ম্ম করিতে দেখা যায়, তবে পরওয়ানা বিনা তাহাকে ধরিতে হইবে না।

উপবিধি।

The employer or other person apprehending an immigrant under this section shall, within a reasonable time after such apprehension, give him in charge at the nearest police station, and there enter the charge upon which he has been apprehended.

Further proviso.

আরো ঐ কর্ত্তা কি অন্য ব্যক্তি তাঁহাকে এই ধারামতে ধরিলে পর উপযুক্ত সময়ের মধ্যে পোলীসের নিকটবর্ত্তি থানায় গিয়া যে দোষহেতু তাহাকে ধরা গেল তাহা লেখাইয়া দিবেন ইতি।

অন্য উপবিধি।

67. Any immigrant so given in charge shall be conveyed, without delay, to the nearest Magistrate having jurisdiction

Immigrant, when made over to police, to be taken before nearest Magistrate

৬৭ ধারা। কোন মজুরকে উক্ত প্রকারে ধরিয়া দেওয়া গেলে, যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে নিকটবর্ত্তি সেই মাজিষ্ট্রেটের নিকট তাহাকে অবিলম্বে চালান করা যাইবে।

মজুরকে পোলীসে দেওয়া গেলে তাহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।

If the place from which such immigrant is charged with having deserted be within the jurisdiction of such Magistrate, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said immigrant, under custody, to the Magistrate within the local limits of whose jurisdiction such place is situate, who shall adjudicate upon such charge

মজুর যে স্থানহইতে পলাইল বলিয়া নালিশ হয়, সেই স্থান ঐ মাজিষ্ট্রেটের বিচারাধীন থাকিলে, তিনি আপনি সেই নালিশের বিচার করিবেন, নতুবা ঐ স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধীন থাকে পেয়াদার জিম্মা করিযা তাঁহার নিকটে সেই মজুরকে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট ঐ নালিশের বিচার করিবেন ইতি।

68. Every immigrant deserting from his employer's service shall be liable to imprisonment which may extent to one month

Punishment for desertion

৬৮ ধারা। কোন মজুর মুনিবের কর্ম্ম ফেলিয়া পলাইলে তাহার এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

পলাইবার দণ্ডের কথা।

Every immigrant who after having been so convicted again deserts from his employer's service shall be liable to imprisonment which may extend to two months

পলায়নের অপরাধ উক্ত প্রকারে নির্ণয় হইলে পর যদি মজুর পুনরায় সেই মুনিবের কর্ম্ম ছাড়িয়া পলায় তবে কঠিন পরিশ্রমসহিত তাহার দুই মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে।

Every immigrant who after having been twice so convicted again deserts from his employer's service, shall be liable to imprisonment which may extend to three months.

ও পলায়নের অপরাধ এই ধারামতে দুইবার নির্ণয় হইলে পর যদি আবার পলায়, তবে তাহার তিন মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[*Government Gazette, 24th August* 1875.]

Cancellation of contract by desertion.

69. Whenever any immigrant has actually suffered imprisonment amounting in the whole to six months for desertion or unlawful absence from his employer's service, the Inspector shall, if the employer so desire, cancel the assignment of such immigrant by endorsement on the immigrant's instrument, or, if that is not forthcoming, by any writing under his hand

পলায়নে প্রযুক্ত চুক্তি বাতিল করিবার কথা।

৬৯ ধারা। কোন মজুরকে মুনিবের কর্ম্ম ছাড়িয়া পলাইবার কিম্বা বেআইনী-মতে কর্ম্মে হাজির না হই-বার জন্যে সর্ব্বসুদ্ধ ছয় মাস কয়েদ করা গেলে, মুনিবের ইচ্ছা হইলে ইন-স্পেক্টর সাহেব মজুরের দলীলের পৃষ্ঠে লিখিয়া ঐ মজুরের নিরূপণপত্র বাতিল করিতে পারিবেন। কিম্বা মজুরের দলীল পাইতে না পারিলে আপনার স্বাক্ষর করা কোন লিপি দ্বারা তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

Provisions regarding desertion and unlawful absence to apply to desertion in transit.

70. All the provisions of this Act regarding the desertion or unlawful absence of immigrants shall apply to immigrants who desert while in transit to the district in which they are assigned to labour,

পলাইবার ও বেআইনী-মতে কর্ম্মে না যাইবার বিষয়ে যে বিধান আছে পথে আসিবার সময়ে পলাইলে সেই বিধান খাটিবার কথা।

৭০ ধারা। এই আইনে মজুরদের পলায়ন কি বেআইনীমতে হাজির না হওন বিষয়ের যেং বিধান আছে, মজুরেরা যে জিলায় খাটিতে নিরূপিত হইয়াছে তথায় যাইবার পথে পলায়ন করিলে তাহাদের প্রতি সেই সকল বিধান খাটিবে।

and such immigrants may be tried either in such district, or in the district in which they may be apprehended

এবং সেই জিলায়, কিম্বা যে জিলায়, মজুরেরা ধরা পড়ে সেই জিলায়, তাহাদের বিচার হইতে পারিবে ইতি।

Penalty for enticing away, harbouring, or employing immigrants under contract to another person.

71. Whoever knowingly and wilfully entices away, harbours, or employs, or attempts to entice from his employment, any immigrant before he has been lawfully released from his contract, shall be liable to a fine not exceeding five hundred rupees, and the convicting Magistrate may award to the employer of such immigrant the whole or any portion of such fine

মজুরদিগকে অন্যের কর্ম্ম হইতে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।

৭১ ধারা। মজুর আইনমতে চুক্তিহইতে মুক্ত না হইলেও, যদি কেহ জানিয়া ও ইচ্ছা করিয়া তাহাকে ফুসলাইয়া লইয়া যায় কি আশ্রয় দেয় কি কর্ম্ম দেয়, কিম্বা ফুসলাইয়া লইতে চেষ্টা করে, তবে তাহার ৫০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পা-রিবে। যে মাজিষ্ট্রেট সাহেব অপরাধ নির্ণয় করেন তিনি ঐ দণ্ডের সমুদয় টাকা কি তাহার কোন অংশ ঐ মজুরের মুনিবের পাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Portion of sentence may be cancelled if employer apply for return of immigrant.

72. The employer, or any person authorized to act for the employer, of any immigrant sentenced to imprisonment for any offence under this Act, may apply to the Magistrate, at any time before the expiry of such sentence, that such immigrant be made over to him for the purpose of completing his term of labour,

কর্ত্তা মজুর ফিরিয়া যাই-বার প্রার্থনা করিলে, দণ্ডের একাংশ রহিত হইতে পারি-বার কথা।

৭২ ধারা। এই আইনক্রমে কোন অপরাধপ্রযুক্ত মজুরের কয়েদ হইবার আজ্ঞা হইলে, তাহার মিয়াদ না ফুরাইলেও মুনিব কি তাঁহার পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকট এই প্রার্থনা করিতে পারিবেন, যে সেই মজুরের কর্ম্ম করিবার মিয়াদ পূর্ণ হইবার জন্যে তাহাকে তাঁহার হাতে ফিরিয়া দেওয়া যায়।

and the Magistrate may, if he see good cause, make over such immigrant to his employer, and in that case the Magistrate shall cancel the remainder of the sentence passed on the immigrant, and shall endorse on his instrument, or, if such instrument is not forthcoming, shall give him a memorandum of such cancellation

তাহাতে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণ জানিলে সেই মজুরকে আপন মুনিবের হাতে সমর্পণ করিয়া তাহার দণ্ডের বাকী কাল রহিত করিবেন। এবং সেই দণ্ড রহিত হইবার কথা সেই মজুরের দলীলের পৃষ্ঠে লিখিয়া দিবেন কিম্বা সেই দলীল পাওয়া যাইতে না পারিলে ঐ দণ্ড রহিত হওয়ার এক খানি লিপি দিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগষ্ট।]

73. When any immigrant has been sentenced to imprisonment for any offence under this Act, the Magistrate shall (subject to the provisions of section sixty-nine) make over such immigrant on the termination of his imprisonment to any person appointed on the part of his employer to receive charge of him,

On expiry of sentence immigrant to be made over to employer

and no conviction under this Act, or imprisonment under such conviction, shall, save as aforesaid, operate as a release to any immigrant from the terms of his contract,

Conviction not to operate as a release

The period of imprisonment shall in no case be prolonged by reason of there being no person present on the part of the employer to take charge of the immigrant at the expiry of his sentence, but such immigrant shall, in that case, be sent to the place, or principal place of business of such employer, and the expense of so sending him shall be levied from the employer in the manner provided by section ninety-one

74 The duration of every unlawful absence from labour, of which any immigrant may be convicted, and every period of imprisonment for any offence under this Act, shall, on the request of the employer, be endorsed by the convicting Magistrate on the employer's instrument,

Time of unlawful absence and of imprisonment to be included in term of immigrant

and no such period of imprisonment or unlawful absence so endorsed shall be reckoned as part of the term for which the immigrant is bound to serve, but such term shall extend to such further period as is equivalent to the aggregate amount of the imprisonment and unlawful absence so endorsed

Complaints against employers

75. If any immigrant states to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the Inspector of Immigrants of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement has been made shall within forty eight hours, send notice thereof in writing to the Inspector, and in default of so doing, such person shall be liable to a fine not exceeding one hundred rupees.

If immigrant desires to complain, employer to give notice to Inspector

[*Government Gazette, 24th August* 1875]

৭৩ ধারা। এই আইনক্রমে কোন অপরাধ করাতে মজুরের কয়েদ হইবার আজ্ঞা হইলে, তাহার দণ্ডের মিয়াদ ফুরাইলে পর মুনিব তাহাকে জিম্মায় লইবার নিমিত্তে যে ব্যক্তিকে নিযুক্ত করেন মাজিষ্ট্রেট সাহেব ৬৯ ধারার বিধান প্রবল মানিয়া সেই মজুরকে তাহার হাতে সমর্পণ করিবেন।

মিয়াদ ফুরাইলে মজুরকে কর্তার নিকট ফিরিয়া পাঠাইবার কথা।

পূর্ব্বোক্ত স্থলভিন্ন, এই আইনক্রমে অপরাধ নির্ণয় হইলে কিম্বা তৎপ্রযুক্ত কয়েদ হইলেও চুক্তির নিয়ম-হইতে মজুরের নিস্তার হইল এমত জ্ঞান করিতে হইবে না।

অপরাধ নির্ণয় হইলে চুক্তি হইতে মুক্ত না হইবার কথা।

পরন্তু দণ্ডের মিয়াদ ফুরাইলে পর যদিও মুনিবের পক্ষে মজুরকে লইয়া যাইবার জন্যে কোন ব্যক্তি উপস্থিত না থাকে, তথাপি মিয়াদ কোন ক্রমে বাড়াইয়া দিতে হইবে না। তদ্রূপ স্থলে মজুরকে ঐ মুনিবের কর্ম্ম স্থানে বা প্রধান কর্ম্ম স্থানে পাঠান যাইবে ও পাঠাইতে যে খরচ লাগে তাহা ৯১ ধারার বিধানমতে মুনিবের স্থানে আদায় করা যাইবে ইতি।

৭৪ ধারা। কোন মজুরের যত দিন বেআইনিমতে কর্ম্মে না যাওয়ার দোষ প্রমাণ হয়, এবং সে কোন অপরাধ করিয়া এই আইনমতে যত দিন কয়েদ থাকে, যে মাজিষ্ট্রেট সাহেব ঐ দণ্ডের আজ্ঞা করিলেন তিনি মুনিবের প্রার্থনামতে মুনিবের দলীলের পৃষ্ঠে, মজুর তত দিন কর্ম্মে যায় নাই কি তত দিন কয়েদ ছিল বলিয়া লিখিবেন।

বেআইনীমতে হাজির না হওয়ায় ও কয়েদ থাকার সময় মজুরী করিবার মিয়াদের মধ্যে না ধরিবার কথা।

আর ঐ দলীলের পৃষ্ঠে কয়েদ ছিল কি কর্ম্মে যায় নাই বলিয়া যত দিন লেখা থাকে মজুরের চাকরী করিতে হইবার মিয়াদের মধ্যে সেই২ দিন ধরা যাইবে না, কিন্তু দলীলের পৃষ্ঠে কারাবদ্ধ থাকার ও বেআইনীমতে কর্ম্মে হাজির না থাকার যত দিন লেখা থাকে, তাহার মজুরী করিবার মিয়াদ মোটে তত দিন বাড়িয়া যাইবে ইতি।

মুনিবের নামে নালিশের কথা।

৭৫ ধারা। কোন মজুর যদি আপন মুনিবকে কি মুনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তিকে কহে যে, আমার প্রতি আপনকার অত্যাচার হইয়াছে কিম্বা আপনি এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া মজুরদের ইনস্পেক্টর সাহেবের নিকটে নালিশ করিতে চাহি, তাহা হইলে যে ব্যক্তির নিকট সেই কথা কহা যায় তিনি আটচল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেক্টরের নিকট লিখিয়া সেই বিষয়ের নোটিস দিবেন, না দিলে তাঁহার ১০০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

মজুর নালিশ করিতে চাহিলে ইনস্পেক্টরকে মুনিবের সংবাদ দিবার কথা।

shall be recovered in manner provided by section ninety-one, and shall be paid to the complainant

80 If any employer or any person placed in authority over any immigrant by such employer, is convicted of any offence causing injury to the person or property of such immigrant and triable under the Code of Criminal Procedure by the Court of Session,

Cancellation of assignment

or if any such employer, or other person as aforesaid, is twice convicted of any such offence against such immigrant triable under the said Code by a Magistrate,

or if it be proved before a Magistrate that the wages of such immigrant are in arrear to an amount exceeding the total of such wages for three months,

or if a Magistrate on the report of the Inspector, and after due inquiry in the presence of the parties, is satisfied that any immigrant has been subjected to ill-usage by such employer or any other person placed in authority over the immigrant by such employer, or has been compelled by such employer or person to perform any labour when known to such employer or person to be unfit for it,

the Magistrate may, if he think fit on the application of the immigrant, in each of such cases cancel the assignment of such immigrant and award to him, in addition to the wages (if any) due for service performed, compensation not exceeding thirty rupees

Every such cancelment shall be certified by the Magistrate on the back of the immigrant's instrument, or if such instrument be not forthcoming, by writing under the Magistrate's hand delivered to the immigrant

The compensation may be recovered in manner provided by section ninety-one

Determination of Assignments and Contracts

81 Every immigrant assigned under this Act on completing the term of his assignment or on the avoidance of the same, may appear before the Inspector or Immigration Agent, who shall on being satisfied that the term has come to an end, make an entry to that effect on the immigrant's instrument

Immigrant who has completed his assignment may have such completion endorsed.

[*Government Gazette, 24th August 1875.*]

পাইবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে ৯১ ধারার বিধানমতে সমুদয় টাকা আদায় হইয়া বাদিকে দেওয়া যাইবে ইতি।

৮০ ধারা। যাহাতে মজুরের কিম্বা তাহার সম্পত্তির হানি হইয়াছে, কোন মুনিবের কিম্বা কোন ব্যক্তি ঐ সাহেবের স্থানে মজুরের উপর ক্ষমতা পাইয়া তাহার এমত অপরাধ প্রমাণ হইলে ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ঐ অপরাধ সেশন আদালতের বিচার্য্য হইলে,

নিরূপণপত্র বাতিল করিবার কথা।

কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ অপরাধের বিচার হইতে পারিলে, ঐ মজুরের প্রতি ঐ মুনিবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার প্রমাণ হইলে,

কিম্বা ঐ মজুরের তিন মাসের বেতন মোটে যত টাকা হয় সর্ব্বসুদ্ধ তাহার অধিক বেতন পাওনা আছে, ইহা কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা গেলে,

কিম্বা মুনিব কি তাঁহার স্থানে মজুরদের উপর ক্ষমতা পাইয়া অন্য ব্যক্তি তাহার প্রতি কুব্যবহার করিয়াছে কিম্বা মুনিব মজুরকে বিশেষ কোন কর্ম্ম করিতে অপারক জানিলেও তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইয়াছেন, মাজিষ্ট্রেট সাহেব ইনস্পেক্টরের রিপোর্টক্রমে ও উভয়পক্ষের সাক্ষাতে উপযুক্ত তদন্ত লইয়া ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে,

ঐ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে মজুরের প্রার্থনাক্রমে তাহার নিরূপণপত্র বাতিল করিতে পারিবেন, এবং কর্ম্মের নিমিত্ত যে বেতন পাওনা থাকে তাহার উপর ত্রিশ টাকার অনধিক ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

তদ্রূপে বাতিল করা গেলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের দলীলের পৃষ্ঠে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, কিম্বা সেই দলীল পাওয়া যাইতে না পারিলে মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষর করা সেই মর্ম্মের লিপি মজুরকে দেওয়া যাইবে।

ক্ষতিপূরণের টাকা ৯১ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

নিরূপণপত্রের ও চুক্তির মিয়াদ ফুরাইবার কথা।

৮১ ধারা। এই আইনমতে যে মজুরকে নিরূপণ করা যায় তাহার নিরূপিত থাকার মিয়াদ পূর্ণ হইলে কিম্বা অন্যথা করা গেলে, সেই মজুর ইনিস্পেক্টরের কিম্বা ইমিগ্রেশন এজেন্টের সম্মুখে যাইতে পারিবে, ও সেই মিয়াদ শেষ হইয়াছে উক্ত সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে, মজুরের দলীলে সেই মর্ম্মের কথা লিখিয়া দিবেন ইতি।

মজুরের নিরূপণ হওয়ার মিয়াদ পূর্ণ হইলে সেই কথা পৃষ্ঠে লেখাইয়া লইতে পারিবার কথা।

82 Any employer or agent forcibly or fraudulently detaining an immigrant after the completion or avoidance of his assignment, or wilfully failing to give notice of such completion in accordance with rules prescribed under section eighty-seven, shall be liable to fine not exceeding five hundred rupees.

Penalty for forcibly detaining immigrant after completion of assignment or for omitting to give notice of such completion

৮২ ধারা। মজুরের নিরূপিত থাকার মিয়াদ ফুরাইলে কি অন্যথা হইলেও মুনিব কি তাহার এজেণ্ট তাহাকে জোর করিয়া কি প্রতারণা করিয়া আটক করিয়া রাখিলে কিম্বা ৮৭ ধারায় যে বিধির নির্দ্দেশ হইল তদনুসারে ইচ্ছাপূর্ব্বক ঐ মিয়াদ পূর্ণ হওয়ার নোটিস্ না দিলে, সেই সাহেবের ৫০০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

নিরূপণের মিয়াদ পূর্ণ হইলেও মজুরকে জোর করিয়া রাখিবার কিম্বা মিয়াদ ফুরাইবার নোটিস না দিবার দণ্ডের কথা।

83 Any immigrant who is not assigned under this Act may redeem the unexpired term of his contract of service by paying to the Immigration Agent such sum of money as will repay the expense incurred by Government under this Act and chargeable to such immigrant after taking into account any repayment already made by him, and the certificate of the Immigration Agent shall be conclusive evidence of the sum so chargeable

Immigrant not assigned under Act may redeem unexpired term of contract

৮৩ ধারা। কোন মজুর এই আইনমতে নিরূপিত না হইলে, তাহার পক্ষে গবর্ণমেণ্টের যত টাকা খরচ হইয়াছে তাহার মধ্যে যত টাকা দিলে সেই খরচ শোধ হয় ইমিগ্রেশন এজেণ্ট সাহেবকে তত টাকা দিলে, তাহার কর্ম্ম করিবার চুক্তির যত দিন বাকী থাকে তত দিন ক্রয় হইতে পারিবে। পূর্ব্বে যদি ঐ খরচের কোন অংশ ফিরিয়া দিয়া থাকে তাহাও হিসাবে ধরা যাইবে। ও তাহার যত টাকা দেনা হয় ইমিগ্রেশন এজেণ্ট সাহেব এই বিষয়ের যে সর্টিফিকট দেন তাহাই তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

মজুর আইনমতে নিরূপিত না হইলে তাহার টাকা দিয়া চুক্তির মিয়াদের অবশিষ্টকাল হইতে মুক্ত হওয়ার কথা।

84. Any immigrant who is assigned under this Act, and who is desirous to redeem the unexpired term of his contract, may demand to be taken or allowed to go before the Inspector of Immigrants within the local limits of whose authority he may be employed

Power to redeem contract

৮৪ ধারা। এই আইনমতে যে মজুর নিরূপিত হয় তাহার চুক্তিমতে মজুর করিবার যত দিন বাকী থাকে, সে তত দিনের সমান মূল্য দিয়া চুক্তি হইতে নিস্তার পাইতে চাহিলে, যে ইনস্পেকটরের ক্ষমতার অধীন স্থানে কর্ম্ম করে তাঁহার নিকট আনান হইবার কি যাইবার অনুমতির দাওয় করিতে পারিবে।

চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।

The Inspector shall then inform him what is the price at which his contract may be redeemed,

যত টাকা দিলে তাহার চুক্তিহইতে মুক্তি পাওয়া যাইতে পারিবে ইনস্পেকটর সাহেব তাহাকে তখন জানাইবেন,

and on his depositing that price in the hands of the Inspector, the Inspector shall give notice to the employer that such immigrant requires him, within one week, to show cause why such immigrant should not redeem his contract for the sum so deposited,

এবং ইনস্পেকটর সাহেবের হাতে ঐ টাকা দিলে ইনস্পেকটর সাহেব মুনিবকে এই মর্ম্মে নোটিস দিবেন যে, মজুর উক্ত প্রকারে যত টাকা গচ্ছিত করিল তাহ লইয়া চুক্তিহইতে তাহার নিস্তার না পাইবার কোন কারণ থাকিলে, তুমি এক সপ্তাহের মধ্যে উপস্থিত হইয়া ঐ কারণ জানাও, মজুরের এই প্রার্থনা।

and if no sufficient cause be shown within that time or such enlarged time as the Inspector deems reasonable he shall require the production of the immigrant's instrument and endorse thereon a certificate of redemption, and out of the sum in deposit the employer of such immigrant shall be paid the value of the unexpired term of assignment

সেই সময়ের মধ্যে, কিম্বা ইনস্পেকটর সাহেব আর যত দিন যুক্তিসঙ্গত জানেন তত দিনের মধ্যে, উপযুক্ত কারণ না জানাইলে, ইনস্পেকটর সাহেব সেই মজুরের দলীল আনাইয়া 'সে মূল্য দিয়া মুক্তি পাইয়াছে' ঐ পত্রের পৃষ্ঠে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, ও মজুরের নিরূপিত থাকার অবশিষ্ট কালের যত মূল্য হয় ঐ গচ্ছিত টাকাহইতে তাহার মুনিবকে তত টাকা দেওয়া যাইবে।

From and after the date of such endorsement the immigrant's contract shall be deemed to have determined

ঐ পৃষ্ঠলিপির তারিখঅবধি মজুরের চুক্তি শেষ হইল এমত জ্ঞান হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৪ আগষ্ট।]

The value of the unexpired term of assignment shall be such as is provided for by the terms of the assignment or as may be fixed by any rules made under section eighty-seven, clause (*g*), and in force at the date of the assignment

Value of unexpired term of assignment

নিরূপিত থাকার বাকী সময়ের মূল্য নির্ণয় করিতে গেলে নিরূপণ পত্রের নিয়মের মধ্যে যে বিধান থাকে কিম্বা ৮৭ ধারার (জ) প্রকরণ মতে যে বিধি প্রণীত হ'য়া নিরূপণ পত্রের তারিখে প্রবল থাকে সেই বিধিমতে তাহা নির্ণয় হইবে ইতি।

নিরূপিত থাকার অবশিষ্ট সময়ের মূল্য নিরূপন করিবার কথা।

85 Every immigrant whose contract has been completed or otherwise determined, shall be entitled to receive forthwith from the Immigration Agent a certificate of release in such form as may from time to time be prescribed by the Chief Commissioner

Certificate of release from contract

৮৫ ধারা। মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কি প্রকারান্তরে শেষ করা গেলে, ইমগ্রেশন এজেন্ট সাহেবের স্থানে তাহার অগৌণে মুক্তির সর্টিফিকট পাইবার স্বত্ব থাকিবে শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব সময়েং যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ঐ সর্টিফিকট সেই পাঠে লেখা যাইবে ইতি।

চুক্তি হইতে মুক্তি পাইবার সর্টিফিকটের কথা।

PART V

SUBSIDIARY RULES

পঞ্চম অধ্যায়।

পরিশিষ্ট বিধি।

86. The Local Government of every port of embarkation under this Act may from time to time make rules consistent with this Act to regulate the following matters —

Power of Local Government of port of embarkation

৮৬ ধারা। এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দর যে গবর্ণমেণ্টের অধীন থাকে, সেই গবর্ণমেণ্ট সময়েং এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন—

নৌকাদিতে উঠিবার বন্দরে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

(*a*) the fees payable under section fourteen,

(ক) ১৪ ধারামতে যত ফী দিতে হইবে তাহার বিধি।

(*b*) the form of notice of the arrival of emigrants at depôts,

(খ) আডডায় মজুরদের পঁহুছিবার নোটিস যে পাঠে লিখিতে হইবে তাহার বিধি।

(*c*) the management and regulation of depôts,

(গ) আডডার অধ্যক্ষতাপ্রভৃতি কার্য্য যে বিধানমতে করা যাইবে তাহার বিধি।

(*d*) the medical care of emigrants during their residence at the depôts and during transport,

(ঘ) মজুরদের আডডায় থাকনকালে ও নৌকাদিতে যাইবার সময়ে তাহাদের চিকিৎসা হইবার বিধি।

(*e*) the clothing to be supplied to emigrants during transport,

(ঙ) পথে যাইবার সময়ে মজুরদের পরিবার যে বস্ত্রাদি দিতে হইবে তাহার বিধি।

(*f*) the mode of applying for licenses under section thirty-seven,

(চ) ৩৭ ধারামতে লাইসেন্স পাইবার যেরূপ প্রার্থনা করিতে হইবে তাহার বিধি।

(*g*) the survey of emigrant vessels,

(ছ) মজুরেরা যে নৌকাদিতে যায় তাহার অবস্থার যেরূপে অনুসন্ধান করিতে হইবে তাহার বিধি।

(*h*) the procedure on embarkation,

(জ) নৌকাদিতে উঠিবার সময়ে যাহা করিতে হইবে তাহার বিধি।

(*i*) the space to be provided for emigrants on board ships sailing from ports of embarkation under this Act,

(ঝ) এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দরহইতে যাইবার সময়ে নৌকাদিতে মজুরদের থাকিবার যত স্থান নিরূপণ করিতে হইবে তাহার বিধি।

(*j*) the provisions, fuel and water to be laden on board such vessels, and the daily allowance to be issued to each immigrant,

(ঞ) সেই নৌকাদিতে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানি কাষ্ঠ প্রভৃতি ও যত জল দিতে হইবে ও প্রত্যেক জন মজুর প্রতিদিন যত করিয়া পাইবে তাহার বিধি।

(*k*) the medical officers, medicines and medical requirements to be on board such vessels,

(ট) ঐ নৌকাদিতে যত জন ডাক্তর ও যেং ঔষধ ও চিকিৎসা সংক্রান্ত যেং উপকরণ থাকিবে তাহার বিধি।

(*l*) the ventilation and cleanliness of vessels during the journey, the control of officers, cooks and other servants, and generally the accommodation of immigrants.

(ঠ) পথে যাইবার সময়ে নৌকাদিতে বাতাস খেলিবার ও নৌকাদি পরিষ্কার রাখিবার ও কর্ম্মকারকের ও পাচকদের ও অন্য চাকরদের উপর কর্তৃত্ব রাখিবার ও সাধারণ্যে মজুরদের স্বচ্ছন্দে থাকার যেং বিধি করিতে হইবে তাহাও করিবেন ইতি।

87 The Chief Commissioner may, from time to time, make rules consistent with this Act to regulate the following matters —

Power of Chief Commissioner

৮৭ ধারা। প্রধান কমিশ্যনর সাহেব সময়েং এই আইনসঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধান করিতে পারেন।

প্রধান কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

(a) the transport of immigrants from ports of debarkation under this Act to the places of their respective employments, their medical inspection during such transport, their detainer at any place on the way on account of sickness, and the accommodation, support and medical treatment of immigrants so detained,

(ক) মজুরেরা এই আইনমতে কোন বন্দরে পঁহুছিয়া নৌকাদিহইতে নামিয়া গেলে পর কর্ম্ম স্থানে তাহাদিগকে চালান করিবার, ও যানে সময়ে তাহাদের চিকিৎসা হইবার, ও পথে যাইতেং পীড়া হইলে তাহাদিগকে আটক করিয়া রাখিবার, ও আটক থাকন সময়ে তাহাদের স্বচ্ছন্দে থাকার ও ভরণপোষণের ও চিকিৎসা করাইবার বিধি।

(b) the diet, clothing, medical attendance and management of immigrants in transit,

(খ) মজুরদের কর্ম্মস্থানে যাইবার সময়ে তাহাদের আহার ও বস্ত্রাদির ও চিকিৎসা করাইবার ও তাহাদের উপর অধ্যক্ষতা করিবার বিধি।

(c) the hospital accommodation, medicine and medical attendance to be provided by employers for their immigrants at the place of employment,

(গ) মজুরেরা কর্ম্মস্থানে পঁহুছিলে মুনিবদের দ্বারা তাঁহাদের হাসপতালে থাকিবার স্থান ও ঔষধ পাইবার ও চিকিৎসা করাইবার যেং বিধান করা যাইবে তাহার বিধি।

(d) the periodical inspection of immigrants the books to be kept by Inspectors of Immigrants, and the returns to be made by employers of immigrants,

(ঘ) মজুরদিগকে সময়েং দেখিবার ও মজুরদের ইনস্পেক্টর সাহেবদের যেং বহী রাখিতে হইবে ও মজুরদের মুনিবদের যেং রিটর্ণ দিতে হইবে তাহার বিধি।

(e) the house accommodation, water-supply, sanitary arrangements, and supply of suitable food to be provided by employers for their immigrants,

(চ) মজুরদের থাকিবার নিমিত্ত মুনিবদের যে ঘরাদি করাইয়া দিতে হইবে ও জল যোগাইবার ও তাহাদের সুস্থ থাকিবার ও উপযুক্ত আহারাদি যোগাইবার যে বিধান করিতে হইবে তাহার বিধি।

(f) the notice to be given and forms to be observed on the termination of assignments of immigrants,

(ছ) মজুরদের নিরূপিত থাকার মিয়াদ ফুরাইলে যে নোটিস দেওয়া যাইবে ও যেং কাপ কার্য্য করিতে হইবে তাহার বিধি।

(g) the terms on which contracts and assignments of service may be redeemed,

(জ) যে নিয়মমতে মূল্য দিয়া কর্ম্ম করিবার চুক্তি ও নিরূপণপত্র হইতে মুক্তি পাওয়া যাইতে পারে তাহার বিধি।

(h) the hospital accommodation and medical care of labourers, and the nature, quality, and quantity of medical drugs and other stores to be provided for them,

(ঝ) হাস্পাতালে মজুরদের থাকিবার স্থানের ও তাহাদের চিকিৎসা হইবার বিধি ও ঔষধ প্রভৃতি যেং দ্রব্য যোগাইয়া দিতে হইবে তাহা যে প্রকারের ও তাহার যেং গুণ ও যত পরিমাণ হইবে তাহার বিধি।

(i) and generally to provide for the security, well-being, and protection of immigrants

(ঞ) ও সাধারণে মজুরদের নিরাপদে থাকার ও তাহাদের মঙ্গলের ও সুরক্ষার বিধান করণার্থ বিধি ইতি।

88 All rules made under sections eighty-six and eighty-seven shall be published —

Publication of rules

৮৮ ধারা। ৮৬ ও ৮৭ ধারামতে যে সকল বিধি করা যায় তাহা প্রকাশ করা যাইবে।

বিধি প্রকাশ করিবার কথা।

in the case of rules made under section eighty-six, in the local official *Gazette*,

in the case of rules made under section eighty-seven in the *British Burmah Gazette*,

and shall thereupon have the force of law

৮৬ ধারামত বিধি স্থানীয় গবর্ণমেণ্ট গেজেটে,

৮৭ ধারামত বিধি ব্রিটিশ বর্ম্মা গেজেটে,

প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৫। ২৪ আগষ্ট।]

Penalty for breach of rules

Whoever wilfully contravenes any of the said rules, for the breach whereof no penalty is hereinbefore specially provided, may for every such offence be punished with fine which may extend to one thousand rupees, and in default of payment, with imprisonment for a term which may extend to six months

বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

ইহার পূর্ব্বে কোন ধারায় পূর্ব্বোক্ত যেই বিধি লঙ্ঘনের কোন বিশেষ দণ্ড নির্দ্ধারিত হয় নাই, কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক সেইং বিধি লঙ্ঘন করিলে, প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক হাজার টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও সেই দণ্ডের টাকা না দিলে তাহার ছয় মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

PART VI

MISCELLANEOUS

Renewal of lost instrument

89 If any employer's instrument or any immigrant's instrument be lost or destroyed, the Immigration Agent shall, on application of the employer or immigrant (as the case may be), and on payment of such fee as the Chief Commissioner may fix in this behalf, send the applicant a copy of the instrument so lost or destroyed, and for the purposes of this Act, every copy so delivered shall be deemed to be the original

ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

দলীল হারাইলে তাহা নূতন করিয়া দিবার কথা।

৮৯ ধারা। কোন মুনিবের কিম্বা বর্ম্মাদেশগত কোন মজুরের দলীল হারাইলে কি নষ্ট হইলে, ঐ মুনিব কিম্বা বিষয়বিশেষে ঐ মজুর প্রার্থনা করিলে ও প্রধান কমিশ্যনর সাহেব এতৎ কার্য্যপক্ষে যত ফী নিরূপণ করেন তাহা দিলে, ইমিগ্রেশন এজেণ্ট প্রার্থকের নিকট সেই হারাণ কি নষ্ট করা দলীলের নকল পাঠাইবেন। তদ্রূপ যে নকল দেওয়া যায় তাহা এই আইনের কার্য্যপক্ষে আসল দলীল বলিয়া জ্ঞান হইবে ইতি।

Copies made under Act to be deemed evidence of contract

90 All copies made under this Act shall be evidence of the contracts to which they respectively relate

আইনমতে যে নকল করা যায় তাহা চুক্তির প্রমাণ বলিয়া জ্ঞান হইবার কথা।

৯০ ধারা। এই আইনমতে যে সকল নকল করা যায়, তাহা যে চুক্তি সম্পর্কীয় হয় সেই চুক্তির প্রমাণ হইবে ইতি।

Recovery of balances due from employers under terms of assignment

91 All balances due from any employer of immigrants under the terms of the assignments made to him under this Act, may be levied by the Deputy Commissioner either by distress and sale of any moveable property belonging to such employer, or as if they were land-revenue due on account of the estate on which the immigrants assigned to such employer are placed

নিরূপণপত্রের নিয়মানুসারে মুনিবের স্থানে যে বাকী পাওনা হয় তাহা আদায় করিবার কথা।

৯১ ধারা। এই আইনমতে কোন মুনিবের পক্ষে যে নিরূপণপত্র করা যায়, তাহার নিয়মানুসারে মুনিবের স্থানে মজুরদের কোন টাকা পাওনা থাকিলে, ডেপুটী কমিশ্যনর সেই মুনিবের কোন অস্থাবর দ্রব্য ক্রোক ও নিলাম করিয়া তাহা আদায় করিতে পারিবেন, কিম্বা ঐ মুনিবের পক্ষে নিরূপিত মজুরেরা যে মহালে নিযুক্ত থাকে সেই মহালের বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে পারিবে।

If the full amount is not recovered by the means aforesaid, the Chief Commissioner may declare the assignment of immigrants to such employer to be void so far as regards all or any of the ntsuh isucagrimmigr aour the an labmdts, whose assignment is so vacated shall be again at the disposal of the Chief Commissioner according to section thirty-five

পূর্ব্বোক্ত উপায় দ্বারা যদি সমুদয় টাকা আদায় হইতে না পারে, তবে প্রধান কমিশ্যনর সাহেব সেই সকল কি তন্মধ্য কোনং মজুরদের বিষয়ে ঐ মুনিবের পক্ষে মজুরদের সেই নিরূপণ পত্র অসিদ্ধ বলিয়া প্রকাশ করিতে পারিবেন। ও তদ্রূপে যে মজুরদের নিরূপণ অসিদ্ধ করা গেল সেই মজুরেরা পুনরায় ৩৫ ধারামতে প্রধান কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন হইবে ইতি।

Construction of former contracts

92 All contracts for service in British Burma under the Chief Commissioner which have heretofore been entered into shall be construed as if, after the words "Secretary of

পূর্ব্ব চুক্তির অর্থ করণের কথা।

৯২ ধারা। ব্রিটনীয় বর্ম্মাদেশে কর্ম্ম করিবার যে সকল চুক্তিপত্র ইতি পূর্ব্বে প্রধান কমিশ্যনর সাহেবের অধীনে করা গিয়া থাকে, তাহার অর্থ করিতে গেলে, তন্মধ্যে "ভারতবর্ষের পক্ষে শ্রীযুত

State for India," the words "in Council" were inserted

ষ্টেট সেক্রেটরী সাহেব" এই কথার পরিবর্ত্তে "ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব" এই কথা থাকার ন্যায় ঐ চুক্তিপত্রের অর্থ করিতে হইবে ইতি।

SCHEDULE A.

(*See section* 10)

RECRUITER'S LICENSE

Office of the Emigration Agent of British Burma at

A B is hereby licensed under the British Burma Labour Law, 1875, to act as a recruiter in the district of for the purpose of inducing and engaging persons to proceed to British Burma for the purpose of labouring for hire

This license will be in force for one year only from this date

Dated the day of

(Sd) *C D*,
Emigration Agent

A তফসীল।

(১০ ধারা দেখ।)

মজুর সংগ্রাহকের লাইসেন্স।

বিটনীয় বর্ম্মাদেশের অমুক স্থানের এমিগ্রেশন এজেন্টের অফিস।

ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করণ বিষয়ক ১৮৭৫ সালের আইনমতে শ্রীঅমুককে এই লাইসেন্স দেওয়া গেল। ইহার বলে উক্ত শ্রীঅমুক অমুক জিলায় মজুরী পাইয়া খাটিবার জন্যে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইতে লোকদিগকে প্রবৃত্তি দিয়া তাহাদের সঙ্গে করার করিতে পারিবে।

এই লাইসেন্স অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সান তাং

শ্রীঅমুক,
এমিগ্রেশন এজেন্ট।

SCHEDULE B

(*See section* 14)

CERTIFICATE OF MEDICAL OFFICER AS TO HEALTH OF INTENDING EMIGRANT

I hereby certify that I have this day examined *A B*, and that he is, to the best of my belief and judgement, in a fit state of health, and able, in point of physical condition, to proceed to British Burma [and to work there] *

(Sd) *C D*,
[Here add designation of examining officer]

* These words to be omitted in case of women and children not engaging for labour

B তফসীল।

(১৪ ধারা দেখ।)

যাহারা মজুরী করিতে যাইবে তাহাদের স্বাস্থ্য বিষয়ে ডাক্তর সাহেবের সর্টিফিকট।

আমি অদ্য অমুককে দেখিয়াছি ও তাহার শরীর সুস্থ বলিষ্ঠ বিবেচনায় সে আমার বিশ্বাস ও বিবেচনামতে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার (ও তথায় খাটিবার)* উপযুক্ত, ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

শ্রী অমুক।
[যে ডাক্তর সাহেব দেখিলেন তাহার পদবি প্রভৃতি এই স্থলে লিখিত হইবে।]

* স্ত্রী লোক ও বালকবালিকা মজুরী করিবার করার না করিয়া কেবল মজুরের সঙ্গে গেলে তাহাদের বিষয়ে এই ( ) চিহ্নের মধ্য সকল কথা ত্যাগ করিতে হইবে।

WHITLEY STOKES,
Secy to the Govt of India

উইটলি ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 15th July 1875, and was referred to a Select Committee with instructions to make their report thereon in six weeks

No 5 of 1875

THE INDIAN TELEGRAPH BILL, 1875

CONTENTS

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৫ সালের জুলাই মাসের ১৫ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল তাঁহাদের প্রতি ছয় সপ্তাহের মধ্যে রিপোর্ট করিতে আদেশ হইয়াছে।

১৮৭৫ সালের ৫ নম্বর।

ভারতবর্ষীয় টেলিগ্রাফবিষয়ক ১৮৭৫ সালের আইনের পাণ্ডুলিপি।

নির্ঘণ্ট পত্র।

SECTION

11 For using or working such Telegraphs

12 For opposing establishment, &c, of Telegraphs on Railway lands

13 For intruding into signal room &c

14 For injuring Telegraphs
For preventing the sending, &c, of messages

15 Power to employ additional police in places where mischief to Telegraphs is repeatedly committed

16 Penalty for omitting to transmit or deliver messages

For intercepting or divulging messages

17 For offering bribes to Telegraph Officers

18 For misconduct

19 For sending messages without payment to Government

20 For sending fabricated messages

21 For retaining messages, &c, delivered by mistake

ধারা।

১১। ঐ টেলিগ্রাফ লইয়া কার্য্য করিবার কি চালাইবার দণ্ডের কথা।

১২। রেলওয়ের জমীতে টেলিগ্রাফ স্থাপন করিতে বাধা দিবার দণ্ডের কথা।

১৩। সিগনেলের গৃহাদিতে ঢুকিয়া যাইবার কথা।

১৪। টেলিগ্রাফের অপকার করিবার দণ্ডের কথা।
বার্ত্তা প্রেরণাদির বাধা দিবার কথা।

১৫। টেলিগ্রাফের হানি বারম্বার করা গেলে পোলীসের অধিক আমলাকে নিযুক্ত করিবার কথা।

১৬। বার্ত্তা প্রেরণ না করিবার কি পঁহুছাইয়া না দিবার দণ্ডের কথা।

আটক রাখিবার কি অন্যকে জানাইবার দণ্ডের কথা।

১৭। টেলিগ্রাফ আফিসরদিগকে ঘুষ দিতে চাহিবার দণ্ডের কথা।

১৮। কদাচারের দণ্ডের কথা।

১৯। গবর্ণমেণ্টকে খরচ না দিয়া বার্ত্তা প্রেরণ করিবার দণ্ডের কথা।

২০। কল্পিত, বার্ত্তা পাঠাইবর দণ্ডের কথা।

২১। বার্ত্তাতি ভুলক্রমে পঁহুছাইয়া দেওয়া গেলে তাহা রাখিবার দণ্ডের কথা।

A Bill to amend the law relating to Telegraphs in India

Preamble

Whereas it is expedient to amend the law relating to Telegraphs in India, It is hereby enacted as follows —

I —Preliminary

Short title

1 This Act may be called "The Indian Telegraph Act, 1875"

Local extent

It extends to the whole of British India, and so far as regards subjects of Her Majesty, to the dominions of Princes and States in India in alliance with Her Majesty,

Commencement

And it shall come into force at once

Act VIII of 1860 repealed

2 Act No VIII of 1860 *(for regulating the establishment and management of Electric Telegraphs in India)* is hereby repealed

ভারতবর্ষের টেলিগ্রাফ বিষয়ক আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ভারতবর্ষের টেলিগ্রাফ বিষয়ক আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম।—পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন ভারতবর্ষের টেলিগ্রাফবিষয়ক ১৮৭৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে, এবং শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাদের পক্ষে শ্রীশ্রীমতীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজগণের দেশে ও রাজ্যাধিকারে প্রচলিত হইবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

এবং অগৌণেই প্রচলিত হইবে ইতি।

১৮৬০ সালের ৮ আইন রহিত হইবার কথা।

২ ধারা। ভারতবর্ষে ইলেকট্রিক টেলিগ্রাফ করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধান বিষয়ক ১৮৬০ সালের ৮ আইন এতৎক্রমে রহিত করা গেল।

Saving of existing licenses and rules

But all licenses granted, declarations made, and rules framed under the said Act or under Act No XXXIV of 1854, and now in force, shall be deemed to have been respectively granted, made and framed under this Act

Interpretation clause

3 In this Act—

'Telegraph'

"Telegraph" means an Electric or Magnetic Telegraph

Telegraph Officer

"Telegraph Officer" means any person employed either permanently or temporarily* in connection with a Telegraph established or maintained and worked by the Government, or by a Company or person licensed under this Act, and

"Message'

"Message" means any communication sent by Telegraph, or given to a Telegraph Officer to be sent by Telegraph or to be delivered

II—Privileges and Powers of Government

Exclusive privilege of establishing Telegraphs

4 Within British India, the Governor-General in Council shall have the exclusive privilege of establishing lines of Telegraph

Proviso as to licenses

Provided that the Governor-General in Council may grant a license to any person or Company to establish or to maintain a line of Telegraph within any part of British India, which license shall be revocable on the breach of any of the conditions therein contained

Power to take possession of Telegraphs established by license

5 On the occurrence of any public emergency (as to which an order signed by a Secretary to the Government of India shall be conclusive evidence), the Governor-General in Council may take temporary possession of any line of Telegraph established or maintained by any Company or person licensed under this Act

যে লাইসেন্স ও বিধি চলিত আছে তাহা প্রবল রাখিবার কথা।

কিন্তু উক্ত আইনমতে, কিম্বা ১৮৫৪ সালের ৩৪ আইনমতে যে সকল লাইসেন্স দেওয়া গেল, ও যে সকল নির্দ্দেশ বাক্য প্রচার, ও যে সকল বিধি প্রণয়ন হইয়া অদ্যাপি প্রবল আছে তাহা এই আইনমতে দেওয়া গেল ও প্রচার ও প্রণয়ন হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

অর্থ কারণের ধারা।

৩ ধারা। এই আইনে,

টেলিগ্রাফ।

টেলিগ্রাফ শব্দে ইলেকট্রিক কি মাগনেটিক টেলিগ্রাফ জানিতে হইবে।

টেলিগ্রাফ আফিসর।

গবর্ণমেন্ট কর্ত্তৃক কিম্বা এই আইনমতে লাইসেন্স পাইয়া কোন কোম্পানি কি কোন ব্যক্তিকর্ত্তৃক যে "টেলিগ্রাফ স্থাপিত হয় কি যাহার ব্যয় পোষণ হইয়া কার্য্য চালান গিয়া থাকে, সেই টেলিগ্রাফের কর্ম্মে যে ব্যক্তি স্থায়িরূপে বা কিয়ৎকালের নিমিত্ত নিযুক্ত হন "টেলিগ্রাফ আফিসর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

বার্ত্তা।

টেলিগ্রাফ দ্বারা যে কথা জ্ঞাত করা যায়, কিম্বা টেলিগ্রাফ আফিসরকে টেলিগ্রাফ দ্বারা চালান করিবার কি পঁহুছাইবার জন্যে যে কথা দেওয়া যায়, "বার্ত্তা" শব্দে সেই কথা জানিতে হইবে ইতি।

২।—গবর্ণমেণ্টের অধিকারের ও ক্ষমতার কথা।

টেলিগ্রাফ স্থাপন করিবার একাধিকারের কথা।

৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে টেলিগ্রাফের তার স্থাপন করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের একাধিকার থাকিবে।

লাইসেন্সবিষয়ক উপবিধি।

কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে কোন ব্যক্তিকে কি কোম্পানিকে টেলিগ্রাফের তার বসাইতে কি তদ্দ্বারা কার্য্য চালাইতে লাইসেন্স দিতে পারিবেন। সেই লাইসেন্সের কোন নিয়ম ভঙ্গ হইলে, তাহা বাতিল করা যাইতে পারিবে ইতি।

লাইসেন্সদ্বারা যে টেলিগ্রাফ স্থাপন হয় তাহার অধিকার করিবার ক্ষমতার কথা।

